রাস্তাঘাটের অনেক উন্নতি হয়েছে প্রায় সর্বপ্ত নতুন নতুন ভাল ভাল বড় রাস্তা স্থি হয়েছ সেজন্য মাননীয় প্তমন্ত্রীকে ধনাবাদ জানাইতেছি। জাতির জনক মহাত্মা গান্ধী বিকেন্দ্রীকরণ ধারার সমাজ সংগঠন ও শাসনপ্রণালী করার পক্ষপাতী ছিলেন। এই আদর্শে গ্রাম পঞ্চায়তের প্রক্রহতৈ চলিয়াছে কিন্দ্র বিপরীত দিকে দেখা ফাইতেছে কোন কোন বিষয় কেন্দ্রীকরণ কন হইতেছে। দেশ স্বাধীন হইলে ও জনপ্রতিনিধিম্লক স্বায়ন্ত্রশাসনম্লক প্রতিষ্ঠানগ্রিক প্রয়োজন আছে। তাহার মাধ্যমে দেশ সেবার অনেক স্থোগ আছে ইহার স্থির সিন্ধান্ত হওযার আশ্র প্রয়োজন।

আমার মনে হয় এইসব প্রতিষ্ঠানগর্বল যথা জেলা বোর্ড পৌর সভা জেলা স্কুল বোর্ড. পণ্ডায়তদের আরও শন্তিশালী করে তাহাদের মাধ্যমে কিছ্ব কিছ্ব জাতির উন্নয়নম্লক কার্য করা যাইতে পারে। জল সরবরাহ দাতব্য চিকিৎসা কেন্দ্র, রাস্তাঘাট স্যানিটেশান ইত্যাদি হইতে পারে।

কলিকাতা পৌরসভা বাদে অন্যান্য স্বায়ন্তশাসন্যান্ত্ৰ প্রতিষ্ঠানদের দেওয়ার জন্য বাজেটে ৮২,৮৪,০০০ লক্ষ ধরা আছে। ইহা ছাড়া আর টাকা দিলে উহারা কার্যকরী করে অগ্রসব হইতে পারে। বাস্তৃত্যাগী ভাই ও বোনরা দেশ বিভাগের ফলে অনেককে পৌর এলাকায় বা গ্রামে অগুলে আশ্রয় নিয়াছেন উহাদের পানীয় জল, পয়প্রণালী ও রাস্তাঘাট বানান মেরামত করায় জন্য কেন্দ্রীয় সরকারের প্নবাসন দশ্তর হইতে আরও টাকা দেওয়া উচিত। তবেই এইসব য়োগ রক্ষা করা ঘাইতে পারে। ভারত বিভাগের ফলে আমাদের বাস্তৃত্যাগী ভাইবোন এদেশে এসেছেন দ্রত পানুবাসন ব্যবস্থা সরকার গ্রহণ করিতেছেন ইহা সূত্রের।

জলপাইগর্ন্ড ওরার্ক-কাম-প্রভাকসান সেণ্টার খোলার জনা বহু বায়ে বিলিডং হয়েছে কিন্ত্র আজ পর্যন্ত কাজ চালার কোন বন্দোবসত করা হয় নাই। অনতিবিলম্বে বাবস্থা করা সমীচিন। জাতির মের্দণ্ড সন্তার উপর নির্ভার করে। উহার প্রতি স্তরে প্রতিষ্ঠিত করিতে হইলে অর্থনৈতিক মূল্য আগের সমতা রক্ষা করিতে হইবে। সেই জন্য আমি মনে করি রিলিফ খারে টাকা ধরা আছে উহার শ্বারা যুম্ধকালীন মূল্য মানে সাবসিডাইজড রেটএ প্রদেশের সর্বহ চীফ রেশান তার মাধ্যমে নিত্য প্রয়োজনীয় খাদ্যসামগ্রী প্রত্যেক অধিবাসীকে বিলিবন্টন বাবস্থ করা উচিত। তবেই প্রত্যেক অধিবাসীকৈ সং ও সাধ্ভাবে জীবন্যাপন করিতে উপদেশ দিক্তি করি ইইবে। দেশে করাপশন সম্পূর্ণরূপে বন্ধ হইবে। আজ এমন দিনের সম্ম্থীক্ষিকের উপর ভিত্তি না হইলে বালির বাধের মতন সমস্ত ধর্মিয়া পড়িবে।

[12-10-12-20 p.m.]

শিক্ষিত বেকার সম্প্রদায়দের আপাততঃ যে শিক্ষকতার কার্যে নিয়্ত্ত করা হইয়াছে ইহাতে বিশেষ উপকার হইয়াছে। শিক্ষার প্রসার ভালই পরিলাক্ষিত হইতেছে। নৈতিক চরিত্র গঠনের প্রতি লক্ষ্য রাখা বিশেষ প্রয়োজন।

সেকেন্ডারী এডুকেশন ইনস্টিটিউসানএ সরকারের নির্ধারিত হারে কি শিক্ষকদের মাহিনা বা মাশ্বিভাতা ইত্যাদি দেওয়া হয় তবে ছাত্র বেতন আদায় কাজে যে ঘাটতি হইবে তাহা প্রেণ না করিলে এইসব শিক্ষা প্রতিষ্ঠান স্কার্র্রপে রাখা কঠিন। এ ক্ষেত্রে আরও বলিব যাহাতে গ্রামের ন্যায় পৌর এলাকায় বাধ্যতামূলক অবৈতনিক শিক্ষা প্রবর্তন সরকারের পক্ষ অনতিবিলন্দে করেন উভয় বিষয়টি আমি মাননীয় শিক্ষামল্টীকে ভালভাবে বিবেচনা করিতে অনুরোধ করি। সুখের বিষয় প্রাথমিক স্কুলের শিক্ষকদের প্রভিডেন্ট ফান্ড তাহাদের ছেলেদের ফ্রি টিউসান ফি দেওয়ার ব্যবস্থা সরকার করিয়াছেন, আরও আনন্দের বিষয় পরে, লিয়ার যে অংশ পশ্চিমবঙ্গে অন্তর্ভুক্ত হইয়াছে তথাকার শিক্ষকদের বেতনের হার পশ্চিমবংগের সমপর্যায় আনা হইবে। এস্টেট এ্যাকুইজিসান্এর জন্য ক্যপেনসেস্যান খাতে ১০৫০ লক্ষ বরান্দ আছে ১৯৫৯-৬০ সনের বাজেটে কিন্তু এ বিষয় মাননীয় রাজস্বসন্ত্রীকে অনুরোধ করি তিনি যেন জামদার ও জোতদার-গণকে ক্রমে এই ক্ষতিপারণ না নিয়ে এখনই একযোগে মোট ক্ষতিপারণ সাবাস্ত করিয়া এই টাকা যে ক' বংসর কিদিততে দেওয়ার সরকার মনে করেন এইরূপ কিদিততে দিবার নিয়মে একযোগে সমস্ত টাকার ডিবেণ্ডার ইস্করিয়া দেন তবে ক্ষতিপ্রণ প্রাণ্ডকারিগণ এই টাকার সাহায্যে নতুন নতুন ইন্ডাম্ট্রির সম্প্রসারণ করিতে পারেন। নচেৎ ক্রমে ক্রমে কিম্তিতে টাকা পাইলে र्फर्निमन मश्मारतत कार्क थाकिरल करल উराता ও বেकातम्प्रमात मम्पूर्यीन रहेरव ना व विषय বিবেচনা করার জন্য রাজস্বমন্ত্রীকে অনুরোধ করি। উত্তরবঙ্গে বন্যায় অনেক ক্ষতি করিয়াছে সে বিষয় দ্রতে বাঁধ ইত্যাদির কাজের জন্য চেণ্টা চলিতেছে সেজন্য ধন্যবাদ জানাচ্ছি।

Sj. Nrisingha Prosad Sarkar:

মাননীয় সভাপতি মহাশয়, মৃখ্যমন্ত্রী মহাশয় যে বাজেট আমাদের সামনে উপস্থিত করেছেন, সেটা আমার মতে, আমাদের দেশের যে চিত্র যে অবস্থায় আছে, আমাদের দেশ যেভাবে এগিয়ে যাচ্ছে, ঠিক সেইভাবেই তা দেওয়া হয়েছে এবং এইজন্য আমি তাকে সমর্থন করছি। এর পরিপ্রেক্ষিতে আমি কিছু বলতে চাই। আমার বিরোধী পক্ষে যাঁরা আছেন তাঁরা এই সম্বন্ধে যেসমস্ত বিবৃতি দিয়েছেন সে সম্বন্ধেও কিছু বলা প্রয়োজন। কিন্তু দৃঃথের বিষয় বিরোধী পক্ষের বেণ্ড দেখে মনে হয় যে তাঁরা ওয়াকআউট করেছেন।

Sj. Sasanka Sekhar Sanyal:

বিরোধী পক্ষ নয়, ট্রেজারী বেণ্ডই ওয়াক আউট করে চলে গিয়েছে।

Sj. Nrisingha Prosad Sarkar:

দেখে আমার মনে হচ্ছে যে যাঁরা ইন্ডিপেন্ডেন্ট মেন্বার তাঁরাই আছেন, আর যাঁরা দলগতভাবে বিরোধীপক্ষে আছেন তাঁরা চলে গিয়েছেন। কাজেই আমি এই সন্বন্ধে মোটাম্মটি দ্ব'একটি কথা তাঁদের বলতে চাই। একটা কথা আমার বিরোধীপক্ষের বন্ধ্ব দেনহাংশ্ব আচার্য মহাশয় বলেছেন যে চাল নাকি আমাদের এখান থেকে চলে যাচ্ছে, পাওয়া যাচ্ছে না। এটা ঠিক কিন্তৃ হঠাৎ কেমন করে চাল কোথায় গেল সেটা যদি অনুসন্ধান করেন তাহলে দেখবেন যে তা ঠিকই আছে। এই কলিকাতায় বসে আমরা দেখছি যে চাল বাড়িতে বাড়িতে বিক্রি হচ্ছে। স্বতরাং চাল যে চলে গিয়েছে এটা ঠিক নয়। এটা কেবল দলগত ইণ্ডিগতে সরে আছে। কাজেই আমার কথা হচ্ছে যে আপনারা যদি সরকারের মূল্য নিয়ন্তনের সহযোগিতা করার জন্য কিছ্বদিন বেশি দামে চাল না কেনেন তাহলে বাড়িতে বাড়িতে চাল বিক্রি না হয়ে আবার সব দোকানে চাল আসবে এবং সেখান থেকে ন্যায্যম্লো চাল বিক্রি হবে। আর একটা কথা বলেছেন যে প্রোডাকসান দিন দিন

ক্ষে যাচ্ছে কেন, এ যদি অন্সন্ধান করেন তাহলে দেখতে পাবেন—একটা বড় কারণ হচ্ছে স্টাইক। টাটাতে যে স্টাইক হল তাতে প্রোডাকসান কত ক্ষে গিয়েছে! আমাদের এখানে দিনের

পর দিন মিছিল প্রাইক এইসব হচ্ছে বিরোধী পক্ষের দ্বারা, এরকম যদি চলে প্রোডাকসান কি করে বাডবে? শুধু তাই নয় এখানে এমন অবস্থার স্থিত করেছেন যে মিল চালান দুক্কর। জুটু মিল খানিকটা বন্ধ হয়ে গেছে, বাংলায় যেসমুহত শিল্পায়তন ছিল, তাদের মালিকরা অন্য জায়গায় সেসব নেবেন কিনা ভাবছেন, এই অবস্থায় বাংলায় প্রোডাকসান বাডাতো দরের কথা একেবারে বন্ধ হয়ে যাবার সম্ভাবনা আছে। এখানে ক্রিটিসিজম হয় যে বড় বড় লোক নিয়ে আমরা চলছি কিন্তু আমি কাগজে দেখেছি যে এখান থেকে সবচেয়ে বড় লোক বিড়লাকে নিয়ে যাওয়া হচ্ছে কেরলে। আর একটা কথা বলেছেন যে জুট ও মেস্তা প্রোডাকসান বেড়েছে—সভা কথা কিল্ড তারা দাম ঠিক পাচ্ছে না। ধর্মগোলায় যে জায়গা হয়েছে তাতে গভর্নমেন্ট যদি কিনে নেন কিংবা কো-অপারেটিভ বেসিস্ত সেসমুহতগুলি যদি কিনে নিতে পারেন তাহলে এরক্ম একটা স্কীম করা যেতে পারে যে মালটা স্টোর হাউসে থাকবে এবং তখন ৭৫ পারসেন্ট দাম দিতে হবে পরে বিক্রী হলে পুন দাম দিতে হবে, আমার মনে হয় এই সকল কৃষকরা যে দাম পাচ্ছে না সেটা তারা পেতে পারে। আর একটা কথা উনি বলেছেন যে বাজেট এফিটমেট এবং রিভাইজড এস্টিমেটে তফাং হচ্ছে কেন? হঠাং দেশে অজন্মা হবে তার দর্গে জি আর. টি আব ওয়ার্ক করা হবে এরকম পরিকল্পনা ছিল না। এসব পরিকল্পনার জন্য জি আর টি আর দেওয়ার জন্য এই খরচ হয়েছে। সেল্স্ টাক্স সেন্ট পারসেন্ট ইনক্রিজ হয়েছে একথা ঠিক তবে কাগজ এবং বইয়ের উপর টাাক্স ধরা হয়েছে বলেই যে তা হয়েছে তা নয়। কারণ হচ্ছে যেভাবে বরাবর টাাক্স ফাঁকি দেয় সেটা দিতে পাচ্ছে না. টাাক্স ফাঁকি দিয়ে জিনিস বিক্রী করা আর সম্ভব হচ্ছে না। আমার মনে হয় এই সেন্ট পারসেন্ট ইনক্রীজটা আরও বেশি হবে যদি কর্তপক্ষ ভিজিলেন্ট হন। আর একটা কথা সমর্থন করছি। সেন্টার ট্যাক্স আদায়ের ৩০ পারসেন্ট এবং ১০ পারসেন্ট আমাদের দেয়। আমাদের অনেক সময় মনে হয় বাংলাদেশে বাস করাটাই বর্রিঝ দর্ভাগ্য--সেন্টাব থেকে যেটা পাবার সেটা পাই না। এই হাউসে শ্বর্নোছ এবং দেখছি বাংলাদেশের জমি অনা রাজাকে দিয়ে দেওয়া হচ্ছে, সেখানে বাংলার মুখামন্তীকেও জিজ্ঞাসা পর্যন্ত করা হয় না. এটা অবশাই এ রাজ্যের দূর্ভাগা। আর একটা কথা বর্লাছ। ট্রান্সপোর্টএ লাভ কিছুটা কম আছে. আগে যারা চালাতেন তাদের তো লাভ হতে। তবে এখন লোকসান হবার কারণ হচ্ছে এই যে আন্তমণ্লয়েডদের এমণ্লয়মেন্ট দেবার জনাই এটা হয়েছে। বেশী লোককে যদি এমণ্লয়মেন্ট দেওয়া যায় তাহলে খরচ কিছু বেশি হবে এবং তার জন্য লোকসান কিছু হবে এটা অস্বাভাবিক

[12-20-12-33 p.m.]

আর একটা কথা হচ্ছে যে দিপনিং মিল প্রানিং করা হচ্ছে। সেকেন্ড ফাইভ ইয়ার প্রানে যে যে উন্নতিম্লক কাজ করা হবে, মুখ্যমন্ত্রী বলেছেন তার প্রানং করা হয় নি। কাজেই প্রানিং করা হচ্ছে একথা ঠিক নয়। দিপনিং মিল যা করা উচিত ছিল সে পরিকল্পনা কেটে দেওয়া হসনি। আমি কল্যাণীর কথায় বলতে চাই যে সেখানে মিল হওয়ার কথা ছিল, সেটা সম্পূর্ণ হয়ে উঠছে না, কারণ, ফরেন ক্যাপিটাল কমে গেছে। সেজন্য বাহির থেকে যেসব জিনিস আনতে হয় তা যতক্ষণ না পাব ততক্ষণ তা চাল্ব করতে পারব না। এটা কেটে দেওয়া হচ্ছে বলে মনে হয় না।

আর একটি কথা—বিরোধীপক্ষেব মনীন্দুরাব; প্রাইনারী এড্কেশন সম্বন্ধে বলতে গিলে বলেছেন ৭০ হাজার শিক্ষকের মধ্যে ১০ হাজার শিক্ষকের অবস্থা এই যে তাঁদের কোন রকম সিকিউরিটি অব সার্ভিস নেই। কিন্তু গ্রামে থানিকটা চলাফেরা করার দর্শ আমরা দেখেছি যাঁরা শিক্ষক আছেন, প্রাইমারী শিক্ষক—তাদের কাছে শিক্ষটা গোণ হয়ে গেছে, তাঁরা শিক্ষকতা বাদ দিয়ে থানিকটা পলিটিক্স করছেন, এবং শুধু তাই না. পলিটিক্স করা ছাড়াও আজকাল ইউনিয়ন বোর্ডে এসে চুকছেন, যেটা আমাদের মতে উচিত নয়, শিক্ষকদের কোন রকম রাজনৈতিক আন্দোলনে যোগ দেওয়া উচিত নয়। ঐ সমদত কাজে সমদত সময় বায়িত করার জন্য তাদের এইরকম অবস্থা হয়েছে যে শিক্ষাদানটা গোণ কাজ বলে মনে করছেন। কাজে কাজেই এই যে ১০ হাজার শিক্ষক এদের সিকিউরিটি অব সার্ভিস থাকত তাহলে শিক্ষার যে অবস্থা হয়েছে তা হওয়া সম্ভব হত না। তাই আমার কথা হছে একটা স্কিনিং কমিটি হওয়া দরকার যাতে যে শিক্ষক ঠিকমত পড়ান না তাঁদের যেন বাদ দেওয়া হয়।

সঙ্গে সংশ্যে আমরা দেখি যে সরকারী কর্মচারীরাই সবচেয়ে বেশি আমাদের দেশে সরকারের নিন্দা করেন। সরকারের নিন্দাবাদ এবং সরকার যাতে ভালভাবে স্নাম অর্জন করতে না পারে তারজন্য তাঁরা চেন্টা করেন। অথচ তাঁরা সরকারী কর্মচারী, এবং তাঁরা মাহিনা বৃদ্ধির দাবি করেন। অবশ্য মাহিনা কম আছে। অনেক সময় দেখেছি ইন্ডিয়া গভর্নমেন্ট সার্ভেন্ট ওয়েন্ট রুগল গভর্নমেন্ট সার্ভেন্ট হয়ত তাঁরা একই শহরে আছেন, একই জায়গায় কাজ করেন, একই লাজ, কিন্তু তাঁদের বেতনের তারতম্য আছে। এ তারতম্য থাকা ঠিক নয়। এতে খানিকটা মসন্তোবের সৃন্টি হয়। তাহলেও কিন্তু জামরা জানি তাঁরা দিনের পর দিন কিরকম কোরে লাতীয় সরকার তাদের স্নুন্ম অক্ষ্মের না রাখতে পারে তার চেন্টা নানা রক্মভাবে করেন। সেখানে আমার সাজেসসান যে একটা ক্রীনিং কমিটি কেরে—এই জাতীয় যেসব গভর্নমেন্ট কর্মচারী আছেন তাঁদের ওথান থেকে সারিয়ে দেওয়া দরকার তাঁরা এমনিতেই ত কাজ করেন না। আজকাল দেখি যে ডিপার্টমেন্টে পাঁচজন লোক ছিল সেখানে ২৫ জন লোক হয়েছে, তব্ন কাজ আরও দেখিতে হয় বা হয় না।

একটা জিনিস বিরোধী পক্ষের আবদ্ধল হালিম সাহেব বলেছেন যে ডেভেলপমেন্ট ডিপার্ট-মেন্টে যে খরচ হয় তা ঠিকভাবে হচ্ছে না। এটা খানিকটা সত্য যে ঠিকভাবে হয় না। কিন্তু বাব জনা যে টাকা খরচ হয় না তা নয়। প্রথমে একটা জিনিস দেখতে হবে যে যেসব অফিসার সেখানে যান—রক ডেভেলপমেন্ট অফিসার—তাঁদের আজকাল সার্কল অফিসারের গ্রেড হয়েছে, তাঁবা সেখানে থাকতে চান না, তাদের একটা জীপ দেওয়া হয়েছে, তাঁবা কোট-প্যান্ট পরে এমনভাবে ঘ্রের বেড়ান যে সাধারণ লোক তাদের সঙ্গে মিশতে পারেন না। আমার মনে হয় কোট-পান্ট বাদ দিয়ে সাধারণ লোক যেরকমভাবে থাকে সেইরকমভাবে লোকের কাছে গেলে দেশের কোন জায়গায় দঃখকণ্ট আছে তা ঠিকমত বুঝতে পারবে। যদিও অনেক কমিটি হয়েছে তাদের ভিতরে কিন্তু সব সময় সহযোগিতা না থাকার দর্ণ তাঁরা ঠিকভাবে কাজ করতে পারেন না। তাঁরা হয়ত অফিসেলদের সঙ্গে অফিসিয়ালী মনোভাব পেয়ে যান কিন্তু সাধারণ থেকে একট্ব পৃথক হয়ে পড়েন।

অপর একটা জিনিস মনে হচ্ছে আমাদের যে ভিন্ন ভিন্ন পৌর প্রতিষ্ঠান আছে যার সংখ্যা প্রায় ৮৫টা হবে তাদের আর্থিক অবস্থা এমন যে, তাদের চলা সম্ভব নয় এবং নতন টপ স্কেল যা করা হয়েছে তা যদি ঐ সকল মিউিনিসিপ্যালিটি দিতে চান তাহলে সেটা তাদের ক্ষমতার বাহিরে হয়ে পড়ে। তাদের যা ট্যাক্স আদায় হয় তাতে তাদের নতুন হারে বেতন দেওয়া অসম্ভব। সেইজনা মাঝে মাঝে সনুপারভিসান করেন সেই রকম না করে যেমন ডিস্ট্রিক্ট বোর্ড কোন কাজ না থাকায় সেগ্লিল নিয়ে নিচ্ছেন তেমনি ঐ পৌর প্রতিষ্ঠানগর্নলর অর্থসঙ্কটের জন্য সরকারকে নিত্র হবে।

প্রাইমারী এডুকেশন সম্বর্ণের অনেকে অনেক কথা বিরোধীপক্ষ বলেছে কিন্তু আমি অনুভব করি যে, ছেলেরা যেথানে শিক্ষা করে সেখানে তাদের খেলার মাঠ নাই। প্রায় স্কুলে খেলার মাঠ নাই এবং সেইজন্য ফিজিক্যাল কালচার ভালভাবে হয় না এবং তার একমাত্র কারণ খেলার মাঠ নাই। আমাদের দেশে অনেক জমি আছে কিন্তু আমরা দেখেছি যে, ছেলেদের খেলার মাঠ না থাকায় তাদের ফিজিক্যাল কালচর হয় না এবং গর্ চরাবার মাঠ না থাকায় যে সকল ফসল হয় তা গর্ত থেয়ে ফেলে এবং তা নিয়ে অনেক গণ্ডগোল এবং ক্রিমনাল কেস প্র্যুন্ত হয়।

আর একটা জিনিস বর্লাছ যাঁরা দন্ডকারণো যাব না বলেন এবং সেখানে পাঠানোর বিরোধী
তাঁদের স্মরণ করিয়ে দিচ্ছি যে আমাদের দেশে যা জমি আছে তা মাথাপিছ, ভাগ করে দিলে
বাধ হয় এক কাঠা করে পড়বে। কাজেই সেটা কোনরকমে ইকর্নামক হোলিঙং নয় তার উপর
সে জমি উর্বরও নয় সেগ্নলি রিক্লেম করা হলেও সেখানে জল এসে নন্ট হতে পারে। একথা
অনেকেরই জানা অন্তঃ।

আব একটা জিনিস আছে আমাদের মৃত্যহার কমে গেছে অথচ আমাদের বংশবৃদ্ধি হচ্ছে বরং বৈশিভাবেই হচ্ছে এইভাবে চললে ভবিষাং বংশধরদের দাঁডাবার জায়গা থাকবে কিনা সন্দেহ। এই সব কথা বিবেচনা করে আমাদের মনে হচ্ছে যে যাঁরা দম্ভকারণা নিয়ে হৈ হৈ করছেন তাঁরা গ্লান করেই দেশের সর্বনাশ করছেন। তাঁরা ভবিষাতে দেশে দাঁড়াবার জায়গা থাকবে না তার

বাবস্থা করছেন। তাঁদের সিকিউরিটি এাাক্টএ ধরা হয় না কেন তা ব্রুবতে পারি না। কাঞ্রে মনে হয় এ'রা কল্যাণম্লক কাজ না করে অকল্যাণম্লক কাজ করছেন। হয়ত তারা অপ্রে প্ররোচনায় এই কাজ করছেন, তাহলেও দেশের কল্যাণের প্রতি লক্ষ্য না রেখে যাঁরা এই ধরনের কাঞ্চ করছেন তাঁদের সিকিউরিটি এাাক্টএ ধরা উচিত।

আমাদের মন্থামন্ত্রী বলেছেন যে হেলথ পার ক্যাপিটা এক্সপেন্ডিচার আমাদের বাংলাদেক অন্যান্য প্রদেশের চেয়ে অনেক বেশি। আমাদের জেলায় উদ্বাস্ত্র আসার ফলে অবস্থা শোচনার হয়েছে। পার ক্যাপিটা এক্সপেন্ডিচার অনেক বেশি হলেও অবিলন্ত্রে নদিয়া জেলার সদ্ হাসপাতালের উন্নতি করা দরকার। অবশ্য তার প্রচেণ্টা হচ্ছে কিন্তু আরও তাড়াতাড়ি কর্ত্ত কন্য আমি অন্বরোধ করছি। কাজেই এই বাজেটে যে ছবি আমাদের সামনে ধরা হয়েছে সেই প্রকৃত ছবি। স্তরাং আমি বর্তমান বাজেটকে সম্থান করছি।

Adjournment.

The Council was then adjourned at 12-33 p.m. till 9-30 a.m. on 18th February, 1959, at the Legislative Building, Calcutta.

Members absent

Bandopadhyay, Sj. Upendra,
Banerjee, Dr. Sambhu Nath,
Banerjee, Sj. Tara Sankar,
Basu, Sj. Gurugobinda,
Bhuwalka, Sj. Ram Kumar,
Bose, Sj. Aurobindo,
Chakravarti, Sj. Tripurari,
Hazra, Sj. Gajendra,
Mohammad Jan. Janab Shaikh,
Prasad, Sj. R. S,
Saraogi, Sj. Pannalal,
Sarkar, Sj. Pranabeswar.

COUNCIL DEBATES

Wednesday, the 18th February, 1959.

THE COUNCIL met in the Legislative Chamber of the Legislative Buildngs, Calcutta, on Wednesday, the 18th February, 1959, at 9-30 a.m. being he Ninth day of the Seventeenth Session, under the Constitution of India.

Mr. Chairman (the Hon'ble Dr. Suniti Kumar Chatteji) was in the hair.

9-30-9-40 a.m.]

Ruling on the point of order raised by Sj. Nirmal Chandra Bhattacharyya

Mr. Chairman: A point of order was raised yesterday by Sj. Nirmal Chandra Bhattacharvya that the Budget had not been presented in the form in which it is required to be presented under the Constitution. He also contended that the three funds viz., the Consolidated Fund, the Contingency Fund and the Public Accounts Fund had been mixed up and that money from one fund had been illegally transferred to another. He further contended that no rules have been framed by the Governor under Article 283 authorising the transfer of money standing in the Public Account to any other account. Although it may appear at first sight from the summary given in the Explanatory Memorandum (the Red Book) as if money from other fund and Accounts has been mingled with the money of the Consolidated Fund, an examination of the Annual Estimates as presented to the House in the Blue Book shows that there is no substance in the contention of Si. Bhattacharyya. The receipts and expenditure (Revenue as well as Capital) in the Consolidated Fund and the Public Account have been scharately shown. There can be no receipt to the Contingency Fund (which is fixed at Rs. 5 (five) crores by an Act of this Legislature) and there can be no estimated expenditure out of this Fund. This Fund can be utilised for any unforeseen expenditure not provided for in the Annual Estimates, and if that is done the Fund is recouped by a Supplementary Estimate. In fact, an actual expenditure of Rs. 23,000 in the year 1957-58 out of this Fund has been shown at page 11 of the Blue Book. The Constitution requires that the Budget shall contain the estimated receipts and expenditure showing separately the voted and charged expenditure and that revenue expenditure shall be distinguished from other expenditure. It is also provided that the voted expenditure shall be submitted in the form of demands The Budget as presented to this House fully conforms to the requirements of the Constitution. Although in adding up the total receipts and expenditure, the money standing to the credit of the Public Account has been taken into account in the Explanatory Memorandum, the details given separately for the Consolidated Fund and the Public Account give a clear picture of the actual state of facts and no one can be misled. As regards Si. Bhattacharvya's contention that there are no rules for the custody of and withdrawal of money from the Public Accounts framed under Article 283(2), the Chief Minister pointed out that the financial rules framed under the Government of India Act, 1935, were adapted to suit the constitutional requirements in 1952. Therefore, there is no substance in this contention of Si Bhattacharyya. I hold, therefore, that the presentation of the Budget is quite in order.

Beldanga Sugar Mill

8]. Sasanka Sekhar Sanyal: Mr. Chairman, Sir, I crave your indulgence for mentioning a matter of serious public importance. You know. Sir. that luring the pre-independence days there was a very big sugar mill at Belinga that became idle and ever since independence various attempts were

made for putting it back to order. And ever since Si. Nagendra Kumar Bhattacharyva became a member of this House, he made strenuous efforts for getting the matter under the Co-operative Department—he is a highlight of the co-operative world, he moved a lot in the matter. And I am informed that the Hon'ble Co-operative Minister, who is the Chief Minister himself had interviews with various representatives and steps were being taken for organising a local co-operative association for taking over the matter and even we had the assurance that some legislation, if needed, would be under taken. But very recently. I have come to know that the U. P. Government are negotiating a deal with the owners and proprietors of the said Mill and it is now in the hands of the Receiver of the High Court. And while the Government of West Bengal are sleeping over the matter, the mill's machineries and appliances are about to be nurchased by the U. P. Govern ment and the U.P. people. I hope my friend the Hon'ble Commerc Minister will enlighten us with regard to the actual situation and will take us into confidence, if it is needed, as to how we can help the Government in resisting this smuggling out of the Mill to the other State and for having it rehabilitated in our State.

- 8]. Nagendra Kumar Bhattacharyya: Mr. Chairman. Sir. as I at intimately connected with the co-operative society which has been form with a view to reorganise.....
- Mr. Chairman: Mr. Bhattacharvya, the points that you have in mind have they been expressed by Mr. Sanval for the benefit of the House?
- 8]. Nagendra Kumar Bhattacharvya: Sir, I will give some more infor mation before the House. Sir, as has been said by Mr. Sanval. I raise this question on the floor of this House and in reply the Hon'ble Bhupat Maiumdar said that a private party was negotiating with the Government of India for a loan and the matter stood there. Then, Sir, we, the local neonle of Murshidabad, tried to devise ways and means with a view to keep the machineries there. Then, under the guidance of the Co-operative Directorate of the State of West Bengal we formed a co-operative society for the purpose of reorganising the Beldanga Sugar Mill with the District Magistrate as our Chairman. Sir. about a month and a half or two months ago. Shri N. N. Chatteriee, I.A.S., Joint Secretary, Co-operative Depart ment and Shri A. K. Dutta, I.A.S., Registrar of Co-operative Societies went to Berhampore, called a meeting of the Directors of the co-operation society and then they urged upon the members to raise a share capital the extent of Rs. 10 lakhs. Sir. attempts are being made to that end by as I am here from the 2nd instant, I cannot say what progress has been tood in the matter of collection of the share capital. Be that as it may, Si there is one hindrance to this, viz., that in the bve-law which has been fremed for the society it is stated that a person who is not a grower of conwill have no voice in the matter of management of the society. As a matter of fact, he will have no vote whatsoever. This is a hindrance and I have talks with some gentlemen there who also expressed this fact. Be that? it may, the information that the machineries are going to be removed from Beldanga to U. P. has really distressed us and I would therefore urge upon the Government to take such measures as would ensure that the machineric are not taken away.

[9-40-9-50 a.m.]

There is one matter to which I must draw the attention of the House. Who we are proceeding with the work of the re-organization, a letter was sent to us, the members of the society, through the Co-operative Directorate from the Government of India that the establishment of the mill there will passed be conducive to the interests of the people inasmuch as canes would not be

available there being another sugar mill at Ramnagar which is about 15/20 miles from Beldanga. Then the District Magistrate with the help of the Agriculture Department submitted a report saying that it is not a contingency which would hinder the progress of the Beldanga sugar mill. So, Sir, we are going into the hands of somebody. Some unknown hand is working from behind the members of the House so that the matter is being developed under different direction and attempts are being made to take away the matchineries to U. P. Sir, on behalf of the Co-operative Society we have made an offer of 21 lakhs for the purchase of the machineries together with the buildings and lands attached thereto and attempts are being made to collect the share money. But what I would urge upon the Government is that the Government should come forward with financial assistance.

- Mr. Chairman: That is a different matter. You should bring the matter to the notice of the House.
- Sj. Nagendra Kumar Bhattacharyya: Supposing we cannot raise share capital to the tune of rupees ten lakhs, that should not stand in the way of the sugar mill at Beldanga. Our earnest prayer to the Government is that the Government should come forward with financial assistance so that the machineries may not be removed from Beldanga.
- The Hon'ble Bhupati Majumdar: My statement would be very brief. So far as is known to this department, Beldanga sugar mill is in the hands of the liquidator and because they have advertised for sale of machineries and got some purchasers from U.P., they will not stay their hands. So it is up to our friends here who have taken interest so much as to say that Beldanga machineries should not be removed to other States to be up and doing. We cannot help because the liquidator knows that we cannot stay the sale. So some ways and means, if possible, are to be found. But the Government cannot do anything here.
- Sj. Nirmal Chandra Bhattacharyya: It is not possible for the Co-operative Society.
 - Mr. Chairman: We cannot have a discussion on this matter.
- Sj. Nirmal Chandra Bhattacharyya: Just for clarification. Supposing it is not possible on the part of the Co-operative Society to collect the requisite fund, will the Government come forward with financial assistance or secondly, if it is not possible at all on the part of the Government to co-operate with the Co-operative Society, will they start it as a State industry?
- The Hon'ble Bhupati Majumdar: I do not think that another State undertaking is possible because we have already given a loan of 10 lakhs to the sugar mill at Ahmedpur and stood security for 15 lakhs more. Unless that venture is successful and starts production, it is not possible for the Government to start another mill. Everybody will be happy if you can stay hands of the liquidator.
- Mr. Chairman: You may mention that in the course of your Budget speech. I granted Mr. Bhattacharyya an occasion to speak on this matter, to supplement what Mr. Sanyal has stated. But other members going and joining would make it a regular debate which is not permissible according to the rules of the House. We have got the statement from the Minister concerned and I would request Mr. Bhattacharyya not to speak which is not in accordance with the rules of the House.

- 8j. Snehangsu Kanta Acharya: Sir, under the present rules certain things are not permitted. I am only asking when our rules will be framed. I am told that the other House—West Bengal Legislative Assembly—has almost completed the framing of the new rules. Unless rules are framed we cannot carry on our legislative business properly.
- Mr. Chairman: The Rules Committee are sitting. A few days ago we had a sitting. We have come to certain conclusions and as soon as the rules are completed they will be placed before the House.
- 8j. Nirmal Chandra Bhattacharyya: On a point of order, Sir. A question was put by Mr. Sanyal and a reply has been given by Mr. Bhupati Majumder. Now, could not we ask for clarification of the statement made by the Minister within the existing rules?

Ceneral Discussion of the Budget

[9-50-10 a.m.]

শ্রীযুত সত্যপ্রিয় রায়ঃ—

মিস্টার চেয়ারম্যান, স্যার, এই বাজেট আলোচনা করতে গিয়ে শিক্ষক এবং শিক্ষান,রাগা ব্যক্তি হিসাবে আমি গভীর নৈরাশ্য প্রকাশ করতে বাধ্য হাচ্ছ। অবশ্য গত বছরের বাজেট থেকে এ বছরের বাজেটে এক কোটি টাকা বেশি বরান্দ করা হয়েছে শিক্ষা খাতে। এই এক কোট টাকার মধ্যে আমরা দেখতে পাচ্ছি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া গিয়েছে ৮০ লক্ষ্ণ টাকা এবং কিশলয়, বিজ্ঞান ও ভূগোল সম্বন্ধে প্ৰুস্তক বিক্ৰয় করে অতিরিক্ত লাভ হয়েছে ৭ লক্ষ টাকা, এই ৮৭ লক্ষ টাকা অতিরিক্ত লাভ হওয়া সত্ত্বেও, এক কোটি টাকা বাড়ানর অর্থ হচ্ছে যে শুধ্ ১৩ লক্ষ টাকা এই বাজেটে বাড়ন হয়েছে। আমার বন্ধুরা কেউ কেউ বলেছেন যে আমাদের রাজস্ব আয়ের শতকরা ২০ ভাগ টাকা শিক্ষা খাতে বরান্দ করা হয়েছে কিন্তু এটা যে কতবড় বিদ্রান্তকারী তথা, তা বোধ হয় সকলে বিবেচনা করে দেখেছেন। যদি না করে থাকেন তাহলে তাঁদের দূর্ণ্টি এ দিকে আকর্ষণ করছি। এর মধ্যে তিন কোটি টাকার উপর কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এসেছে। তার ফলে আমাদের মোট ১০ কোটি টাকা রাজন্ব থেকে খরচ করা হয়েছে এবং সেটা রাজ্য রাজস্বের শতকরা মাত্র ১৪ ভাগ। বহু দিন আগে এই রাজ্য রাজস্বের ২০ ভাগ টাকা খরচ করবার জন্য সম্পারিশ করেছিলেন এবং কেন্দ্রীয় সরকারের রাজস্বের শতকরা ১০ ভাগ খরচ করবার জন্য স্বুপারিশ করে ছিলেন। কিন্তু র্যাদ কেন্দ্রীয় রাজস্ব থেকে আমাদের রাজস্ব আলাদা করে দেখি তাহলে দেখতে পাবো পশ্চিম বাংলার রাজ্যব থেকে মাত্র স্বাধীনতা প্রাণিতর আজ এগার বংসর পরেও শতকরা ১৪ ভাগ টাকা শিক্ষা খাতে খরচ করা হচ্চে।

মাননীয় রাজ্যপাল মহোদয়ার ভাষণের উত্তরে যে সমসত বিতর্ক হয়েছিল, সেই সম্পর্কে আমাদের শিক্ষা মন্ত্রী মহাশয় যে মন্তব্য করেছেন তাতে তাঁর আত্মসন্তুল্টির ভাব দেখতে পাছি। তিনি বলেছেন যে শিক্ষা ব্যবস্থায় "স্ট্রুপেন্ডাস" এই বিশেষণটা "প্রগ্রেস"-এর সংগে যোগ করে দিতে। অর্থাৎ তিনি বলতে চেয়েছেন আমাদের পশ্চিম বাংলায় শিক্ষা খ্র প্রসার লাভ করেছে। তাঁর কথার সমর্থনে তিনি কতকগর্বল পরিসংখ্যান এই বিধ'ন পরিষদে দিয়েছেন। এই পরিসংখ্যানে অর্ধ সত, এবং অসতোর এত বেশি প্রাচ্ছুর্য রয়েছে যে আমি দ্বৃঃখিত; শিক্ষামন্ত্রী মহাশয় নিজে অথবা তাঁর উপদেন্টারা তাঁকে সত্য তথ্য সরবরাহ করতে পারেন নি। প্রথমত প্রাথমিক শিক্ষার কথা বলতে গিয়ে সেই শিক্ষামন্ত্রী মহাশয় বলেছিলেন এই ১০-১১ বংসরে আমাদের প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১০,৯৫০ থেকে বেড়ে ২৫,৪৫৬ এসে পেণিচেছে। তিনি আরো বলেছেন এই সময় ছাত্রছাত্রীর সংখ্যা প্রাথমিক বিদ্যালয়ে এই ১১ বংসরে ১০,৪৪,১১১-র থেকে বেড়ে ২৩,৭৫,৩৫১ হয়েছে এবং প্রাথমিক শিক্ষার থরচের কথা বলেছেন ১,১৫,৬৮,০০০ টাকার জায়গায় ১১ বংসরে ৬,১২,৪৬,৬৫২ টাকায় এসে দাঁড়িয়েছে। তারপর উপসংহারে বলেছেন ১৯৫৫-৫৬ সালে প্রাথমিক ছাত্রছাত্রীর শতকরা হার পশ্চমবঙ্গে ভারতবর্ষের মধ্যে ছিল সর্বাধিক। আমরা দেখতে পাছিছ যে ১১ বংসরে ছাত্রছাত্রীর সংখ্যা প্রাথমিক বিদ্যালয়ে বেড়েছে ১৩ লক্ষ। কিন্তু আমাদের বর্তগানে ছাত্রছাত্রীর সংখ্যা মন্ত্রী মহাশয়ের পরিসংখ্যানের হিসাবে ২৩ লক্ষ।

্বশ্চ ৬ থেকে ১১ বংসরের ছাত্রছাত্রীর সংখ্যা এই বংসর আমাদের পশ্চিমবংগা ৩৫ লক্ষ। এই
াও লক্ষের মধ্যে ১২ লক্ষ এখনও প্রাথমিক বিদ্যালয়ে স্থানলাভ করতে পারে নি। এবং এই
াঠ বংসর যে শিক্ষার অগ্রগতি হয়েছে তার গড় হিসাব করলে দেখা যাবে যে প্রতি বংসর ১ লক্ষ্ব
ছাত্রসংখ্যা গড়ে বাড়ছে। তাই যদি হয় তাহলে এই যে ১২ লক্ষ্ব ছাত্র আজ প্রাথমিক বিদ্যালয়ে
ব্যান পাচ্ছে না, তাদের জন্য যদি প্রার্থমিক বিদ্যালয়ে স্থান করতে হয়, যদি এর অগ্রগতিকে দ্রতে
ব্যায় রেখে চলেন তাহলে আরো ১২ বংসর লাগবে। তাহলে ১৯৬৫ সালে, যে কথা শিক্ষামন্ত্রী
মহাশয় অহংকার করে বলেছিলেন যে ৬ থেকে ১১ বংসরের সকলেরই প্রার্থমিক বিদ্যালয়ে স্থান
করে দিতে পারবেন, এটা সম্ভব হবে না। এই গতি বজায় রাখলে ১২ লক্ষ্ব ছাত্রছাত্রীর জন্য
১৯৭১ সালে শতকরা ১০০ জন ছেলেমেয়ের প্রার্থমিক বিদ্যালয়ে লেখাপড়ার বাবস্থা তাঁরা করলেও
করতে পারেন। মন্ত্রী মহাশয়ের এই অসত্য পরিসংখ্যানের প্রতি আমি দ্বিট আকর্ষণ করছি।
তিনি বলেছেন পশ্চিমবংগ ১৯৫৫-৫৬ সালে প্রার্থমিক ছাত্রছাত্রীর শতকরা হার যা দেওয়া
হয়েছিল তার প্রতি আমি মন্ত্রী মহাশয়ের দ্বিট আকর্ষণ করেছিলাম। আমাদের পশ্চিমবংগ
থেকে কেন্দ্রীয় সরকারকে যে পরিসংখ্যান পাঠান হয়েছিল সেটা ভূল। সেটায় দেখান হয়েছিল যে
শতকরা ৪৭-১ ভাগ ছাত্রছাত্রী ৬ থেকে ১১ বংসরের প্রার্থমিক বিদ্যালয়ে পশ্চিমবংগ নাকি
পড়ছে।

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরীঃ—

ুএটা আমরা পাঠাই নি; ইন্ডিয়া গভর্নমেন্ট ক্ষেছে। গ্রীযুত সত্যপ্রিয় রায়ঃ—

নিতান্ত দ্বংথের কথা যে শিক্ষামন্ত্রী মহাশয় এটা জানেন না; তিনি পরিষ্কার বলেছিলেন যে আমরা প্রত্যেক স্টেট থেকে এই তথ্য সংগ্রহ করে.....

দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধ্রীঃ—

আমরা সংখ্যা পাঠিয়েছিলাম, পার্সেল্টেজ নয়। পার্সেল্টেজ ইন্ডিয়া গভর্নমেন্ট কর্ষেছিলেন। এখ্যত সত্যপ্রিয় রায়ঃ—

যাইহোক এটা যে ভূল এটা মন্ত্রী মহাশয় স্বীকার করেছেন। দি অনারেবল রায় হরেন্দ্রনাথ চৌধুরীঃ—

আমি তা বলি নি, আমি বলেছি এটা এই ৮৭·১ এ ফিগার আমাদের নয় এটা ইন্ডিয়া গভর্নমেন্টএর, তারা কি ইনফর্মেশনের উপর বেসিস করে তা করেছেন আমরা জানি, দরকার হয় পরে বলবো।

<u> এবি সত্যির রায়ঃ—</u>

বিধান পরিষদের রেকর্ড দেখলে দেখতে পাওয়া যাবে মাননীয় মন্দ্রী মহাশয় যে মন্তব্য করেছেন তাতে শতকরা ৬৮ হবে ৮৭ নয়। রাজ্যপাল মহোদয়ার ভাষণে বিতর্কের উত্তরে তিনি বলেছেন প্রার্থান ছাবছ।ব্রী পশ্চিমবঙ্গে সবচেয়ে বেশি। সেটা যে কতথানি অসত্য তার প্রতি ক্তিউ আকর্ষণ করিছ। মন্দ্রী মহাশয় যা বলেছেন তার প্রতি অন্ততঃ দ্ভিউ আকর্ষণ করার সেসোভাগ, আমার হয়েছে। বোন্বেতে ইতিমধ্যে শতকরা ৮৭টি ছেলেমেয়ে ৬ থেকে ১১ বছর পর্যন্ত শিক্ষালাভ করছে। ১৯৫৫-৫৬ সালে বোন্বের সংখ্যা শতকরা হার সবচেয়ে বেশি সম্তরাং শিক্ষামন্দ্রী মহাশয় যে কতবড় অসত্য উত্তি করেছেন তা বলবার নয়।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: May I submit, Sir, one thing. He is quoting from some report wherein the percentages of Bombay and West Bengal are given. How can I say that they are true unless I know what the report is?

Sj. Satya Priya Roy:

আর্পান কি এখন বলতে পারেন?

Mr. Chairman: Mr. Rai Chaudhuri, this sort of argument on some important point across the floor does not help matters. Let Mr. Roy say what he has to say and then when you will reply you can contradict his statements which may be wrong. I think that is better. And I say also that when the Hon'ble Minister gives his reply and explanation, there should be no interruptions from the other side also.

8j. Satya Priya Roy: Let us hope so, Sir, of course, if some plausible explanation is given by the Minister.

কাজেই প্রাথমিক শিক্ষা সম্পর্কে স্বতৃষ্টি প্রক:শ করবার কোন করণ আমাদের পশ্চিমবাংলায় খটে নি। এখন আমি প্রাথমিক শিক্ষার অন্যান্য বক্তব্যস্থলি সম্পর্কে শিক্ষামন্ত্রী মহাশয়ের দুড়ি আকর্ষণ করছি আমাদের এখানে প্রার্থামক এবং মাধ্যামিক ও উচ্চস্তরের শিক্ষার মোট ব্যারের বেশির ভাগই অভিভাবকরা বেতন হিসাবে বহন করে থাকেন-শিক্ষামন্ত্রী মহাশয় সেকথা জানেন কৈ না জানি না। অথচ যা কিছু শিক্ষার অগ্রগতি কৃতিত্ব সরক রপক্ষ থেকে তাদের একচেটিয়া বলে দাবী করেছেন। কিন্তু এখানে জনসাধারণ কতদ্রে শিক্ষান্রগা, শিক্ষার জন্য কত টাকা খরচ করছে অগ্রগতি করছে এবং তার বাবস্থা করতে চায় মন্ত্রী মহাশয় তাঁর ভাষণে সে কথ স্বীকার করেন নি। আমি বলবো যে জনসাধারণের প্রতি এটা বিশ্বাসঘাতকতা করা হয়েছে কৃতজ্ঞতার অভাব দেখান হেয়ছে মোট শিক্ষাখাতে যে খরচ হয় তার ২৯০০ পার্সেণ্ট অভিভাবকরা বেতন হিসাবে দিয়ে থাকেন। যেখানে অন্ধে অভিভাবকদের কাছ থেকে আসে মাত্র ১৬ ৫ পার্সেন্ট, আসামে, ১৮-১ পার্সেন্ট, বোম্বেতে, ২২-৬ পার্সেন্ট, মাদ্রাজে, ১৬-৩ পার্সেন্ট সেখানে পশ্চিমবংগার অভিভাবকদের কাছ থেকে আদায় করা হয় সমস্ত স্তরে গড়ে ২৯ পার্সেন্ট। মাধ্যমিক **শিক্ষাস্তরে ব্যবস্থা আরও কঠিন। মাধ্যমিক শিক্ষার ৬৫ পার্সেন্ট ব্যয় অভিভাবকরা বে**তন হিসাবে দেন এবং ৩৫ পার্সেন্ট উচ্চ স্তরে দিয়ে থাকেন যেখানে অন্য রাজ্যে সাধারণভাবে ৫৫ থেকে ৬৫ ভাগ সরকারী রাজস্ব থেকে আসে। মাধ্যমিক শিক্ষাস্তরে আমাদের এখনে পশ্চিম-বাংলায় সরকারী রাজম্ব থেকে মাত্র আসে ৩৫ পার্সেন্ট।

[10-10-10 a.m.]

কিন্তু জনসাধারণ টাকা দিলে হবে? সরকারী কর্মচারীদের জন্য থরচ বেশি করা হয়। কিন্তু বিশেষ করে সরকারীদের নিশ্নস্তরের জন্য নয়। কর্মচারীদের মধ্যে যারা উচ্চস্তরের সরকারী কর্মচারী তাদের জন্য বেশি থরচ করা হয় যাকে বলা হয় মাথাভারী—আমাদের পশ্চিমবংলায় তার সংখ্যা সব চেয়ে বেশি। আমি পরিসংখ্যান উন্ধৃত করে বলছি এডুকেশন সার্ভিস অফ ক্লাস ওয়ান্ কর্মচারীর সংখ্যা কত। এই পরিসংখ্যান অধ্যক্ষ মহাশয় আমি আপনার সামনে রাখাছ, এবং আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী মহাশয়ের তার প্রতি দ্ভিট আকর্মণ করছি।

পাঞ্জাব—ক্লাস ওয়ান অফিসার		२४	জন
ক্লাস ট্ৰ অফিসার	•••	৯২	জন
উত্তরপ্রদেশ—যার জনসংখ্যা দ্বিগন্ন সেখানে ক্রাস ওয়ান অফিসা	র	৬২	জন
ক্লাস ট্ৰ অফিসার		222	জন
কিন্তু ওয়েস্ট বেখ্গলে সে জায়গায় ক্লাস ওয়ান অফিসার .		४९	জন
যেখানে ইউ পি-তে মত্র		৬২	জন

কাজেই ইউ পি-তে যেখানে মাত্র ৬২ জন উচ্চ শ্রেণীর কর্মচারী সেখানে ৮৭ জন ক্লাস ১ কর্মচারী পশ্চিমবাংলায়। আমি ক্লাস ১ কর্মচারীর সংখ্যা বললাম নিন্দতম কর্মচারীর সংখ্যা কম। কাজেই খরচের দিক দিয়ে এখানকার ব্যবস্থাকে মাথা ভারী করা হয়েছে। যেখানে ইউ পি-তে এডুকেশন ডিপার্টমেন্টে এবং এডুকেশন ডিরেক্টরেটে ৬২ জন সেখানে পশ্চিমবাংলায় ৮৭ জন কিন্তু এই যে সংখ্যা যা ১০ বংসর থেকে—

Mr. Chairman: You have made it perfectly clear. গ্রীষ্ত সভাপ্রিয় রায়ঃ—

আমরা জানতে চেয়েছিলাম শিক্ষার কিরকম প্রসার হয়েছে যার জন্য শিক্ষামন্ত্রী মহাশয় আত্ম-প্রসাদের সুপ্রে ঘোষণা করেছেন: কিন্ত প্রাথমিক শিক্ষার উন্নয়নের এবং প্রসারের যে কোয়ানটিটে-টিভ হিসেব একটা দেখলেন সেটা সন্তে।ষজনক নয়। এই গতিতে গভর্নমেন্ট যদি এগিয়ে চলেন তাহলে ১৯৭১ সালের আগে কিছুতেই অমমরা সমস্ত ছেলেমেয়েদের ১১ বছর বয়স পর্যন্ত ষে প্রাথমিক শিক্ষা তার ব্যবস্থা করতে পারব না। কিন্তু তার সঙ্গে সঙ্গে প্রন্ন গণেগত উৎকর্ষের কোন ব্যবস্থা এই শিক্ষা ব্যবস্থাপনার ভিতর দিয়ে স্বাধীনতার পর এই ১১ বছর কি হয়েছে? ৪ বছরের প্রার্থামক শিক্ষাকাল কি বার্ধত করেছেন? ৫ বছর করবার সম্পারিশ হার্টগ্র কমিটি করে।ছলেন, এই পাঁচ বছরের শিক্ষা ব্যবস্থা ইন্ডিয়া গভর্নমেন্টও গ্রহণ করেছেন. অথচ পশ্চিম-বাংলা সরকার আজে ৪ শ্রেণীর প্রাথমিক বিদ্যালয়কে ৫ শ্রেণীর বিদ্যালয়ে পরিণত করতে পারেন নি। হার্টগ্র কমিটি পরিষ্কারভাবে বলেছেন যে ৪ বছরের শিক্ষা শ্বারা কোন উপকার হয় না। কেন না ৪ বংসরের শিক্ষা লাভের পর তারা আবার নিরক্ষরতায় ফিরে যায়। তাদের আর শিক্ষার সুযোগ হয় না। তার জন্য ন্যুনতম সময় হিসেবে তাঁরা সুপারিশ করেছেন ৫ বছরের শিক্ষা বাবস্থা করা উচিত যদি নিরক্ষরতা দূর করতে হয়। কিন্তু আজ পর্যন্ত পশ্চিমবাংলা সরকার অর একটা শ্রেণী যোগ করে দিয়ে প্রার্থামক শিক্ষাকে সম্পূর্ণ করার দিকে এক পাও অগ্রসর হতে এর অর্থনৈতিক কি ইম্পিলকেশন সেটা মনতী মহাশয়ই হিসেব করে বলতে পারেন। ঐ একটা ক্লাস যোগ করতে হলে ২৫ হাজার বিদ্যালয়ে ২৫ হাজার শিক্ষকের প্রয়োজন হবে তাদের বেতন বাবদ দ্ব কোটি টাকা বেশি দিতে হবে. তার জন্য ঘর তৈরি করার দরকার এবং অন্যান্য ব্যাপার নিয়ে অন্ততঃ ৫ কোটি টাকার প্রয়োজন হবে। এই একটা ক্লাস বাড়াবার জন্য এই খরচ করতে হবে। সেই টাকা খরচ করতে মন্ত্রী মহ শয় রাজী নন। শিক্ষার উন্নয়নের জন্য এই টাকা আমাদের পশ্চিমবাংলা সরকার কেন খরচ করবেন না? ভারতবর্ষের প্রতি রাজ্যে ৫ শ্রেণীর প্রাথমিক বিদ্যালয়ের যে কাঠামো গ্রহণ করা হয়েছে বোম্বাইকে বাদ দিয়ে আমাদের পশ্চিম-বাংলায় ৪ শ্রেণীর বিদ্যালয়ের মধ্যেই সেটাকে কেন সীমাবন্ধ রাথা হয়েছে? তারপরে ৪র্থ শ্রেণী পর্যন্ত যে শিক্ষার ব্যবস্থা করেছেন. সেই ৪র্থ শ্রেণীতে কটা ছত্র এসে পেণিছায় সে খবর শিক্ষামন্ত্রী মহাশয় জানেন কি না জানি না সেদিকে তাঁর দূর্ণিট আকর্ষণ করছি। দেখা যাচ্ছে ক্লাস ওয়ান থেকে ক্লাস টাতে উঠতে গিয়ে শতকরা ৩৬ জন ছেলেমেয়ে বিদ্যালয় থেকে বিদায় নিয়ে যায়: ক্লাস টা থেকে থ্রি পর্যন্ত উঠতে গিয়ে দেখা যায় শতকরা ১৩টি ছাত্রছাত্রী বিদায় নেয় এবং ক্লাস থ্রি থেকে ৪-এ উঠতে গিয়ে শতকরা ৮টি ছাত্র বিদায় নেয় সেই হিসাবে শতকরা ৫৭টা ছেলে মেয়ে ক্রাস ৪এ ওঠা পর্যন্ত প্রার্থামক বিদ্যালয় থেকে বিদায় নিয়ে চলে যায়। কাজেই ক্লাস ওয়ান. ট. থ্রি-র ছাত্রছাত্রীর যে সংখ্য। আছে তাতে বাড়তি সংখ্যা আপাতত দেখা গেলেও দেশের কল্যাণও হচ্ছে না শিক্ষার ও উন্নতি হচ্ছে না। কেন না শতকরা ৫৭টা ছেলেমেয়ে ক্লাস ৪-এ ওঠবার অগেই বিদ্যালয় থেকে বিদায় নিচ্ছে এবং শতকরা ৪৩টি মাত্র প্রাথমিক শিক্ষার শেষ দতরে গিয়ে পেণিছাছে। আমাদের শিক্ষামূলী মহাশয় বলেছেন প্রথমিক শিক্ষা আমরা ১৯৫৬ সালের মধ্যে আর্বাশ্যক সার্বজনীন এবং অবৈত্নিক করে দেব। তার পরিসংখ্যান আপনার মাধ্যমে আমি মন্ত্রী মহাশয়ের নিকট পেশ করতে চাই। আমরা দেখেছি বোম্বাইতে ২৯১টা শহরাণ্ডলে ইউনিট আছে। এবং ইতিমধ্যে সেখানে আর্বাশ্যক প্রার্থামক শিক্ষার ব্যবস্থা করা হয়েছে। সে জায়গায় পশ্চিমবাংলায় ব্যবস্থা করা হয়েছে একটা শহরে অর্থাৎ কলিকাতায় এবং তাও আবার ইন এইট ওয়ার্ডস। এই ৮টা ওয়ার্ডে মাত্র শিক্ষাকে আবশ্যিক করা হয়েছে। পশ্চিমবাংলায় কত ছাত্র-ছাত্রীকে আর্থান্যক প্রাথান্যক শিক্ষার অধীনে আনা হয়েছে তার তুলনামূলক পরিসংখ্যান দিতে চাই, দেখা যাচ্ছে বোম্বাইতে ইতিমধ্যে ১৯ লক্ষ ৪৪ হাজার ১৫০টি ছ বছাত্রীকে আর্বাশ্যক শিক্ষা ব্যবস্থার অধীনে আনা হয়েছে। সে জায়গায় পশ্চিমবাংলায় হয়েছে ৩ লক্ষ্ণ ৩১ হাজার ৩৪৯ জনকে। এবং ইতিমধ্যে আর্বাশ্যক ব্যবস্থা যেটা বলছেন ৩১.০০০ তাও বাস্তবে পরিণত হয় नारे। আর একটা পরিসংখ্যান দেখলেই তা ব্**ঝ**তে পারবেন। বোম্বাইয়ে দেখা বাচ্ছে ছাত্রছাত্রীর অনুপিচ্থিতির বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছে 8৫৩৫টি, কিন্তু আমাদের পশ্চিমবাংলায় একটি অভিযোগও কোন অভিভাবকের বিরুদ্ধে আনা হয় নাই। তাতে বোঝা যাচ্ছে যে আবাশ্যক করবার

কোন রকম প্রয়োজনীয়তা আমাদের শিক্ষামন্ত্রী মহাশয়, শিক্ষা দশ্তর বা বর্তম ন সরকার অন্তব্ করেন না। শৃধ্ব পরিসংখ্যান—যেমন খাদ্য মন্ত্রীর কাছ থেকে টন টন খাদ্যের পরিসংখ্যানের কথা শৃনি আবার দৃত্তিক্ষ অনবরত দেশে লেগেই আছে, তেমনি এখানেও লক্ষ লক্ষ ছাত্রের সংখ্যা দেওয়া হচ্ছে কিন্তু শিক্ষার অগ্রগতি হচ্ছে না বা কোয়ালিটেটিভ ইমপ্র্ভমেন্টও কিছু হয় নি। অবশ্য জানি আমরা—শিক্ষামন্ত্রী মহাশয় শিক্ষকদের উপরেই কর্দম নিক্ষেপ করবেন, বলবেন—শিক্ষা উময়নের দায়িছ শিক্ষকদেরই, আজকে শিক্ষকদের গালাগালি দিয়ে বা শিক্ষকদের গায়ের কাদা ছিটিয়ে তিনি তাঁর দায়িছ থেকে অব্যাহতি লাভ করতে পারেন না।

শিক্ষক হিসাবে জোরের সংখ্যা আমরা দাবী করব যে শিক্ষার শুধু সংখ্যাগত কতকগুলি পরিসংখ্যান দিলে হবে না শিক্ষার উন্নয়নের বাবস্থা করতে হবে। কিন্তু সরকার এদিক থেকে অন্ধ এবং কিরকম অন্ধ সেটাই আমি বলব। আমরা দেখতে পাচ্ছি প্রাইমারী টিচার্স দের মধ্যে শিক্ষণ শিক্ষপ্রাণ্ড শিক্ষকের সংখ্যা ১৯৫৪-৫৫ সাল থেকে ১৯৫৫-৫৬ সালে আরও কমে গেছে। অর্থাৎ আমরা যে আরও পেছনের দিকে যাচ্ছি এইরকম উদাহরণ পূর্যিবাঁতে আর কোথাও পাওয়া যায় না। আমরা দেখতে পাচ্ছি যে ১৯৫৪-৫৫ সালে ট্রেন্ড প্রাইমারী টিচার্সদের পার্শেন্টেজ ছিল ৩৬.0; কিল্তু সেটা এসে ১৯৫৫-৫৬ সালে নেবে ৩৪.৬ পার্সেন্ট এসে দাঁড়িয়েছে। এই বিষয়ে অন্য স্টেটের কি অবস্থা সেটা আমি আপনার কাছে নিবেদন করব। মাদ্রাজে শিক্ষণ শিক্ষা-প্রাশ্ত প্রাইমারী শিক্ষকের সংখ্যা ১৪·৮. বন্বেতে ৪১·৫ এবং বাংলায় ১৯৫৪-৫৫ সালে যেটা ৩৬ ছিল সেটা ১৯৫৫-৫৬ সালে কমে ৩৪-৬ এসে দাঁড়িয়েছে এবং ১৯৫৮-৫৯ সালে সেটা কমে গিয়ে কোথায় দাঁড়িয়েছে তার পরিসংখ্যান আমরা আজও পাই নি। কাজেই আমরা দেখতে পাচ্ছি যে প্রাথমিক শিক্ষক নীতি সরকারের সম্পূর্ণ বার্থ হয়েছে। মাধ্যমিক শিক্ষা নীতি সম্পর্কে মন্ত্রী মহাশয় বলেছেন যে আমাদের ১৯৪৭-৪৮ সালে এই বিদ্যালয়ের সংখ্যা ছিল ১৯০৩ এবং ১৯৫৭-৫৮ সালে সেটা হয়েছে ৩ হাজার ৫৯৫। কিন্তু এই ৩ হাজার ৫ শত ৯৫টি বিদ্যালয়ের মধ্যে কতগুলো সরকার করেছেন তার সংখ্যা শিক্ষামন্ত্রী বলেন নি। এই কথা দ্বীকার করতে লঙ্জিত হচ্ছেন কেন যে এই দ্কুলের বোধ হয় শতকরা ৯০টা দ্কুলই প্রতিষ্ঠা করেছেন জনসাধারণ এবং শিক্ষক সম্প্রদায়। এই যে বিদ্যালয়গুলো জনসাধারণ গড়ে তুর্লোছল তার উল্লয়নের দায়িত রাজ্য সরকারের ছিল, তার উৎকর্ষ বৃদ্ধি করবার দায়িত রাজ্য সরকারের ছিল। কিন্তু এই দায়িত্ব যে তাঁরা গ্রহণ করেন নি একথা পরিষ্কার মন্ত্রী মহাশয়ের পরিসংখ্যান থেকেই বোঝা যায়। কারণ ৩ হাজার ৩৯৫টি মাধ্যমিক বিদ্যালয়ের মধ্যে ১.৭০০টি জানিয়ার হাই স্কুল বা ৮ম শ্রেণীর মাধ্যমিক বিদ্যালয়। এই বিদ্যালয়গুলো যে কি দুর্দশার মধ্য দিয়া দিন কাটাচ্ছে সেদিকে আমি শিক্ষামন্ত্রী এবং মুখামন্ত্রীর দূল্টি আকর্ষণ করছি এবং বলেছি যে এই সমুহত বিদ্যালয়গ্রলির শিক্ষকদের গড় বেতন হচ্ছে ৪০ টাকা: প্রার্থামক শিক্ষকদের বেতনের কিছুটো উন্নতি হয়েছে কিন্ত আজ জানিয়ার হাই স্কলকে ঘাটতির ভিত্তিতেও সাহায্য দেওয়া হয় না। এই সবের একমার সাহায্যের ব্যবস্থা হচ্ছে হয় শ্রেণীর জ্বনিয়ার হাইস্কুলে মাসে ৬০ <u>जोका रत्न ५२० जोका जवर ८४ (स्थानीत विम्रानारा मारम ५० जोका रत्न ५,०४० जोका जाता</u> সাহায্য পেয়ে থাকে। এর ফলে জ্বনিয়ার হাইস্কলের শিক্ষকদের বেতন এই দুর্দিনে দাঁড়িয়েছে গড়ে ৪০ টাকা। এই দিকে আমরা শিক্ষামনত্রী মহাশয়ের দ্বিট আকর্ষণ করেছিলাম এবং বলে-ছিলাম যে জানিয়ার উচ্চ এবং উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় শিক্ষকদের বেতনের হারের মধ্যে কোন রকম পার্থকা রাখা চলবে না। শিক্ষা মন্ত্রী মহাশয় সে সম্পর্কে যে লিখিত প্রতিশ্রুতি দিয়েছিলেন সেটা আমি পড়ে শোনাচ্ছ। îচঠিটা এড়কেশন ডিপার্টমেন্ট থেকে এসেছিল। রেফারেন্স নন্বর ৭৬০৬, তারিথ হচ্ছে ২৬শে জুলাই ১৯৫৭ সাল। সেখানে জুনিয়ার হাই স্কুল সম্পর্কে শিক্ষা-মন্ত্রীর পক্ষ থেকে শ্রী বি পি নিয়োগী, ডেপর্টি সেক্লেটারী ট্র দি গভর্নমেন্ট অব ওয়েস্ট বেৎগল লিখেছিলেন--

"Education Minister also stated that scales of pay would be strictly according to the qualifications of teachers and that the cadre of teachers permissible in class XI, class X and class VIII schools would be fixed in due course and the teachers would draw their salary according to their qualifications in all approved secondary schools.....

এই হচ্ছে শিক্ষামন্ত্রীর লিখিত প্রতিশ্রন্তি। তিনি যদি দেখতে চান তাহলে আপনার মাধ্যমে তাঁকে আমি এটা পাঠিয়ে দিতে পারি। ১৯৫৭ সালে তিনি এই প্রতিশ্রন্তি দিয়েছিলেন, তারপর দেকল তৈরি হয়ে গেছে অথচ জর্নিয়ার হাই স্কুলের টিচারদের সেই স্কেল দেওয়া হয় নি। শেষ পর্যন্ত গত শনিবার আমি মর্খামন্ত্রীর সংগ্য দেখা করেছিলাম এবং এই প্রতিশ্রন্তির কথা সমরণ করিয়ে দিয়েছিলাম এবং জর্নিয়ার উচ্চ বিদ্যালয়গর্নলির শিক্ষকদের যোগ্যতা অন্রায়ী উচ্চ বা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের সংগ্য যেন সমহারে তাদের বেতন দেওয়া হয় সেই দাবী জানিয়েছিলাম। মর্খ্য মন্ত্রী মহাশয় তারু উত্তরে বলেছেন যে সে বাবদ ১২ লক্ষ টাকা খরচ করতে হবে যদি আমরা জর্নিয়ার বিদ্যালয়গর্নলিকে ঘাটতির ভিত্তিতে সাহায্য করি এবং একই বেতনের হার সেখ নে চাল্ব করতে চাই। কাজেই আমাদের তা ক্ষমতা নেই, জর্নিয়ার হাই স্কুলের বেতনের হার চাল্ব করতে পারব না।

At this stage ble light was lit.]

দরকার হলে স্যার আমার পরবর্তী বন্তাদের কাছ থেকে আমি সময় নিতে পারি। কাজেই জানিয়ার হাই দকুল সম্পর্কে যে ৩ হাজার ৫ শোর কথা বলেছেন তার মধ্যে ১৭ শো বিদ্যালয় অর্থাৎ শতকরা ৫০টা জানিয়ার হাই স্কুল যেগালিকে স্কুল বলা চলে না যেগালি জন-সাধারণ দাঁড় করিয়েছিল কিন্তু সরকারী সাহায্য থেকে বঞ্চিত হওয়ার ফলে সেগ্রলি স্কুলের মানে পর্যন্ত এসে পে'ছাতে পারে নি অথচ ৩ হাজার ৫ শতটি মাধ্যমিক স্কুল আছে বলে তিনি অহৎকার করেছেন। তারপর এই যে সাহায্যের ব্যবস্থা আমাদের পাঁশ্চমবাংলায় দেখা যাচ্ছে যে পার্সেন্টেজ অব এডেড্ এ্যান্ড আনএডেড্ ম্কুলএর ব্যাপারে অসত্য পরিসংখ্যান দিয়েছেন সেটা আমরা দেখিয়ে দিয়েছিলাম। পশ্চিমবঙ্গ-সরকার বলেছিলেন যে ১১ শো ৪৫টি বিদ্যালয় ১৭ শো উচ্চ এবং উচ্চতর বিদ্যালয়ের মধ্যে সাহায্য প্লাপ্ত। আমরা পর্যাৎ থেকে পরিসংখ্যান নিয়ে দেখিয়ে দিরোছিলাম যে ১১ শো ৪৫টি বিদ্যালয়ের মধ্যে ২৩৯টি বিদ্যালয় সাহ।যা প্রাপ্ত কিন্তু তাদের সাহায়ের পরিমাণ শ্না টাকা। এটা ভাষার কারিগরী হতে পারে—দেয়ার মে বি এ জাগলারি অব ওয়ার্ড'স। কিন্তু ঋণাত্মক বাক্য পজেটিভ বা এ্যাফার্মেটিভ সেন্টেন্সে পরিবর্তন করতে বলি—সেইরকম কৌশল মন্ত্রী মহাশয় করেছেন। অতএব এই বিদ্যালয়গুলি কোন সাহায্য পায় না। তার ফলে ১১ শো ৪৫ থেকে ২৩৯ বাদ দিলে ৯ শো বিদ্যালয় সাহায্য পায় এবং ৮ শোটি উচ্চ এবং উচ্চতর বিদ্যালয় সেই সাহায্য থেকে বণ্ডিত হয়েছে। আমাদের রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারকে যে পরিসংখ্যান পাঠিয়েছেন যার সম্পর্কে কোন প্রশ্ন করতে পারেন না তাতে ওয়েষ্ট বেষ্পলে দেখতে পাচ্ছি যে পার্সেন্টেজ অব এডেড এয়ান্ড আনএডেড প্রাইভেট স্কুলস হচ্ছে যথা-ক্রমে ৬৪০৮ এবং ৩২০৬। বোন্দের ৮৯০৮ হচ্ছে এডেড্ আর ২০৫ হচ্ছে আন এডেড্। এখানে মোট বিদ্যালয়ের সঙ্গে শতকরা হার দেখান হচ্ছে—মধ্যপ্রদেশে ৬২∙৮ হচ্ছে এডেড স্কুলস আর আন

110-20—10-30 a.m.]

এডেড্ স্কুলস হচ্ছে ১০০, মাদ্রাজে ৫৫০৪ পার্সেন্ট এডেড্ স্কুল এবং ১০০ পার্সেন্ট আনএডেড স্কুল। আসামের মত প্রদেশে, এটা শিক্ষামন্দ্রীর বিশেষ লক্ষণীয় বিষয় এবং এটা তাঁর লক্জার কথাও বটে, ৮১০১ পার্সেন্ট এডেড স্কুল এবং ১১০২ পার্সেন্ট আনএডেড স্কুল। আমাদের বাংলাদেশে তাঁদেরই পরিবেশিত পরিসংখ্যান অনুযায়ী সাহায্য প্রাণ্ট মধ্য বিদ্যালয় শতকরা ৬৪০৮, সাহায্য বিশ্ব বিদ্যালয় শতকরা ৩২০৬; তারপর, ছাত্র সংখ্যা বৃদ্ধি, ইনক্রীজ ইন নাম্বার, সম্বন্ধে ওব্যা পর্ব করেন শিক্ষার নানি অগ্রগতি হচ্ছে, ভয়ানক কোয়ান্টিটেটিভ এক্সপ্যানশন অব এডুকেশন হচ্ছে, আমি এটা বিভিন্ন রাজ্যের পরিসংখ্যান দিয়ে দেখাব। দ্বংথের বিষয় এইগ্রিল মাননীয় শিক্ষামন্দ্রীর দেখার সময় হয় নি, এবং ব ধ্কাজনিত অধৈর্যর জন্য দেখেন নি। আসামে মধ্য বিদ্যালয়ে ছাত্রভারী সংখ্যা বেড্ছে ১২০৬; বিহারে ৭০৭, মধ্যপ্রদেশে ১৯০০, মাদ্রাজে বেড়েছে ১৯০০, উড়িষ্যায় ৯০৭, আর পন্চিমবাংলায় বেড়েছে ৪০২-এটা অবশ্য ১৯৫৫-৫৬এ এই সরকার থেকে যা কেন্দ্রীয় সরকারকে দেওয়া হয়েছে। তারপর, ট্রেন্ড টিচার্স মধ্য বিদ্যালয়ের কিভাবে ক্রমণ কমে এসেছে সেদিকে আমি আপনার মাধ্যমে শিক্ষামন্দ্রীর দ্ভি আকর্ষণ করিছ। সেকেন্ডারী স্কুলএ ট্রেন্ড টিচার্স বিভিন্ন রাজ্যে কিবকম ছিল সেটা পরিসংখ্যান দিয়ে আমি পরিষদের সামনে উপস্থাপিত

করছি। অবশ্য এ কথা শিক্ষামন্ত্রীকে বলে বিশেষ কিছু লাভ নাই কারণ তিনি তো সবজানতা হয়ে वरम আছেন। পশ্চিমবাংলায় ২৩ পার্সেন্ট বোন্বেতে ৬৬ পার্সেন্ট, মাদ্রাজে ৮২ পার্সেন্ট. উত্তর প্রদেশে ৬২ পার্সেন্ট। কাজেই শিক্ষার গুলগত উৎকর্ষ হচ্ছে এই আমাদের রাজ্যে। তারপর শিক্ষা সম্বশ্ধে এই সরকারের দায়িত্বজ্ঞান দেখন, মধ্য বিদ্যালয়ের হিসাব থেকে দেখাচ্ছি বে, গড়ে এক আনা (/০) করে বছরে একটি ছাত্রের পিছনে গ্রন্থাগারে পক্রেক কিনতে হয় এবং গড়ে ১ পয়সা করে গবেষণাগারের জন্য ব্যায়িত হয় নানা রক্ম সাজ-সরঞ্জাম ইত্যাদি ক্রয়বাবত এটা বিভিন্ন প্রগতিশীল দেশের সঙ্গে তলনা করে দেখলে শিক্ষামন্তী স্তম্ভিত হয়ে যাবেন। তাঁর মুখে কোন কথা থাকবে না, অহত্কার করা তো দুরের কথা। তারপর, শিক্ষণশিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রতি বংসর যেসব ছাত্র বেরিয়ে আসে, যে এ্যান্যাল আউটপর্ট অব ট্রেনিং স্কুলস তাতে দেখছি মাদ্রাজে, পুরুষ ৭০১৯৫, মেয়ে ৪ হাজার ৭৭: বোম্বেতে পুরুষ ৪ হাজার ৪৮৩. মেয়ে ২,৫৮৪; ওয়েন্ট বেণ্গলএ পরে,ষ ১,১০৪, মেয়ে ৪৩৯, মোট ১,৫৪৩। তারপর, এগ্রি-कालागत भिका, कृषि भिक्षा विषयुक व्याभात, अराम्हे विष्णल व्यवमा अकरो अधिकालागताल न्कूल আছে তার ছাত্রছাত্রী সখ্যা—১৯৫৫-৫৬ সালে ৭২ জন: বোশ্বেতে ৭৭টি এগ্রিকালচারাল স্কল. ১,৭৬৮ জন ছাত্রসংখ্যা। তারপর, আর্টস এ্যান্ড ক্র্যাফ্টস যার উপর শিক্ষাসংস্কারের দিক থেকে খুব জোর দেওয়া হচ্ছে, এবং মাল্টিপারপাস স্কুলএর নাম করে লক্ষ লক্ষ টাকা, কোটি কোটি টাকা অপচয় করা হচ্ছে সেই আর্টস এ্যান্ড ক্র্যাফ্টস দ্কুল বোন্দ্রেতে ১৮৩, তার ছাত্রসংখ্যা ১০ হাজার **१२५, माम्राट्स ५५** हि. वर **हात्र**मरथा ५००: शिंग्हमवारनाय ६ हि. हात्रमरथा २०७ ८८७। कमार्म স্কুল বোন্বেতে ১৬৩, ছাত্রসংখ্যা ১৭.৮০৯: মাদ্রাজে ৩৬১ এবং ছাত্রসংখ্যা ২.৭৬৮: ওয়েস্ট বেশালএ ৫২টি, ছাত্রসংখ্যা হচ্ছে ১১,৪১১। তারপর, এগ্রিকালচারাল কলেজেসএ বোন্দেবতে ছারসংখ্যা হচ্ছে ৮২৩, মাদ্রাজে ৩৪৬ এবং ওয়েস্ট বেণ্গলএ ১৭৯। তারপর, স্কলার্রাশপ এনিড স্টাইপেন্ডস, ক্যালকাটা ইউনিভিসিটি এয়ান্ড কনস্টিটিউয়েন্ট কলেজেসে যা দেওয়া হয় তাতে দেখা যাচ্ছে যে, দ্কলার্রাশপ এয়াণ্ড স্টাইপেণ্ডস বাবত ৮১.৯৮৯ টাকা পাশ্চমবাংলা-সরকার খরচ করছেন, আর বোন্দেবতে খরচ করা হয়েছে ২ লক্ষ ৭১ হাজার ৩৫৩, দিল্লীতে ১ লক্ষ ১৫ হাজার १८७ ठोका, लक्क्योट थत्रह कता रासाह ५.१०,४५८ मरीमात ० लक्क ५० राजात २५१. পাটনাতে ৩ লক্ষ ৭৩ হাজার ৫৮৮। তার পর, আরেকটি বিষয়ের প্রতি আমি শিক্ষামন্ত্রীর দূর্গিট আকর্ষণ করছি শিক্ষা সংস্কারের উদ্দেশ্যে একাদশ শ্রেণীর বিদ্যালয় করতে তাঁরা আরুভ করেছেন। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের নীতির পরিবর্তন হয়েছে, কিন্ত সেই পরিবর্তনগুলি পশ্চিমবাংলায় এসে পেণছাতে ২ বংসর লেগেছে। প্রুতকপ্রণয়ন ও টিচার্স এডুকেশনএ অল ইন্ডিয়া কার্ডন্সিল অব সেকেন্ডারী এডকেশন একাদশ শ্রেণীর পাঠ্যতালিকা ইত্যাদি সম্পর্কে কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারকে প্রামর্শ দিয়ে থাকেন, তাঁরা পরিত্বারভাবে বলেছেন তাঁরা তাঁদের নীতি পরিবর্তন করেছেন আমি সেটা পড়ে শোনাচ্ছি এডিটোরিয়াল—

It may also be pointed that during the last 5 years all efforts of State Government have been directed towards setting up reorganised schools of the multipurpose type. In doing so they have neglected other important part of the recommendation of the secondary education, namely, that all our schools should be upgraded to the higher secondary standard. It is hoped that during the remaining two years of the second five year plan the Central Government would take steps to induce the State Government to bring about this most desirable change.

কিন্দু অল ইণ্ডিয়া কাউন্সিল অব সেকেন্ডারী এড়কেশনের এই বিবরণ সত্ত্বেও, এই এ্যাপীল সত্ত্বেও আমরা এই বাজেটে দেখতে পাচ্ছি যে, ডেভেলপমেন্ট স্কীমএর বরান্দ টাকায় শতকরা ৯০ ভাগ মান্টিপারপাস স্কুলএ রাথা হয়েছে এবং সমস্ত স্কুলই আপগ্রেড করবার যে নীতির নির্দেশ দেওয় হয়েছে সেই নীতি আমাদের শিক্ষামন্ত্রীর কাছে বা তাঁর দণ্ডরের কাছে এসে পেশছার্মান এবং তার জন্য কোন পরিবর্তানও এই বাজেটে দেখতে পাওয়া যাচ্ছে না। তাই শিক্ষামন্ত্রীর কাছে আবেদন করতে চাই যে, ৫০ লক্ষ টাকা যা বরান্দ ছিল মধ্যান্দ্রা পর্যং এরজন্য গত বংসর তা থেকে এক পরসাও বেশি এতে দেওয়া হয় নি, এটা যেন তিনি একট্র দেখেন।

[10-30-10-40 a.m.]

এর ফলে মধ্যশিক্ষা পর্যতের আর্থিক দিকটা কোথায় এসে দাঁড়িয়েছে তার একটা উদাহরণ আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে দিতে চাই: আমরা একটা চিঠি পেয়েছি চরকাঠি বিদ্যালয়, সাদিপুর, ডিস্ট্রিক্ট বর্ধমান এই স্কুলের সেক্রেটারী আমাদের কাছে লিখেছেন সন্তার সাহেব এখানে থাকলে চিনতেন, যাই হোক, তিনি আমাদের লিখেছেন—

"I also like to inform you that we received a cheque of Rs. 785 from the Finance Officer of your Secondary Education for the new fixation of the teachers' salary of the school. The cheque dated 1st November, 1958 was sent to Burdwan Treasury on 17th November, 1958 for encashment but the cheque was returned with the objection that no balance is available to meet the expenditure under head "Secondary Education fund".....

A cheque was again sent for encashment on 24th November 1958, but the same reply was given till today. It has not been possible for us to encash the cheque.....

এই হ'ল অবস্থা। মধ্য শিক্ষা পর্যাৎ থেকে শিক্ষামন্ত্রী মহাশয় বোধ হয় জানেন দশ শ্রেণীর বিদ্যালয়গুলিতে গুবেষণার কাজ উল্লয়ন কলেপ দুইে লক্ষ্ণ টাকা ব্যয়ের একটা সুপোরিশ করে সরকারেব অনুমোদনের জন্যে পাঠান হর্মেছিল। আজ দুই বছর ধরে সরকারী দশ্তরে সেই সমুপারিশ পড়ে আছে—দুই বছরের মধ্যে এই দুই লক্ষ টাকা বায় করবার অনুমতি সরকারের পক্ষ থেকে শিক্ষা য়র্যাৎ পায় নি, এবং এই অবস্থার মধ্যে মধ্যশিক্ষা পর্যাৎ কাজ করতে পারছে না। ১৯৫৭ সালের প্রলা মার্চ থেকে বিদ্যালয়গুলিকে যে সাহাষ্য দেওয়ার কথা ছিল আজ ১৯৫১ সালের মার্চ এসে যাচ্ছে দুইে বছর অতীত হতে চলেছে অথচ আন্দোলন করা সত্তেও বার বার মন্ত্রী মহাশয়ের সংগ্রুও প্রতিনিধিদলের সাক্ষাৎ করা সত্তেও আজ পর্যন্ত মাত্র ৭টি বিদ্যালয়ে এই সাহায্য দেওয়া হয়েছে। ১৯৫৭ সালের পয়লা মার্চ থেকে যা করা উচিত ছিল আজ ১৯৫৯ সালের মার্চ এসে গেল অথচ কোন কিছুই আমরা দেখতে পাচ্ছি না। মধ্য শিক্ষা পর্যতের পদস্থ কর্ম-চারীদের সংখ্য আলাপ করেছি তাঁরা পরিজ্ঞার বলেছেন শিক্ষা দণ্ডর আমাদের সংখ্য সহযোগিতা কবেন না আমরা যা বলি সেদিকে মনোযোগ দেন না আমাদের হাতে এক পয়সাও নেই, আমরা এ অবস্থায় কতটা কি করতে পারি? তাঁরা ডিসেম্বর মাসে বলেছেন যে জানয়োরী মাসে ছাত্রদের পরীক্ষার ফি তলে নেবার পর তাঁরা সাহায়্য বিতরণের কাজে হাত দিতে পারেন। সরকার টাকা দিচ্ছেন না সূত্রাং কোন বক্ষ সাহায্য দেবার ক্ষমতা আমাদের প্রায় নেই এই যদি অবস্থা হয় তাহলে এ দেশে মাধামিক শিক্ষার অবস্থা কি দুরাবস্থায় এসে পেণছৈছে তা আপনাকে এবং এই বিধান পরিষদের মাননীয় সদস্যদের বিবেচনা করে দেখবার অনুরোধ জানিয়ে আমি আমার বন্ধব্য শেষ কর্রছি।

SI. Annada Prosad Choudhuri:

এই সবৃ ইন্সপেক্টরদের অন্ততঃ এক কপি করে এই 'শিক্ষক' পত্রিকা দিবার ব্যবস্থা কর্ন। তা হ'লে তাঁরা এর বিষয়বস্তুগন্লি তাঁদের এলেকার শিক্ষকদের মধ্যে প্রচার করতে পারবেন। আমার অন্বরোধের কি ফল হয়েছে জানেন? বন্ধুরা—বিরোধী বন্ধুরা কেউ কেউ জিজ্ঞাসা করেন মহীতোষবাব্ব এডুকেশন মিনিস্টারকে এত সাপোর্ট করেন কেন? তাঁরা হয় তো ভাবেন এতে আমার ব্যক্তিগত কোনও স্বার্থ সিন্ধি হয়। শিক্ষামন্তীকে সমর্থন আমি কেন করি? তাঁর কথার মধ্যে সত্য আছে ব'লে করি। তাঁর অবলম্বিত শিক্ষাব্যবস্থায় আমরা বেনিফিটেড হব ব'লে। বিশ্বাস করি ব'লে করি। আর কোনও কারণ নেই তার। কিন্তু যা বলছিলাম—আমার এই সামান্য অন্বরোধের কি ফল হয়েছে জানেন? আয়ের অভাব এই অজ্বহাতে অন্বরোধ প্রত্যাখ্যান করা হয়েছে তা হলেই ব্বুন্ন মহীতোষবাব্রুর কি ব্যক্তিগত লাভ হয় শিক্ষামন্তীকে সমর্থন করে। তার পর

Sub-Inspectors who happen to be friends, philosophers and guiles—.

সেই সাব-ইনম্পেক্টর অব স্কুলস-এর সংখ্যাব, দিধ করা হচ্ছে ব'লে জানকীবাব, ঘোরতর আপত্তি উত্থাপন করেছেন। আমার মনে হয় সাব-ইনদেপক্টর-এর সংখ্যা কমান দূরে থাক, আরও বাড়ানো উচিত। সংখের বিষয় গভর্নমেন্ট এ বিষয়ে অবহিত আছেন। আগে ছিল একশটি স্কুলের জনা একজন ক'রে সাব-ইনস্পেক্টর। এখন সে জায়গায় ৫০টা স্কুলের জন্য একজন কোরে সাব-ইনদেপক্টর নিয়ন্ত হয়েছেন—একথা আপনারা অনেকেই জানেন। বন্ধ, জানকীবাব, শিক্ষিত ব্যক্তি, শিক্ষানুরাগী এবং শিক্ষাবিদও বটেই। তিনি স্পণ্ট কোরে বললেন ইনস্পেষ্টরের প্রয়োজন নেই, ইনম্পেকশন সম্পূর্ণ অনাবশ্যক। তাঁর কথা শ্বনে অবাক হলাম। কি করে যে একথা তিনি বললেন তা আমি ভেবে পাই না। ইন্সপেকশন না করলে আমার ত মনে হয় একেবারেই চলবে না। আমাদের সে স্বভাবই নয়। যে উপর থেকে কোনও তদারকের ব্যবস্থা না **থাকলে** আমরা কর্তব্য ষোল আনা করবো অন্ততঃ পল্লীগ্রামে প্রার্থামক শিক্ষার ব্যবস্থাকে যদি সাফল্য-মণ্ডিত করতে হয়, তাহলে পল্লীবাসীদের উৎসাহ দিবার জন্য পল্লীশিক্ষকদের উপদেশ ও অনুপ্রেরণার জন্য, তাদের কর্তব্যনিষ্ঠা যাতে শিথিল না হয় তা দেখবার জন্য সাব-ইম্সপেক্টর-এর প্রয়োজন। স্বৃতরাং সাব-ইন্দেপক্টররের সংখ্যা আরও বেশী বৃদ্ধি করাই আমার মতে আবশ্যক। শিক্ষকদের বেতন বৃদ্ধি সম্বন্ধে অনেক কথা উঠেছে। আমার মনে হয় অবিলম্বে প্রাথমিক শিক্ষকদের অন্ততঃ ৫ টাকা বেতন বৃদ্ধি করা আবশ্যক। দেখা যাচ্ছে, বিরোধী পক্ষীয় বন্ধুরা প্রাথমিক শিক্ষকদের বেতন বৃদ্ধির জন্য অতি মাত্রায় বাস্ত হয়েছেন। কিন্তু তাঁদের কথা শনে মনে হয় মনে মনে তাঁরা ইচ্ছুক নন যে বেতন বাড়ে। কারণ বেতন বাড়লে শিক্ষকদের মধ্যে অসন্তোষ থাকবে না, এবং অসন্তোষ না থাকলে শিক্ষকেরা তাঁদের হাতের মুঠোর মধ্যে আসবেন

না। সেইজনাই তাঁরা একটা অসম্ভব রকম দাবী করছেন যে, এখনই প্রাথমিক শিক্ষকদের একশ' টাকা কোরে বেতন দেওয়া হোক্। এ রকম দাবী এখনই প্রেণ করা কি কোরে সম্ভবপর হতে পারে তা আমার ক্ষ্রুর ব্লিখর অগম্য। প্রাথমিক বিদ্যালয়ের ৭৫ হাজার শিক্ষককে এখনই ১০০ টাকা কোরে বেতন কি কোরে দেওয়া হবে তা আমি ব্লিঝ না। অম্প-বিস্তর গড়ে ৭০।৭৫ কোটি টাকা আমাদের রাজস্ব। ৭৫।৮০ হাজার শিক্ষককে একশত টাকা করে বেতন দিতে গেলে কত টাকা বায় পড়বে তা হিসাব করলে ব্রুঝা যাবে এখনই এ ব্যবস্থা করা এাবসালিউটাল ইম্পার্সাবল। তার পরে প্রাথমিক শিক্ষকদের বেতন বৃদ্ধি করলেই ত আর হবে না, অন্য শিক্ষকদেরও বেতন পাড়াতে হবে। শ্রুর্ব এই নয়। সঙ্গো সঙ্গো আরও বিদ্যালয় বাড়াও এ দাবীও আছে। কিন্তু একসঙ্গো ত সব করা সম্ভব হয় না। তাই মনে হয় এক সঙ্গো এই সব ইম্পার্সাবল ডিম্যান্ড করার একমাত্র উদ্দেশ্য হল যে দাবীগ্র্লি যাতে নাকচ হয়। তখন শিক্ষকদের ভিতর অসন্তোষ বিস্তার কর'র চেণ্টা করা হবে। সব বিষয় বিবেচনা ক'রে তাই আমি সরকারকে বলি—স্টো এখনই সম্ভব অর্থাৎ প্রাথমিক শিক্ষকদের অন্ততঃ ৫ টাকা বেতন বৃদ্ধি তার জন্য তাঁরা চেণ্টা কর্ন।

[11-50-12 noon.]

এর জন্য খুব বেশী টাকাও খরচ হবে না। আমি হিসাব করে দেখেছি যে বোধ হয় ২২।২৪ লক্ষ টাকাতেই এটা সম্ভব হবে। আমি আশা করি সরকার এবিষয়ে অবহিত হবেন। তার পর প্রভিডেন্ট ফান্ড প্রভৃতি প্রাথমিক শিক্ষকদের অন্য দাবীর কথা কিছু বলবো। প্রভিডেন্ট ফান্ডের ব্যবস্থা হয়েছে বলে আমি শিক্ষামন্তীকে অভিনন্দন জানাচ্ছি। আশা করি অবিলন্দ্রে বাবস্থাকে চালা করা হবে। শানে সাখী হর্মোছ প্রার্থামক বিদ্যালয়ের শিক্ষকদের ছেলেমেয়েদের মাধ্যমিক স্কুলে ফ্রি এড়কেশন দিবার দাবী পরেণ করবারও ব্যবস্থা হচ্ছে। আমি আগে সরকারকে এ বিষয়ে একটি স্কীম দিয়েছিলাম। এদের ক্লাস এইট পর্যন্ত বিনা বেতনে পড়ার সুযোগ দেওরা হবে ব'লে সরকার স্থির করেছেন শোনা যাছে। আমি মনে করি এটা যথেণ্ট নয়। ক্লাস টেন পর্যন্ত যাতে বিনা বেতনে এরা পড়তে প'রে সেই ব্যবস্থা হওয়া দরকার। আমার স্কীম গ্রহণ করলেই সরকার অনায়াসেই এ ব্যবস্থা করতে পারবেন। প্রাথমিক শিক্ষকদের দীর্ঘকালের আর একটি অভিযোগ—অনিয়মিত বেতন প্রাণ্ড। সরকারকে এই অভিযোগের কারণ দূর করতে আমি অন্বরোধ করি এই অভিযোগের মলোচ্ছেদ করতে হ'লে অবিলন্দের স্কুল বোর্ড'গ্রালিতে কেরানীর সংখ্যা বাড়াতে হবে। স্কুলে বোর্ডের কেরানীর সংখ্যা বর্তমানে তাদের কার্যের ক্রম-বর্ধমান চাপের তুলনায় অতান্ত কম। নিয়মিত সময়ে বেতন দিতে পারে না ব'লে দকল বোর্ড'দের আমরা গালাগালি করছি, কিন্তু তাদের স্মৃত্থল ও সন্তোষজনকভাবে কাজ করবার স্থোগ আমরা করে দিই না। স্কুল বোর্ডের কেরানীর সংখ্যা বৃদ্ধি ক'রে এই অনিয়মিত বেতন দান সমস্যার সমাধান সরকার অনায়াসে করতে পারেন। ইদানীং সরকার প্রাথমিক শিক্ষার উন্নতিকলেপ কিছুটো ব্যুস্ত হয়েছেন দেখছি। এটি আনন্দের কথা। কিন্তু এ ব্যাপারে সব সময় তাল ও মাত্রা তাঁরা ঠিক রাখতে পারছেন ব'লে মনে হয় না। যেমন, 'স্কুল মাদারে'র একটা পরিকল্পনা তাঁরা করেছেন। পরিকলপনাটি যে ভাল তাতে সন্দেহমাত্র নাই। কিন্তু মন্ত্রীমহাশয়কে আমি বলেছি এসব পরিকল্পনা করবার সময় তাঁরা ভূলে গেছেন যে ফার্চ্ট থিংস শুড কাম্ ফার্চ্ট। রেলের থার্ড ক্লাস যাত্রীদের স্ক্রবিধার জন্য থার্ড ক্লাস গাড়ী এয়ার কন্ডিসান করা যেমন ভাল এটাও তেমনি ভাল। সমস্যার কিছুই এতে সমাধান হবে না। কিন্তু এসবের প্রয়োজন যদি শিক্ষার কোয়ালিটেটিভ বা গ্লেগত উৎকর্ষ বৃদ্ধি করতে হয় তারই জন্যে। সূতরাং অনাবশ্যক হ'লেও সেদিক দিয়ে বিচার ক'রে আমি এতে আপত্তি করবো না। পরিষদপাল মহাশয়, আমার আর সময় নেই বলে বন্ধুতার উপসংহার করতে হচ্ছে। আসন গ্রহণ করবার পূর্বে আমি আবার বন্ধুদের বলব তাঁরা ধীরভাবে উপলব্ধি কর্ন যে শিক্ষার বিস্তার ও গুণগত উৎকর্ষ এই দুটো জিনিস একসংশা বর্তমান অবস্থায় হয় না। আর একটা মাত্র কথা বলেই আমি শেষ করব। ত্রিপ্রোরিবাব্ রিলিজিয়াস এডুকেশন সম্বন্ধে বলেছেন। এই রিলিজিয়াস এডুকেশন যাতে প্রতি বিদ্যালয়ে প্রবর্তন করা হয় সেসম্বন্ধে অনেক দিন ধরে আমি শিক্ষামন্ত্রীকে বলেছি। তিনি এ বিষয়ে সম্পূর্ণে একমত ও বিশেষ উৎসাহী। কিছুদিন আগে মাদ্রাক্তে শিক্ষামন্ট্রীদের বে

সন্মেলন ইয়েছিল তাতেও এই প্রস্তাব গৃহীত হয়েছিল। কিল্কু এই প্রস্তাব কার্যকরী করা বড় সহজ নয়। বল্ধ গ্রিপ্রারিবাব কো কলব কিভাবে এই ধর্মা দিক্ষা রিলিজিয়াস এডুকেশন আমাদের শিক্ষায়তনগ্রিলতে ইনটোডিউস করা যায় সে সন্বন্ধে তিনি একটা পরিকল্পনা দিলে ভাল হয়। এই একটি কথা বলে যে বজেট এখানে পেশ করা হয়েছে তাকে সমর্থন জানিয়ে আমার বস্তৃতা শেষ করছি। এবং সভার এতক্ষণ সময় নিলাম বলে সভাপতি মশায়, আপনার কাছে ক্ষমা প্রার্থনা করিছ।

Janab Syed Sahedulla:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, বাজেটের সাধারণ চরিত্র সম্বন্ধে মন্ত্রীসভার থেকে দাবী করা হয়েছে যে এটা খাব প্রগতিশীল এবং তাঁরা বলতে চাইছেন যে ডেভার্লপিং ইকনোমির বাজেট যেভাবে হওয়া উচিত সেইভাবেই বাজেট হয়েছে। কিন্তু সতিয় এই দাবীটা ঠিক কিনা সেটা বেশী তথ্যের উপর দিয়ে না গিয়ে যা আমাদের চোখের সামনে দৈনন্দিন জীবনে যা ঘটছে তাই বলছি। আমি বেশী কথার মধ্যে দিয়ে যাচ্ছি না। শিলেপাৎপাদন সম্বন্ধে কোলকাতার পরেই বর্ধমান জেলায় আসানসোল মহকমার কথা আসে। মাননীয় রাজ্যপালিকার ভাষণের আলোচনার সময় আমি বলেছিলাম যে বার্নপূরে কারখানার স্টেশন ওয়াগন বন্ধ করা হয়েছে, অনেক মজ্বর নিয়োগ করা হয়েছে। ওয়াগনের প্রয়োজন নেই কেন? ওয়াগনের প্রয়োজন যথেণ্ট আছে। প্রধানমন্ত্রী চিৎকার করে বলেন যে উৎপাদন বাড়াও, কিন্তু যে মজ্বরদের লে-অফ করা হল তারা কি করে উৎপাদন করবে? তাদের উৎপাদন করার যে যন্ত্র সেই যন্তের মালিক স্যার মুখার্জি--িযিনি এখানকার মন্তিমন্ডলীর একজন বিশেষ বন্ধ। এইসব মজ্বরদের যখন লে-অফ করে দেওয়া হয়েছে তখন তারা বার বার করে সভা মিছিল করেছে, কিন্তু গভর্নমেন্টের তরফ থেকে কোন সাড়া নেই। তাঁরা প্রকাশ্যে মজ্বরদের বলেন যে আমরা বাধ্য করাব সরকারকে যাতে আরও বেশী করে ওয়াগনের জন্য দাম নিতে হবে। সেজন্য তার লে-অফ করিয়ে এবং কারখানা বন্ধ করে দিচ্ছে। এইভাবে শিল্পপতিরা কারখানা বন্ধ করে দিচ্ছেন। আগনারা জানেন যে কুলাট কারখানায় গতবারে শ্রমিক ছাঁটাই হয় এবং উৎপাদন বন্ধ করে দেওয়া হয়। এর ফলে তাদের কোথায় নিযুক্ত করা যায় সেই প্রশেনর সম্মুখীন শ্রমিক ইউনিয়ন ও সরকারকে হতে স্কৃতরাং লোহশিলেপর উৎপাদনে এই অবস্থা হয়েছে এসব কারথানাতে—সেখানে উৎপাদন বাড়ছে ना এটা সহজেই বুঝা যাচ্ছে। তার পরে কিছু কিছু ছোট ছোট এবং মাঝারী কয়লার্থনি বন্ধ रताष्ट्र। ष्टां ष्टां करानार्थीन राग्नीन वन्ध रराष्ट्र जात मध्य किन्द्र किन्द्र थीन रथानाराज किन्द्री राष्ट्र, जातक जाल्मानातत भारत किन्छ एमथा याएक रमथात म्थानीय लाकएमत त्निथया राष्ट्र ना। पापि जभरी अल्यात कथा वलाता, जामानरमारलात খून मिस्रकरि करसक मारेरलात मर्सा। এ সম্বন্ধে আমি নিজে শ্রমমন্ত্রী মহাশয়কে লিখেছিলাম। আমি সে অণ্ডল ঘুরে এসেছি, সেখানকার গ্রামবাসীদের অভিযোগ যে তাদের পিতা-পিতামহদের অনেক সময়ে ভুল বুকিয়ে জমি **त्निहा राहरू धरे वर्रण राह्म, राज्यारन राह्म थिन राह्म थिन एक प्राप्त का** अर्था । स्वाप्त स्वापत स्वाप्त स्वाप्त स्वापत स्वापत स्वापत स्वापत অনেকে জমি ছেড়ে দিয়েছে কিন্তু সেই অঞ্চলে সেই সমস্ত খনিতে গ্রামবাসীরা কাজ পাচ্ছে না অথচ তাদের যথেণ্ট অভিজ্ঞতা আছে. এমন কি স্থানীয় যেসমস্ত হিন্দুস্থানী শ্রমিক তপসীর वाकारत এরা ওখানে কাজ করে তাদের সেখানে নেয়া হচ্ছে না। বাইরে থেকে নতুন লোক আনা হচ্ছে এবং এই সমস্ত খনির মালিক হচ্ছেন বাংগালী, বাংগালী মালিকরা এভাবে ষড়যন্ত্র করে বাইরে থেকে লোক নিয়ে আসছে। আপনারা স্মরণ করন দুর্গাপুরের ব্যাপারে এই প্রশ্ন আনার সময় শ্রমদন্তী এবং সরকার থেকে কি প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল এবং বর্তমানে কিভাবে সেই প্রতিশ্রুতি রক্ষা করা হচ্ছে তা সহজেই ব্রুবতে পারেন। কয়লার উৎপাদন কমে যাচ্ছে সে সম্বন্ধে কোন সন্দেহ নেই এবং খনি অণ্ডলে কাজ বন্ধ হয়ে রয়েছে। দ্বর্গাপ্তরে বাংগালী শ্রমিক নিয়োগ করার দাবী উঠেছে, সেখানে স্থানীয় শ্রমিক বেশী নিয়োগ করা হয় নি। টেম্পোরারী চাকরী যারা করছেন ভাদের কি অবস্থায় কাজ করতে হচ্ছে সে দুর্দিন আগের ধর্মঘটের মধ্যে দিয়ে বোঝা গেছে। চাষের ব্যাপারে আমি সেদিন সার বিতরণের ব্যবস্থার কথা বলেছি এবং দাবী করেছি যে, অতীক্তে যেমন ছিল তেমন সার ঋণ দেয়া হোক্ করণ বড় চাষী, ধনী চাষী তারা ঋণ বাকী ফেলে রেখেছে; পরীব চাষী বাকী ফেলে রাখে নি। এই বাজেটে ৫০ লক্ষ টাকা মাত্র ধরা হয়েছে। এটা দেখলে-ব্রুকা বান্ধ যে চাবের উৎপাদনের ব্যাপারে সরকার কিরকম সাহাষ্য করতে প্রস্তৃত আছেন। ৫০ লক্ষ টাকা নগদ লোন দেয়া হবে এবং তারা সরকারের নিযুক্ত ফড়িয়ার কাছ থেকে কিনবেন, এরকম ব্যবস্থা ছিল এবং তার জন্য চোর কারবার হয়েছিল, আবার সেই ব্যবস্থা করছেন। ৫০ লক্ষ টাকা সারের জন্য ধার দেবেন—মুখ্যমন্ত্রী মহাশয় যে স্টেটমেন্ট দিয়েছেন তাতে বলেছেন মার্কেট লোন থেকে এই টাকা সরবর হ হবে। তাঁদের মনোভাব প্রথম থেকেই এই মার্কেট লোনের দিকে কিন্তু আমরা জানি তার ফাউন্ডেশন খুব সলিত্ হয় না।

[12-12-10 p.m.]

তারপর খণের পরিমাণ গত বছর যা ছিল এ বছর কম ধরা হয়েছে তার থেকে। গত বছর শেষের দিকে চাষীরা যাই হোক কিছ্ম ঋণ পেয়েছিল। অনেক আন্দোলন করার পরে চাষীরা কিছু, ঋণ পেয়ে গত বছর বে'চেছিল, কিন্তু এ বছর কেন কম ধরা হল? চাষীদের অবস্থা কি ভাল হয়ে গিয়েছে? আপনারা কি মনে করছেন তাদের আর খণের কোন প্রয়োজন হবে না? আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, আমার সঙ্গে চলুন গ্রামাণ্ডলে, দেখে আসবেন আজকে গ্রামাণ্ডলে দুভিক্ষি অবস্থা প্রায় এসে গিয়েছে। সূতরং আপনারা যে টাকা বরান্দ করছেন তা অচিরেই প্রমাণিত হয়ে যাবে এ টাকা যথেন্ট নয়। আজকে যদি সতি।কারের চাষীদের উন্নতি করতে **ठान. (मृद्यात अप्तातम्थात छेन्नीं कर्तर् ठान. जार्ट्स हायीप्तत मूर्या छेश्माट्त मुखात कर्तर रूट.** ঋণ, সার, বীজ ইত্যাদি সরবরাহ করে এবং চাষীকে স্বিত্যকারের জমির মালিক করে—তবেই সতািক রে দেশের খাদ্যাবস্থার সমাধান হতে পারে। কিন্তু আজকে আপনারা কি করছেন—ঠিক উল্টেটাই করছেন। আজকে সমুহত সরকারী যন্ত্র জমিদার, জোতদারদের স্বার্থে প্রয়োগ করা হচ্ছে। আপনাদের এাডিমিনিস্টেটিভ ডিপর্টামেন্ট থেকে কায়েমী স্বার্থবাদীদের রক্ষা করবার জনা সমস্ত রকম চেণ্টা করা হচ্ছে। আজকে সরকারী শাসন্যন্ত্র সমস্ত্রকিছ্ই প্রয়োজিত হচ্ছে এই এক উন্দেশো। তাঁরা প্রালিসের সহায়তায় ভাগচ ষীদের উচ্ছেদ করছে। আজকে কাটোয়াতে আমরা এই ঘটনা প্রতাক্ষ কর্রাছ। তার পর আপনারা দামোদর কানেল ও ডি ভি সি-র এলেকায় করবৃদ্ধি করে যাচ্ছেন, কিন্তু যে পরিমাণ জল সরবরাহের প্রতিশ্রতি দেওয়া হয়েছিল তা পালন করা হচ্ছে না। প্রথমে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল যে, ৪ লক্ষ্ম একর জমিতে জল দেওয়া হবে, কিন্তু তা তাঁরা দেন নি। এবং এ সন্বন্ধে কোর্নাকছ, বাবস্থাও করা হচ্ছে না। এবং যে সময় জল পেলে চাষীর সত্যিকার উপকার হোতে পারে, তখন জল দেওয়া হয় না: এ নিয়ে আমরা ইতিপূর্বে এখানে বহু অভিযোগ উত্থাপন করেছি—কিন্ত কোন ফল হয় নি। ডি ভি সি ম্পর্টেই বলে দিচ্ছে যে, জল দেবার সম্ভাবনা নাই এবং আপনারাও এ সম্বন্ধে ডি ভি সি-এর সংগ্র কেন ব্যবস্থা করে উঠতে পারছেন না। কিছুদিন আগে স্টেট সম্মান কাগজে ক্যানেল নীতি সম্পর্কে একটা প্রবন্ধ বের হয়েছিল নাশনাল কাউন্সিল অব এ্যাপ্লায়েড ইকর্নামক রিসার্চ থেকে —তাতে বলা হয়েছে

The National Council of Applied Economic Research which examined criteria for the fixation of charges for irrigation water, has rejected the system as unscientific and has made a number of recommendations which the authorities should follow as guiding principles.

কিন্তু এই প্রিন্সিপল আপনারা মানেন না। তাঁরা ইনভেস্টমেন্ট ইন ইরিগেশন সম্বন্ধে বলেছেন—The Council says "Investment in irrigation has direct and indirect benefits over the whole economy. It also results in considerable external economies. The Council agrees with the Taxation Inquiry Commission that the question of investment in irrigation should be examined on the basis of its total economic and social benefits.

এসন্বন্ধে আমরা আগেও এই হাউসে বলেছি যে. কাানেল এলেকায় জলের জন্য শৃথ্ধ যে চাষীরাই উপকৃত হয় তা নয়, সমস্ত দেশের লোকই এর ফল ভোগ করে—কিন্তু এই প্রিন্সিপল আপনারা কোনদিন মানেন নি। ক্যানেল-এর এলেক র জন্য যে খরচ তা যদি সেই এলেকার চাষীদের উপরই শৃথ্য চাপাতে চান তাহলে চাষীরা তা সইতে পারবে কেন? চাষীরা ডাইরেক্টলি উপকৃত হলেও ইনডাইরেক্টলি আরো অনেকে উপকৃত হয়। ইনডাইরেক্টলি বিজিনেসম্যান, কন্টাক্টর, ফরেন এক্সডেঞ্জ সকলেই বেনিফিটেড হয়। স্কুতরাং সেখানে যদি চাষীদের ক্রমক্ষমতা বাড়ে

দশেগ সপো দেশের সকল লোকই বৈনিষ্টিত হয়—প্রাইমারি স্টেজের এক্সপৌন্ডচার হয়তো চাষীরা কিছ্টো বহন করতে পারে, কিন্তু সমস্ত ক্যানেল এক্সপেন্ডিচার তারা কেন বহন করবে? এ সন্বন্ধে ন্যাশনাল কাউন্সিল অফ ইক্নিমক রিসার্চ স্পন্ট ভাষায় তাদের বস্তুব্য পেশ করেছেন। কিন্তু এ সন্বন্ধে মন্ত্রী মহাশয় একদম নীরব। তার পর, ডি ভি সি আজকে রিজ তৈরি করতে অস্বীকার করেছে। এ সন্বন্ধেও মন্ত্রী মহাশয় আমাদের কিছ্ই বলেন নি। যাই হোক, আমার সময় বিশেষ সেই, সভাপতি মহাশয় আমাকে বসে পড়ার জন্য নিদেশি দিছেন—আমি আসনগ্রহণ করার আগে একথা বলতে চাইবো। এই প্রতিক্রিয়াশীল বাজেট আমরা কিছ্তেই সমর্থন করিতে পারি না। এবং আমি এই বাজেটের তীর বিরোধিতা করছি।

[12-10—12-20 p.m.]

Sj. Pashu Pati Jha:

মাননীয় সভাপতি মহাশয়, এই বাজেট সমর্থনে আমি দ্ব্-চারটা কথা আপনার সামনে রাখতে চহি। প্রথমত এই বাজেট সম্বন্ধে বলতে গেলে মনে হয়় আমাদের পশ্চিমবংগর সীম বন্ধ আয়ের ন্বারা যতট্বকু উর্মাতিম্লক কাজ করা সম্ভব তা সমসত এই বাজেটে করতে চেণ্টা হয়েছে, এবং সেই জন্য আমি বলবো এটা সমর্থনিযোগ্য। ১৯৪৭ সাল থেকে অমরা বরাবরই দেখে অসিছি পশ্চিমবংগ ডেফিসিট বাজেট হয়়ে আসছে। কিন্তু এবার সেটা হয়় নি এবং ন্তন করে কোন করেরও প্রস্তাব করা হয়় নি। সেই জন্য আমি এই বাজেট সমর্থন করি।

এখানকার শতকর। ৪৮ ভাগ লোক কৃষির উপর নির্ভরশীল। সূতরাং আমি মনে করি কৃষি ব্যবস্থা আরও উন্নত করার বিশেষ দরকার অ'ছে। অবশ্য আমাদের সরকার নানাভাবে চেণ্টা করছেন ঠিকই, যেমন অনেকগুলি উন্নতধরনের সিড খামার প্রতিণ্ঠা করেছেন। নর্থবেংগলে সিড্ও সয়েল সার্ভের কাজ আরম্ভ হয়েছে। এই সমস্ত করা সত্ত্তে আমি বলবো শুধু সিড্ খামার দিয়ে আমাদের কৃষির উন্নতি হতে পারে না। তার আগে কোন জামতে কোন সিড দরকার সেটা ব্রুবতে হবে। সেইজনাই সয়েল সার্ভে করা খুব দরকার। আমরা দেখেছি অনেক জায়গায় উন্নত ধরনের আবাদ করে ধানের গাছ খ্ব ভাল হয়েছে, কিন্তু ফলন সেই অনুযায়ী হয় নি, সেইজন্য প্রথম সয়েল সার্ভের একানত প্রয়োজন আছে। এবং ন্বিতীয় দরকার হচ্ছে ইরিগেশন। অবশ্য রাসায়নিক সারের বাবস্থা করা হচ্ছে, কিন্ত আমাদের দেশীয় সার তার চেয়ে অনেক ভাল। এবং র সায়নিক সার প্রয়োগ করবার আগে জমি পরীক্ষা করা একান্ত আবশ্যক। জমি আগে পরীক্ষা না করে যদি রাসায়নিক সার ব্যবহার করা হয় তাহলে জমির অনেক ক্ষেত্রে ক্ষতি হয়। সেইজন্য রাসায়নিক সারের প্রয়োগবিধি আমাদের দেশের সাধারণ লে ক ও চাযীদের মধ্যে প্রচার क्রा অপরিহার্য। আমাদের এগ্রিকালচার ডাইরেক্টরেট সন্বন্ধে দু-একটা কথা না বলে পার্রাছ না। সটা হচ্ছে আমাদের ডিম্ট্রিক্ট হেড-এ এগ্রিকালচারাল স্বপারিন্টেন্ডেন্ট যিনি, তাঁর সংগ্রে জমির ন্দপর্ক কতখানি আছে জানি না, এবং তাঁর কৃষকের সংখ্য কতট্টকু যোগাযোগ আছে তা জানি না; মথচ তিনি ডিস্টিক্টের কৃষি দশ্তরের সর্বময় কর্তা হয়ে বসে আছেন। তাঁর কৃষির সংগে যদি নিবিড় সম্পর্ক না থাকে, তাহলে যতই টাকা খরচ কর্মন না কেন, তাঁর দ্বারা কৃষির উমতি করা ম্পনও সম্ভব নয়। এইভাবে কৃষির কাজ চললে চাষের উন্নতি হতে পারে না। এ বিষয়ে আমি র্গিষ মন্ত্রী মহাশয়ের দূর্গিট আকর্ষণ করছি। এগ্রিকালচারাল স্কুর্গারিনেটনেডন্টরা একেবারে ^{গ্}ইল পরিষ্কারের কাজে নিজেদের নিবন্ধ না রেখে ম'ঠের সঙ্গে এবং চাষির সঙ্গে যোগাযোগ থাপন করে চাষীদের উন্নত ধরনের চাষ করবার পর্ম্বাত সরল ও সহজ ভাষায় শিক্ষা দেওয়া উচিত হল। অবশ্য সরকারের তরফ থেকে কতকগর্নল ডিমনস্টেশন ফার্ম করা হয়েছে। আমি ^{।খা}নে বাস করি সেখানে ২৫ একর জমির উপর একটা ডিমনস্টেশন ফার্ম করা হয়েছে।

কিন্তু সেই ফরম যা হয়েছে তা সত্য সতাই আশাবাঞ্জক নয়—পাশের জমিতে চাষীরা নিজেরা চাষ করেছে তাতে অনেক ভাল ফসল হয়েছে। কেন কম হ'ল—টাকা প্রচুর খরচ করেও ফসল কেন হল না তা ব্রুতে পারি না। আমাদের চাষীদের মধ্যে অনেক ভাগ চাষী আছে তাদের জেগ পরামর্শ করে যদি কাজ করেন তাহলে কাজ যে অনেক ভাল হবে এ বিষয়ে সন্দেহ নেই গরণ এই সব চাষীরা নির্দিষ্ট অঞ্চলের অবস্থা সম্পর্কে অনেক বেশি অভিজ্ঞ। বিলাত ফেরত

একজন অফিসারের সপো জমির সম্পর্ক কতট্নকু থাকে, তার জ্ঞানই বা কতট্নকু প্রারিত? আমার মনে হয় স্থানীয় উন্নত ধরনের চাষীদের সঙ্গে যোগাযোগ করে তিনি যদি কাজ করতে যান তা হলে তাঁর পক্ষে কাজ করা অনেক স্ক্রিধাজনক হবে।

আমাদের একটা জমিতে চার বছর ধরে কোন ফসল হয় না—প্রাকৃতিক দর্বেশিগ, বন্যাতে ফসল নন্ট হয়ে গিয়েছিল। সেথানে লোক বহর্দিন ধরে ক্যাশ ডোল ড্রই ডোল প্রভৃতি সরকারী সাহায্যের উপর বে'চে ছিল, এ বছর কলাই ফসল, গত বছর আম যেটা আমাদের দেশের বড় ফসল সেটা নন্ট হয়েছিল। মুকুল ভাল হয়েছিল—কাগজে দেখেছিলাম বাম্পার ফ্লাওয়ারিং, কিন্তু শেষ পর্যন্ত আম হ'ল না। আমরা কৃষি দণ্তরকে অন্বরোধ করব মুকুল হয়ে আম হয় না কেন সে সম্বন্ধে একটা অনুসন্ধান কর্ন, যাতে মুকুল নন্ট না হতে পারে, তার উপায় উল্ভাবন কর্ন।

নর্থ বেগলে ইরিগেশনের কোন উর্নাত হয় নি—বিশেষতঃ আমি যে থানার অথিবাসী সেখানে এক কাঠা জমিতেও ইরিগেশনের ব্যবস্থা হয় নি। অথচ ইরিগেশন হলে আমাদের ওখানে যথেণ্ট ফসল ফলতে পারে কারণ, আমাদের ওদিকে প্রায় সমস্ত জমিই দোফসলা ভাদ্ই এবং রবিশস্য। ছোট ছোট ইরিগেশনের ব্যবস্থা করে কিছু কিছু জমিতে জল দিয়ে যদি ফসল বৃদ্ধি করা সম্ভব হয় তাহলে দেশে যারা সংগতিসম্পন্ন লোক আছেন তারা মিলিতভাবে অরও চেণ্টা করে এই ব্যবস্থা বাড়াতে পারবেন। আমি বিশেষ করে অনুরোধ করব অন্ততঃ মানিকগঞ্জ থানায় ছোট ছোট ইরিগেশন স্কীম নিন—সেখানে শতকরা ৯০ ভাগের বেশি লোক চাষের উপর নির্ভরশীল। গত চার বছর নানা দুর্যোগে সেখানে চাষীরা সম্পর্ণভাবে প্রণ এবং সরকারী সাহাযোর উপর বেণ্টে আছে এবং তার ফলে ১৯৬২ সাল থেকে ৬৪ সাল পর্যন্ত থাজনা দিতে পারেনি—১৯৬৫ সালে তাদের বির্দ্ধে কোর্টে নালিশ হবে, ফলে তাদের অত্যন্ত বিপন্ন হতে হবে। আমি তাই দাবী করছি অন্ততঃ এক বছরের খাজনা যেন তাদের মনুক্ব করা হয় এবং এই ক সালের খাজনার উপরে যেন স্কুদ আদায় না করা হয়। এখন ঋণ আদায়ের জন্য বিশেষ তাগিদ চলছে। আমাদের ওখানে আমন ফসল হয় না—সেখানকার শতকরা ৮০ জন লোক রাঙাআল্ব খেয়ে বেণ্টে আছে, সেখানে ঋণ আদায় করতে গেলে আমি বলব তাদের উপর উৎপীড়ন করা হবে।

[12-20—12-30 p.m.]

এখনই ঋণ আদারের চেণ্টা করা হচ্ছে। আমি বলবো এই সাহায্য দিয়ে তাদের উৎপীড়নই করা হবে। অন্ততঃ তাদের আগামী চৈত্র মাস, দ্যাট ইজ, এপ্রিল মাসে রবিশস্য না হওয়া পর্যন্ত তাদের ঋণ আদায় মনুক্ব না করলে তাদের দ্বর্দশা চরম অবস্থায় পেণছাবে। অমি এই প্রসংগ্য একটা এ আর ও-র চিঠি পড়ে দিছি।

পি ইউ বি চৌকি ইউ বি

মহাশয়.

আগামী ১৩-২-৫৯ তারিখে ইউনিয়নে ঋণ আদায়ের জন্য অস্থাবর মাল ক্রোক করার দিন ধার্য করা হইয়াছে। ঐ দিনে বেলা ১০টায় বোর্ড অফিসে দফাদার ও চৌকিদারগণকে হাজির ধাকিতে নির্দেশ দিবেন। আপনিও দয়া করিয়া বোর্ড অফিসে উপস্থিত থাকিবেন।

> ইতি— এ সরকার এ আর ও

> > 20-2-60

এইভাবে মাল ক্রোক করার কথা হচ্ছে। অন্ততঃ একটা ফসল না হওরা পর্যন্ত যদি ঋণ আদায় করা হয় তাহলে সত্য সতাই তাদের উপর অত্যাচার করা হবে। আমি মনে করি না বে এটা সরকার চান। মনে হর এটা এ আর ও নিজে না ব্বে এই জিনিসটা করেছেন। আমি মন্ত্রী মহাশয়কে এই বিষয় অন্বরোধ করবো যে ডিস্টিক্ট ম্যাজিস্টেট তিনি যেন এই সন্বন্ধে যথায়থ নির্দেশ প্রদান করেন।

মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর আমি একটা বিষয়ের প্রতি দৃ্ছি আকর্ষণ করছি। আমার থানায় ভূলনী দিয়ারা বলে একটা এলাকা আছে। তার লোকসংখ্যা ২২ হাজার। তার চারদিকে গঙ্গা নদীর ম্বারা সেই অণ্ডল ঘেরা, যার ফুলে অন্য জায়গার সঙ্গে এর কোন যোগাযোগ নেই। সেখানে যদি যেতে হয় তাহলে গঙ্গা নদী পার হয়ে যেতে হয়। সেই অণ্ডলে স্বাস্থ্যকেন্দ্র হওয়া খ্ব দরকার। সেখানের অধিবাসীদের মধ্যে শতকরা ৯৯ ভাগই চাষী। তাদের চার বংসর অজন্মার ফলে তাদের আর কিছু দেবার ক্ষমতা নেই। সম্পূর্ণ সরকারী বায়ে স্বাস্থাকেন্দ্র না হলে সেখানকার লোকরা চিকিংসার স্যোগ পাবে না এবং কোন অসম্থ হলে তাদের ঝাড়ফ্রকের উপর বা হাতুড়ে ডাক্তারের উপর নির্ভর করে থাকতে হয়। এই জন্য মাননীয় স্বাস্থামন্ত্রী মহাশয়ের দৃষ্টি এই বিষয় আকর্ষণ করছি এবং এই কথা বলেই আমি আমারে বন্ধব্য শেষ করিছ।

Sj. Bijay Bihary Basu:

মাননীয় সভাপতি মহাশয়, আম্প্রদের এই বাজেট অর্থাৎ আগামী বংসরের আয় কি হবে, কোথা থেকে কি হবে এবং ব্যয় কোন বিভাগে কি পরিমাণ করা হবে তার একটা বিবরণ। এই আলোচনা প্রসংগ আমার মনে হয় সরকারের যে মৌলিক দায়িত্ব সেটা হচ্ছে দেশের আপামর নির্বিশেষে সকল অধিবাসীকে খাদ্য দিতে হব, তাদের স্বাস্থ্যের ব্যবস্থা করতে হবে, আর শিক্ষার ব্যবস্থা করতে হবে। জনসাধারণের মৌলিক দাবী এই, অধিকার এই, আর সরকারের মৌলিক দায়িত্ব এই।

এই আয়-ব্যয়ের হিসাবের আলোচনা প্রসঙ্গে আমি বর্তমানে যে বংসর চলেছে সেই বংসরের খাদ্যের অবস্থাই আমি প্রথমে জানাচ্ছি। আমাদের মহামান্য রাজ্যপাল মহোদয়ার ভাষণে আছে খাদ্য পরিদ্যিতি উদ্বেগজনক। আমরা সকলেই জানি দেশের বহু স্থানে খয়রাতি সাহায্য দেওয়া হয়েছিল, পল্লী অণ্ডলে আংশিক রেশন ববস্থা করতে হয়েছিল, দুর্ভিক্ষ অবস্থা বহু म्थात्न हर्त्नाष्ट्रन । ताकाशान भरहामशात ভाষণে আत्र वना रस्तर एय. जनाव कि उ वना ইত্যাদির জন্য বহু স্থানে খাদ্যশস্য নন্ট হয়ে গেছল—১৯৫৭ সালে। সেজন্য ১৯৫৮ সালে এরপে একটি অপ্রীতিকর পরিম্পিতি এসেছিল যার জন্য সরকারকে নেমে আসতে হয়েছিল খাদোর বাবসা হাতে নিতে, লোককে খাইয়ে-পরিয়ে বাঁচিয়ে রাখতে। অবশ্য সহর ও শিল্পা**ওলে** तिभन मात्रकः य थाना प्रविद्या रखिक्य स्मिणे भूग तिभन किन्छ भूकी अक्षल प्रविद्या रखिक्य আংশিক রেশন এবং খয়রাতি সাহায্য, যা খেয়ে মান্ত্র কোন রকমে জীবন ধারণ করতে পারে। আমি নিজের চোখে দেখেছি বহু এলেকায় এ রকম হয়েছে আমাদের ২৪-পরগনা জেলা ম্যাজিম্টেটকে এ জিনিস আমরা জানিয়েছি—৭ দিন ৮ দিন পর্যনত ভাত থেতে পায় নি দুদিন র্টি থেয়েছে, অন্যান্য কদিন এরকমভাবে কচুর মূল ও গাছের ফল থেয়ে কাটিয়েছে। এ দুশ্য সামনে রেখেই বর্তমান বছরে এাণ্টি-প্রফিটিয়ারিং বিল আনা হল। যা দেখছি এ বছরও সেই পরিস্থিতি ঘটবে। যদি আমাদের সরকার জনপ্রিয় সরকার খাদ্য দিয়ে দেশবাসীকে চিন্তার অতীত না রাখতে পারেন তাদের খাইয়ে বাঁচিয়ে না রাখতে পারেন তাহলে সরকার মানুষের অান্থা এবং বিশ্বাস হারাবেন। সরকার কেন, প্রতিটি মান্ত্র জানে—যে একটা শাসন **চলে** মানুষের মনের উপর। কামান গুলিগোলা পুলিশ এ রাজ্য শাসন করতে পারে না। এই শাসন করতে গিয়ে সরকার মানুষের মনের কতটা অ:স্থা রাথতে পারছেন? এখন এই খাদ্য যেভাবে দিয়ে আসছেন, এই খাদ্যাবস্থা যদি এভাবে চলতে থাকে তাহলে জনসাধারণের মনের ওপর থেকে সরকারের প্রতি আম্থা চলে যাবে। আমি সময়মত সরকারকে তা স্মরণ করিয়ে দিচ্ছি। এখন পর্যানত শহরাঞ্চলে এবং শিল্পাঞ্চলে নির্ধারিত মাল্যে চাল পাওয়া যাচ্ছে না, পল্লীগ্রামের কোথাও পাওয়া যাচ্ছে না, সেখানে রেশন নাই—আংশিকও নাই, পূর্ণে রেশন ত নাই-ই; খোলা বাজারে কিনতে হয়। মোটা চাল ২২ টাকার কমে পাওয়া যায় না। ফাইন চাল ২৫।২৬ টাকায়ও পাওয়া ^{যায়} না। যারা ভূমিহীন কৃষক চাষবাস আছে তাদের কি দরেবস্থা, তারা যে কি কণ্টে দিন

কাটাচ্ছে আমরা বারা পল্লীপ্রামে থাকি, পল্লীপ্রামের সংগ আমাদের সংযোগ আছে, আমরা জানি। আমি সরকরকে এ বিষয়ে অবহিত হতে বলি। সরকার যে রেশন ব্যবস্থা চালা, করেছেন সেটা অবিলন্দের পল্লী অঞ্চলে চালা, করতে হবে। আর এই প্রসংগে জানাচ্ছি সরকার পক্ষ থেকে যে বার বার বলা হয় যে অনাব্দিট, অতিব্দিট ও বন্যার জন্য দেশের শস্য নন্ট হয়ে যায় কিন্তু আমরা আমাদের বাজেটে দেখছি যে সেচের এবং বন্যা নিবারণের জন্য বহু টাকা খরচ হয় কিন্তু আমি জিজ্ঞাসা করতে চাই আজ পর্যন্ত এই সেচ এবং বন্যা নিবারণ দ্বারা আমাদের দেশের কি উপকার হল?

[12-30—12-37 p.m.]

আমি জিল্পাসা করতে চাই যে আজ পর্যানত এই সেচ এবং বন্যা নিবারণের ম্বারা দেশের কি উপকার হল? প্রতি বংসর দেখি নদীর বাঁধ গিয়ে জল ঢুকে যাচ্ছে, এবং হাজার হাজার বিঘা জমির চাষ নন্ট হচ্ছে। প্রায়ই দেখছি বৃণ্টির অভাবে হাজার হাজার বিঘা জমিতে কোন চাষই হল না। সেচের এবং বন্যা নিবারণের যে ব্যবস্থা আছে তা দিয়ে যদি আমাদের কিছ্নাত্র কৃষির উন্নতি না করতে পারা যায় তাহলে সেচ বা বন্যা নিয়ন্ত্রণ বিভাগ মুছে দিতে দোষ কি?

তার পর স্বাস্থ্যের কথা বলব। আমাদের কাছে পরিবেশন করা হয়েছে কতগর্নাল স্বাস্থ্য-কেন্দ্র বেড়েছে, হাঁসপাতাল বেড়েছে, হাঁসপাতালের বেড্সংখ্যা অনেক বেড়েছে—হাজার হাজার। কিন্তু আমাদের দেশের লোকের অনুপাতে কিভাবে হয়েছে তার পরিসংখ্যান দেওয়া হয় নি। আমার কথা হচ্ছে হাসপাতালের সংখ্যা ব্দিধ নয়, বেড্ ব্দিধ নয়। যে কটা বেড্ আছে তার সমুষ্ঠা পরিচালনা, রোগীদের প্রতি সহদয়তাপূর্ণ ব্যবহার, এইগালিই সরচেয়ে আগে চাই। যারা হাঁসপাতালে যান তাঁরা আম'দের মতই গরীব লোক। তাঁরা দেখেছেন কি নিদার ন অবহেলা রোগীদের সহ্য করতে হয়। আর জি কর মেডিক্যাল হাঁসপাতালের ব্যবস্থাপনা সর্কার নিজের হাতে নিয়ে জানাচ্ছেন যে সেখানে অব্যবস্থা খুব বেশি। আমরা জানি হাঁসপাতালে যে ডাঙার থাকেন তিনি একবারও যান না, রোগী যাতনার অস্থির হচ্ছে, তব, তাঁর কাছে আসেন না, আত্মীয় স্বজন যখন যায় তখন রোগী কাঁদে, এবং বলে যে আমি হাঁসপাতালে থাকব না, আমাকে বাড়ী নিয়ে চলে যাও। সে কথা শুধু নিজের আত্মীয়-স্বজনকে নয়. সাধারণ কোন ভদ্রলোককে দেখলেও রোগী ঐরকম বলে। হাঁসপাতালে ভাল ঔষধ দিতে গেলে বা রম্ভ দিতে গেলে তার জন্য দাম দিতে হবে। এর নাম কি দাতব্য চিকিৎসালয়? এত টাকা দিয়েও সে টাকা যে কিভাবে থরচ হয় তা সকলেই জানেন। তা ছাড়া হাঁসপাতাল থেকে রোগীর অন্তর্ধান হওয়ার কথা, এমন কি হাসপাতালের শ্য্যা থেকে একজনের ছেলে চলে যায়-এরকম বিবরণও ঢের পাওয়া যায়। সরকার পক্ষ হাসপাতালের বেড় বৃদ্ধি না কোরে হাসপাতালগৃলি কি রকম কোরে मूर्फ, जादव পরিচালিত করতে পারবেন তার বাবস্থা আগে কর্ন। সংখ্যাব, দিং হলেই গুলব, দিং হয় না। লাইসেন্সপ্রাপ্ত ডাক্তারদের কথায় বলা যায়—আমরা চৌথের উপর দৈখছি এবং এ বিষয়ে আমি ভূক্তভোগী যে রাত্রি ১১টা, ১২টা বা ১টার সময় যদি হঠাৎ কেউ কোন রোগে আক্রান্ত হয়, তাহলে ডান্ডারের কাছে গেলে ডান্ডার বলেন আমি যাব না এত রাত্রিতে। একটা মানুষ মারা যাচ্ছে, সেখানে তাঁদের প্রাণে এতট্রকু দ্বঃখবোধ হয় না। লোক হয় ত বললে ভান্তারবাব্! करलता राहराष्ट्र, अथनरे ना र्शिल दाशी भाता यात्र, जथन वललन—'६० টाका मिरल जरव याव'। এরকম ঘটনার কথা যদি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় জানতে চাইলে তাঁর কাছে নামধাম লিখে দিতে পারি। আমি বলি ডাক্তর যখন লাইসেন্স নিতে আসবেন তখন এই রকম একটা ব্যবস্থা করে দিন যাতে তা না করতে পারেন। আর তা হলে আমাদের মহাপ্রভাবশালী সরকার রোগকে নিষেধ কর্_ন যে 'ওরে! এত রাগ্রিতে রোগীকে আক্রমণ করিস না'। তা না হ**লে** আমাদের চোখের সামনে যে সব নিষ্ঠার ঘটনা দেখি সেগালি দরে হবে কি কোরে?

এবার শিক্ষার কথা বলব। আমি শা্ধ প্রাইমারি শিক্ষার কথা বলি যে—শিক্ষা কেন বর্ধিত করা হচ্ছে না। তার প্রধান কারণ শিক্ষাকে সামগ্রিকভাবে দেখা হচ্ছে না। প্রাথমিকের সংগ্রেমার মাধ্যমিকের সংযোগ নাই, এবং মাধ্যমিকের সংগ্রে উচ্চশিক্ষার সংযোগ নাই। শিক্ষার এমন ব্যবস্থা বর্তমান বাতে প্রাথমিক বিদ্যালয় থেকে ছেলেরা উপযা্ক হয়ে যে মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালনার বাবস্থাও ঠিক নর। যে বোর্ড তৈরি

*ছা*রে থাকে সে বোর্ড সরকার পক্ষের লোক এবং ইউনিয়ন বোর্ডের সদস্যেরা তৈরি করেন। শিক্ষা বাপোরে ইউনিয়ন বোর্ডের কি মূল্য আছে? তাঁরা যে বোর্ডে আসবেন এ নিয়মটার পরিবর্তন করতে হবে। এটা যতদিন না করতে পারবেন তত দিন পর্যন্ত প্রাথমিক শিক্ষা ভাল হবে না। আর প্রাথমিক শিক্ষা ভাল না হলে মাধ্যমিক শিক্ষাও ভাল হবে না এবং উচ্চশিক্ষাও ভাল হবে না। শ্রন্থের বন্ধ, মহীতোষ রায় চৌধ,রী মহাশয়ের কথার উত্তর দিতে চাই। বললেন আমাদের দেশ যদি কিছুকাল নিরক্ষরতার মধ্যে থাকে তাহলে এমন কি মহাভারত অশুদুধ হবে চ'ডী কি অশান্ধ হবে? আমি বলব দেশ এমন অর্বাচীন নয় যে তাঁর সংগে একমত হবে। আমাদের দেশে প্রাপ্তবয়কের ভোটাধিকার হয়েছে। এখানে সমাজতন্ত্র প্রতিষ্ঠিত হতে চলেছে। এজনা প্রতিটি নরনারী যদি শিক্ষিত না হয়, তাহলে প্রাণ্তবয়ন্দেকর ভোটাধিক র ব্রথা, এবং দেশে সমাজতলের প্রতিণ্ঠাও অসম্ভব। সেটা কেবল কল্পনামাত্র হবে। আমরা চাই দেশে প্রতিটি ছেলেনেয়ে শিক্ষিত হউক। শিক্ষার অন্তরায় সম্বন্ধে মহীতোষবাব যা বলেছেন তার সঞ্জে সকলে একমত যে অর্থনৈতিক উন্নতি করতে হবে। অর্থনৈতিক উন্নতির সংগ্য সংগ্য শিক্ষার প্রসার এবং উন্নতি হবে। ছেলেদের শিক্ষার আগে ছেলেদের বাপমায়ের শিক্ষা আগে দিতে হবে। তার একটা সামান্য কথা বলি। আমি পল্লীগ্রামে ৩।৪টা প্রাইমারি দ্কুল চালাই। এইসব বিদালয়ে ছেলেপিলে বেশি আসে না। পাড়ায় পাড়ায় এত ছেলে রয়েছে, মেয়ে রয়েছে, কিন্তু তাদের স্কুলে দিচ্ছে না। তারা বলে ওরা কি থেয়ে যাবে? ওরা ন্যাংটো হয়ে বেড়ায়। ঐ লেগেরা সারাদিন মাঠে ঘুরলে বা গোবর যোগাড় করলে তব্য দুটো পয়সা পাবে। তারা খাবে কি, বইখাতা কিনবে কোথা থেকে? অ মরা বলেছি কিনে দেবার ব্রহণা করব, তব্ দিতে চায় না। এর কারণ তারা থেতে পায় না। এটা অর্থনৈতিক কারণ। সেইজন্য ভূমিহনি কৃষককে জমি দিতে হবে. তা না হলে শিক্ষা যা চাইছেন তা দেওয়া সম্ভব হবে না।

Adjournment.

The Council was then adjourned at 12-37 p.m. till 9-30 a.m. on Thursday, the 19th February, 1959, at the Legislative Buildings, Calcutta.

Members absent

Bandopadhyay, Sj. Upendra,
Banerjee, Dr. Sambhu Nath,
Banerjee, Sj. Tara Sankar
Basu, Sj. Gurugobinda,
Bhuwalka, Sj. Ram Kumar,
Bose, Sj. Aurobindo,
Chakrabarty, Dr. Monindra Mohan,
Goswamy, Sj. Kanailal,
Nausher Ali, Janab Syed,
Prasad, Sj. R. S.,
Roy, Sj. Surendra Kumar,
Saraogi, Sj. Pannalal,
Sarkar, Sj. Pranabeswar.

COUNCIL DEBATES

Thursday, the 19th February, 1959.

The Council met in the Legislative Chamber of the Legislative Buildings, Calcutta, on Thursday, the 19th February, 1959, at 9-30 a.m. being the Tenth day of the Seventeenth Session, under the Constitution of India.

Mr. Chairman (the Hon'ble Dr. Suniti Kumar Chatterji) was in the Chair.

Pakistani Raid on Indian Territory

[9-30—9-40 a.m.]

- 8j. Nirmal Chandra Bhattacharyya: Mr. Chairman, Sir, I would beg of you to grant me permission to refer to a very urgent and serious matter. I see that the Hon'ble Minister in charge of Home (Police) is not present. The other members of the Cabinet are present. I think they will be able to reply. Recently, possibly yesterday there was a raid of Pakistanis near Bhalupara Border Camp in P.S. Tehatta, District Nadia and the constable on duty was kidnapped. Besides, a member of the National Volunteer ('orps was also bound hand and foot and kidnapped. Besides, the Pakistani raiders carried away two rifles and seventy rounds of ammunitions. Sir, there is a state of panic in the area and we would like to know what the Government have done to restore confidence in the mind of the people. We should also like to know what the Government have done to recover the two rifles and seventy rounds of ammunitions. Sir, four members of the Cabinet are present and I hope that they are ready with the reply.
- Mr. Chairman: The attention of the Home Minister will be drawn to this matter.
- 8j. Nirmal Chandra Bhattacharyya: Sir, I would beg of you that he will reply to this very urgent matter when he comes.
 - Mr. Chairman: I will pass on to him as soon as he comes.
- Sj. Nirmal Chandra Bhattacharyya: This is a very serious matter. It is particularly serious because it has not been possible to protect the life and property of the people.
 - Mr. Chairman: It has become a routine business.
- 8j. Nirmal Chandra Bhattacharyya: Since you have said that it has become a routine business because Government have not been able to protect the life and property of the people, it is a sort of censure upon the Cabinet and I hope they will appreciate the force of this censure.
- (At this stage the Hon'ble Kali Pada Mookerjee entered the chamber when Mr. Chairman handed over to him a certain document and the Hon'ble Home Minister was going through this document.)
- 8j. Nirmal Chandra Bhattacharyya: May I with your permission, Sir, repeat.....

The Hon'ble Kali Pada Mookerjee: There is some element of truth in it. The matter is under investigation. We have received radiogram message on the basis of which the news has been published and we have asked the District Magistrate and S.P. to proceed with force to the spot.

8]. Nirmal Chandra Bhattacharyya: Will he kindly tell us what $step_8$ he has taken to recover the two rifles and seventy rounds of ammunitions?

The Hon'ble Kali Pada Mookerjee: All steps that are humanly possible have been taken.

- 8j. Nirmal Chandra Bhattacharyya: Will the Minister assure us that no such further raid will be tolerated and adequate reply to such raids will be given?
- Mr. Chairman: He has said that he has taken all steps that are humanly possible.

General discussion of Budget for 1959-60.

Si. Naren Das:

মিঃ চেয়ারম্যান, স্যার, বাজেটের প্রকৃতি সম্বন্ধে কংগ্রেসপক্ষীয় বন্ধারা যে সোয়াস্তি ও আনন্দপ্রকাশ করেছেন তাঁদের সেই আনন্দপ্রকাশের সঙ্গে আমি একমত নই। তাঁরা বলেছেন বহু দিনপর ৮১ লক্ষ্ণ টাকার সারগ্লাস বাজেট আমাদের সামনে এসেছে। কিন্তু, স্যার, আমি र्जाएत क्रिक्कामा कत्रव এই मात्रभ्लाम वास्क्रिके क्रियन करत रहा। এই मात्रभ्लाम वास्क्रिके रहारू কারণ কেন্দ্রীয় সরকার ১২ কোটি ৭১ লক্ষ টাকা গ্র্যান্ট হিসাবে দিয়েছেন এবং তার মধ্যে ৫ কোট ৬৯ লক্ষ টাকা সংকট্যাণ খাতে ভিক্ষা হিসাবে রিলিফ-এর কাজের জন্য দিয়েছেন। এই টাকা যাদ আমরা না পেতাম কেমন করে সারপ্লাস বাজেট হতো ব্যুবতে পারি না। এবং এই সারপ্লাস বাজেটও স্থায়ী হচ্ছে না--আগামী বংসরের যে বাজেট আমাদের সামনে হাজির করা হয়েছে তাতে আমরা দেখতে পাচ্ছি যে, ৩ কোটি ৬২ লক্ষ টাকা ঘাটতি হয়েছে রেভিনিউ এ্যাকাউন্টে। অতএব, তাঁরা যে সোয়াস্তি ও আত্মতৃতি অনুভব করছেন তার কোন ভিত্তি নাই। স্যার, এই ঘাটতি বাজেট আমাদের চিরসহচর হয়ে দাঁড়িয়েছে। অর্থমন্দ্রী ভাল করেই জানেন যে, উন্নয়ন পরিকল্পনায় অনিবার্য ফলসর প মন্ত্রাস্ফীতি হয় এবং ডেফিসিট বাজেট হলে মন্ত্রাস্ফীতি আবও বেডে যায়। স্যার, অর্থমন্দ্রী জেনেশুনেই গত ১০ বংসর ধরে সমানে পর পর ঘাটতি বাভেট করেছেন। আমি আপনার দূটি আকর্ষণ করছি যে, ১৯৫৪-৫৫ সালে আমাদের ডেফিসিট হয়েছে ৬ কোটি ৫০ লক্ষ ১৭ হাজার টাকা : তারপর, পরের বংসর লাফিয়ে উঠে হল ১০ কোটি ৬৭ লক্ষ্য তার পরের বংসর অর্থাৎ ১৯৫৬-৫৭ সালে ঘার্টাত হল ১৩ কোটি ৫৮ লক্ষ্ম টাক্র তারপর একটা কমে গিয়ে হল ১ কোটি ৮৯ লক্ষ্টাকা প্রায়—২ কোটির মত। অতএব সারে, মানাম্ফীতিজনিত ঘাটতি বাজেটের নাগপাশ আমাদের অর্থনীতিকে বানচাল ও প্যানিম্ত করে দিচ্ছে এবং তারই জন্য আজকে আমাদের খাদ্যমন্দ্রীর এই দূরবন্দ্র্যা। এই মুদ্রাম্ফীতির অক্টো-পাশে বন্দী আমাদের খাদামন্ত্রী। আমি এখানে জাের করে বলতে পারি, দায়িত্ব নিয়ে বলতে পারি যে. ৪৬ লক্ষ টন খাদ্যোৎপাদন হলেও খাদ্যমন্ত্রী তাঁর নির্ধারিত মূল্যে খোলা বাজারে চাউল বিক্রী করতে পারবেন না। অর্থমন্ত্রী তাঁকে অবস্থার ক্রীতদাস করে রেখেছেন। স্যার, এখানে আমার অর্থমন্ত্রীর বিরুদ্ধে অভিযোগ যে, তিনি প্রতি বংসর এমনি করে ঘাটতি বাজেট এনে আমাদের দেশের দুবামূল্য বান্ধি করে সমগ্র দেশকে একটা তপ্তকটাহের মধ্যে ফেলে দিচ্ছেন যার থেকে বাংলাদেশের অর্থানীতির উন্ধারের কোন সম্ভাবনা দেখতে পাচ্ছি না। এবং এই মন্ত্রো-ম্ফীতির রোধ করার রাস্তার ইশারাও এ বাজেটে দেখতে পাচ্ছি না। এই বাজেটের মধ্যে কোথাও মল্যে সমন্বয়ের বা একটা ইন্ট্রিগ্রেটেড প্রাইস স্ট্রাকচার তৈরি করার চেন্টা নাই। ইন্টিয়েটেড প্রাইস স্থাক্টার যদি চাল্য না হয় তাহলে মদ্র্যাস্ফীতির চাপ দিনের পর দিন বেড়ে যাবে।

তারপর, স্যার, আরেকটা বিষয়ের প্রতি আমি আপনার দ্র্ণি আকর্ষণ করব—এই বার্জেট রচনার ভিতর একটা অস্বাস্থ্যকর হালকা মনোভাব দেখতে পাওয়া যাচছে, দ্রদ্রিট ও কলপনা-শক্তির অভাবের জন্য বাংলাদেশের যা অর্থানীতি তার সপ্যে এই বাজেটের নিবিড় যোগাযোগ নাই। অন্য কথার বাজেটে পশ্চিম বাংলায় অর্থানীতির ছবিটি বংজেট রচনার ভেতর দিয়ে ফুটে ওঠে না। আমি এখানে ৫ বংসরের হিসাব উপস্থিত করব। বাজেট এস্টিমেট ও এ্যাকচুয়াল খরচের মধ্যে কি ধরনের রাক্ষ্রেস তারতম্য ও ব্যবধান তা দেখলে আপনি আশ্চর্য হয়ে যাবেন।

9-40-9-50 a.m.]

১৯৫৪-৫৫ সালের যে বাজেট এশ্টিমেট তার সংখ্যায় ছিল ৩৯ কোটি ৯৩ লক্ষ টাকা, কিন্তু এ্যাকচয়েলে যে খরচ হয়েছে, তা হচ্ছে ৪২ কোটি ৬৩ লক্ষ। অর্থাৎ তার মানে ২ কোটি ৭১ লক্ষ টাকা বেশি হয়েছে। তার পরের বছর রেভিনিউ এ্যাকাউন্টের এফিটমেট হচ্ছে ৪৫ কোটি १८ नक जेका। किन्जू धाक्तूयान राष्ट्र ६० काणि ७८ नक जेका। जात करन ८ काणि ६४ লক্ষ টাকার ব্যবধান। তার পরের বছর এফিটমেট হল ৪৯ কোটি ৩৬ লক্ষ, আর এ্যাকচয়েল খরচ হচ্ছে ৫৭ কোটি ৮ লক্ষ। তার মানে ৮ কোটি ২৫ লক্ষের বাবধান। তার পরের বছর ১৯৫৭-৫৮ সালে এস্টিমেটেড খরচ হচ্ছে ৬১ কোটি ৬৮ লক্ষ টাকা আর এ্যাকচুরেলে খরচ হচ্ছে ৭০ কোটি ১৮ লক্ষের মত। অর্থাৎ ৮ কোটি ২৯ লক্ষ টাকার মত ব্যবধান। এবারে সবচেয়ে বেশি ব্যবধান হয়েছে। ৬৮ কোটি ৮৬ লক্ষ টাকা আমাদের বাজেট এস্টিমেটে ধরা হয়েছে এবং এ্যাকচয়ালে খরচ হচ্ছে ৮৩ কোটি ৭৭ লক্ষ টাকা। তার সাথে ১১ কোটি ৯০ লক্ষ টাকা ব্যবধান। অর্থাৎ প্রায় ১২ কোটি টাকার মত ব্যবধান। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় প্রসিম্প ব্যবসা প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত ছিলেন। যেখানে বাজেটের এস্টিমেটেড এক্সপেন্ডিচার ও এ্যাকচয়েল এক্সপেন্ডিচার-এর ভেতর ১২ কোটি টাকার ব্যবধান হয়, সেখানে বাজেট রচয়িতা তথা অর্থ উপদেষ্টাকে চাকরিতে বহাল রাথে কিনা জানতে চাই। এই ধরনের মনোভাব নিয়ে বাজেট রচনা করা মানে তাঁর বাস্তবের সঙ্গে কোন পরিচয় নেই। তৃতীয় অভিযোগ হচ্ছে—অর্থমন্ত্রী মহাশয় আমাদের কোথায় নিয়ে এসেছেন? আমরা দেখছি ১৯৫৬ সালে যে হিসাব দিয়েছেন তিনি তাতে কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের ঋণের আভাস পাই। এ সম্পর্কে সংশিল্ট পরিসংখ্যান আপনার কাছে হাজির করবো। ৩০৭টি খাতে আমাদের সরকার ঋণ নিয়েছেন। ১৯৫৬ সালে তার পরিমাণ ১৩৪ কোটি ৬৫ লক্ষ টাকা। সেখানে মাদ্রাজ রাজ্য নিয়েছেন ৬১ কোটি ১৩ লক্ষ টাকা এবং বোম্বে রাজ্য আরও কম নিয়েছেন, ৫৯ কোটি ৫০ লক্ষ টাকা। তারপর গত তিন বছরে ঋণ ানয়েছেন ১১০ কোটি টাকার মত. তা যদি যোগ দিই তাহলে দেখা যাবে যে সর্বসাকল্যে ২৪৪ কোটি ৬৫ লক্ষ্ণ টাকা ঋণ নেওয়া হয়ে গিয়েছে। এবারের বাজেটে দেখা যায় যে. তিনি ৫০ কোটি টাকা ঋণম্বরূপ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে নিয়েছেন। তাহলে প্রায় চারশো কোটি টাকার মত ঋণ নেওয়া হয়েছে। অর্থমন্ত্রী মহাশয় এই ৪০০ কোটি টাকার ঋণ আমাদের কাঁধে চাপিয়ে দিয়েছেন। ফলে প্রতি বছর আমাদের কত সূদ দিতে হচ্ছে? চলতি বছর ৪ কোটি ৪১ লক্ষ টাকা এবং অ'গামী বছর ৫ কোটি ৬১ লক্ষ টাকা আমরা কেবল সাদ দেবো। অবন্থা আরও খারাপ হবে ১৯৭২ সালে, অর্থাৎ ১২ বছর পরে যখন এই ঋণের ও আসলের কিছ্ম অংশ শোধ দিতে হবে। ১৯৭২ সাল থেকে স্ক্রে হবে, তখন হয়ত আমাদের প্রতি বছর २०-२७ क्लिंगि प्रोका क्ल्फ्रीय मतकातरक मिर्ट श्रव। व्यवः ১৯৭৭ मान थ्यरक वाधाणाम, नक ভাবে ক্যাপিটেল অর্থাৎ আসল টাকা যেট। শোধ দিতে হবে। অর্থামল্রী এমনি নিদার্ণ অবস্থায় আমাদের রেখে যাচ্ছেন এবং এর ফলে যে কি বিপর্যয় হবে তা আমাদের অর্থমন্দ্রী মহাশয় বেশ ব্রুতে পারছেন। ফাইন্যান্স কমিশন এ সম্পর্কে বারংবার বলেছেন.

there will be danger in the economic position of the States.

তা সত্ত্বেও তিনি এত বড় একটা ঝ'্কি নিয়েছেন। তিনি মনে করছেন এখনত বেশ চালিয়ে দিলাম পরে কী হবে তার জন্য পরোয়া নাই।

"After me the deluge"

তিনি ভবিষ্যং বংশধরদের কাছে এমন একটা অর্থনৈতিক কাঠামো রেখে যাবেন, যার চেহারা ঠিক যেন টি বি পেসেন্টের লাঙ্গাসএর মতন ঝরঝরে। এই বাজেট সম্বন্ধে আর একটি বিষয় আলোচনা করার প্রয়োজন আছে বলে মনে করি। আমরা দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মাঝামাঝি পথে দাঁড়িয়েছি। ডেভেলপমেন্ট এক্সপেন্ডিচার এবং নন-ডেভেলপমেন্ট এক্সপেন্ডিচার তুলনাম্লকভাবে আলোচনা হওরা উচিত। প্রেই বর্লোছ যে দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার মাঝখানে আমরা দাঁড়িয়ে কাজ করছি। ১৫৭ কোটি টাকার ভিতর ৮১ কোটি টাকার মত আমরা খরচ করেছি। কিন্তু আমরা ডেভেলপমেন্ট এক্সপেন্ডিচারএ বাজেটে কত পারসেন্ট খরচ করিছি তা জানা দরকার। চলতি বছরে ডেভেলপমেন্ট এক্সপেন্ডিচার খাতে খরচ হচ্ছে ৪১-৪ কোটি টাকা। তার মানে বখন ৫ বছর শেষ হয়ে যাছে ৩১এ মার্চ, তখন আমাদের যে টাকা ডেভেলপমেন্ট

এক্সপেশ্চিচারএর জন্য খরচ করবার কথা, সেই খরচ আমরা করতে অক্ষম। কিল্ডু অর্থমন্ত্রী হয়ত বলবেন যে ৮১ কোটি টাকা খরচ করেছি। এখানে তিনি ফাঁকি দেওয়ার জন্যে একটা কায়দা করেছেন। তিনি কতক্ণ্যলি ডেভেলপ্যেন্ট এক্সপেন্ডিচার ক্মিটেড এক্সপেন্ডিচার হিসেবে র্দোখয়েছেন। এর ভেতর কত অংশ নতুন উন্নয়নমূলক পরিকম্পনা এবং কত অংশ পুরোনো পরিকল্পনার জের তা দেখান নি—ফলে উন্নয়নমূলক খরচের খাতের কলেবর বৃদ্ধি করে দেখাতে পেরেছেন। আমার সন্দেহ হচ্ছে যে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে রেকারিং খরচ তাতে বেশি থরচ করেছেন, এবং নতন পরিকল্পনায় কম থরচ করেছেন। আগামী বছরের বাজেটে কিছুটা খরচ বাড়িয়েছেন সত্য কিন্তু সবচেয়ে ভাল ফল হত যদি অন্তত ৫০ পারসেন্ট টাকা ডেভেলপমেন্ট এক্সপেন্ডিচারএ খরচ করা যেত। স্যার, এর পরে আমার বন্ধব্য হচ্ছে—ডেভেলপমেন্ট এক্সপেন্ডিচার কিভাবে রূপায়িত হচ্ছে। পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কিভাবে, কত হালকাভাবে র পায়িত হচ্ছে, তার একটা দৃষ্টান্ত আমি আপনার সামনে হাজির করবো। কাগজে দেখেছি যে ৩১এ জান,মারি পর্যন্ত যে খরচ তাতে দেখা যায় যে প্রায় ৫ কোটি টাকার মত খরচ করতে সরকার পারেন নি। সরকারের তরফ থেকে তাতে মনে হয় সরকারী অর্থ না খরচের কোন রকম প্রতিবাদ আসে নি। এই খরচ কেন করতে পারেন নি তার কারণ জানতে পারলে বাধিত হব। ওয়েন্ট বজেল সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যান পর্নিতকায় উল্লিখিত টার্গেট এবং এবারকার স্টেটমেন্ট শোরিং দি প্রগ্রেস অব ডেভেলপমেন্ট তলনামলেকভাবে বিচার করে আপনাদের সামনে রাখতে পারলাম না। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার টার্গেটে আমরা অনেক জায়গায় পেণছাতে পারি নি। কিন্তু সবচেয়ে লম্জার বিষয় যে কৃষিক্ষেত্রে, আমরা সেচের ও ডেভেলপমেন্টের ক্ষেত্রে আমরা বহু পিছিয়ে আছি। পঞ্চবার্ষিকী পরিকল্পনার মুখ্য উদ্দেশ্য এগ্রিকালচারকে ডেভেল্প করা কিন্তু সেখানে শতকরা ২৫ ভাগের উপর কাজ শেষ করতে পারি নি। তার উপর পরিকল্পনার কতকর্মনি প্রয়েসিভ ফ্রেম বাদ দেওয়া হয়েছে, দুঃখের বিষয় সে সম্বন্ধে বিস্তারিত আলোচনা করবার সময় নেই, কিন্তু কুষির ব্যাপারে বরান্দ টাকার ৭০ পার্সেন্ট টাকা খরচ হচ্ছে না বা নির্দি^ভট টার্গেটে পে^{ণ্}ছাতে পারছে না। ক্ষ্রুদ্র সেচ পরিকল্পনার ব্যাপারে সেচমন্ত্রী মহাশ্যের টার্গেট ছিল তিন লক্ষ সাত হাজার আট্শ একর জামতে সেচ দেওয়া হবে, কিন্তু তার মাত্র ৬০ পারসেন্ট রীচ করেছি, এতে ২ লক্ষ ১৩ হাজার একর জমিতে সেচের ব্যবস্থা হয়েছে। কৃষি বিভাগ এইভাবে অবহেলা, উদাসীনা এবং অকর্মণ্যতার পরিচয় দিয়েছেন এবং সেচ পরি-কল্পনার যেখানে এই অবস্থা অতএব খাদ্য উৎপাদন যে কম হবে তাতে কোন সন্দেহ নেই। [9-50-10 a.m.]

এগ্রিকালচার এবং ইরিগেশন বিভাগের মধ্যে অংগাংগী যোগ থাকা দরকার। নলাগড় কমিটির রিপোর্ট আপনারা জানেন, তাতে পরিব্দারভাবে এই রিকমেন্ডেশান করেছিল যে এই বিভাগগ্র্নির ভিতর অংগাংগী যোগ থাকা দরকার।

আমাদের থাদ্যের উৎপাদনের যে হিসাব পাচ্ছি সরকারের তরফ থেকে তা হচ্ছে ৪০ লক্ষ ৫০ হাজার টন। তার মানে গত বারের চেয়ে এবার কম হয়েছে। এই অবস্থা যদি চলতে থাকে তাহলে যে পণ্ডবার্ষিকী পরিকল্পনা সর্বদা যার জয়ঢ়াক বাজান সরকার, এবং যার উপর সমস্ত মানুষের ভবিষ্যত নির্ভর করছে বলে সরকার মনে করে, বাংলাদেশে সে পরিকল্পনা কোথায় গিয়ে দাঁড়াবে? একটা সাধারণ কথা বলতে চাই, পণ্ডবার্ষিকী পরিকল্পনায় কোন কোন বিষয়কে অগ্রাধিকার না দেওয়ার জন্য সকল বিষয়ই সমান অধিকার পাচ্ছে। অনুয়ত দেশের পক্ষে সকল বিষয়ের সমান অধিকার অসম্ভব। তাই কোন জিনিসই পরিজ্বারভাবে করতে পারেন নি সরকার Finance Minister must have right to say "No to many subjects and yes to some urgent matters".

অপ্রিয় হলেও পলিসি হাসিল করতে হলেও এ কান্ধ করা প্রয়োজন। তিনি সকলকেই সন্তুণ্ট করতে চান। ফলে কিছুই করতে পারেন নি।

আমাদের বেকার সমস্যাকে আমরা দুই ভাগে ভাগ করতে পারি আর্বান এ্যান্ড রুরাল। আর্বান এরিয়াতে ১২ লক্ষ বেকার আছে এই পরিসংখ্যান ঠিক নয়। আমাদের যে প্রভিন্সিয়াল এমপ্লয়-মেন্ট এক্সচেঞ্চ তা সমুহত জেলায় নেই। তাই সমুহত জেলার খবর সরকার জানেন না। অতএব আমি অনুরোধ করবো অন্ততঃ এই বেকারের অধিক সংখ্যা জানার জন্য সমস্ত জেলায় এমশ্লয়ন্দেট এয়চেঞ্জ অফিস হওয়া দরকার। সেদিন মুখ্যমন্ট্রী মহাশয় বিজনেস কনফারেশ্সএ দৃঃখ করেছেন বে তাঁর অন্তর্মপ বন্ধু যারা, ডানলপ কোং, সাহ্ জৈন, তাঁরা শিল্প প্রতিষ্ঠান গড়ার জন্য বাংলার বাইরে চলে যাছে। তাহলে কেমন করে এখানে নতুন কাজের যোগাড় হবে? রাজ্যের ব্যবসায়ী তথা শিল্পপতিদের বাংলায় করসংস্থান বৃদ্ধি করা বা বাংলায় বেকারদের নিয়েগ করা সম্পর্কে কোন মাথা ব্যাথা নাই। আমি তাঁকে নতুন ব্যবস্থা অবলম্বন করতে অনুরোধ করবো। এখানে যেসমস্ত নতুন কম্পানি হবে সেই সকল কম্পানির ফোর-ফাইভ পারসেন্ট অংশ শেয়ার রাজ্যসরকার কিন্ন। সরকার যদি ফোর-ফাইভ পারসেন্ট শেয়ার কেনেন তাহলে রাজ্যের এমশ্লয়মেন্ট পজিশন তাঁরা কিছুটা কন্ট্রোল করতে পারবেন। কিছু কিছু ইংরেজ কম্পানি, ভারতীয় ব্যবসায়ীদের কাছে তাদের প্রতিষ্ঠান বিক্লি করে দিছে। এ সমস্ত কম্পানির কিছু শেয়ার আমাদের বাংলা সরকার কিনে রাখ্ন। তার বলে তাঁরা এ সকল কোম্পানির এমশ্লয়মেন্ট পজিশন নিয়ন্দ্রণ করতে পারবেন।

তারপর, স্যার, আর একটি কথা যা আমি আগেও বলেছি তার প্রনরাব্যত্তি করছি, এই কলিক তা নগরীর পরিচ্ছন্নতার জন্য, তাকে সভাতার পর্যায়ে উন্নতির জন্য এখানকার ট্রান্সপোর্ট সিস্টেমকে সম্পূর্ণভাবে রিঅরগ্যানাইজ করা প্রয়োজন। এখানে যে গরর গাড়ি, ঠেলা গাড়ি, রিকশা, আছে তা তুলে দিয়ে স্কুটার-ড্রিভেন রিকশা হয়, স্কুটার-ট্যাক্সি মত হালকা গাড়ি প্রচলন করা প্রয়োজন। এবং এদের পরিচালনা করার জন্য অটোনমাস বোর্ড কর্ম এবং প্রোভিন্সিয়াল এমগ্লয়মেন্ট এক্সচেঞ্জএ কর্মপ্রার্থীদের নিয়োগ কর্ন। এ ব্যবস্থায় সাধারণ বাণ্গালী, যারা অপেক্ষাকৃত অসম্মানজনক কাজ করতে চায় না, তাদের ভদ্র কাজ দিতে পারলে নিশ্চয়ই বাৎগালীরা সেসকল কাজ করবে। তারপর, স্যার, আমাদের মুখ্যমন্ত্রী তিনি বহু পরিকল্পনা করেছেন এবং গ্রামাণ্ডলের জন্য লেবার ইনটেনসিভ প্রোগ্রাম করেছেন। কিন্তু আমি একটা বিষয় উল্লেখ করেই এই সন্বন্ধে আমার বন্তব্য শেষ করবো। সেটা হচ্ছে হ্যান্ডলুম ইন্ডাম্ট্রি। বাংলাদেশে প্রায় ১ লক্ষ তাঁত আছে। অন্যান্য প্রদেশে মোটামর্নটি ১২৫ জনের উপর একটা তাঁত আছে। স্বতরাং এখানে আরও এক লক্ষ তাঁত প্রচলন করতে পারেন। মাদ্রাজ প্রদেশে, তাঁতের সংখ্যা আরও বেশি। বাংলা সরকার চেণ্টা করলে সেদিকে এগতে পারেন। বরং উলটো দেখছি। আজ আমাদের বাংল দেশ দক্ষিণ ভারতের কাছে হঠে যাচ্ছে। আজকে কাপড়ের দোকানে মাদ্রাজী গাড়ী কাপড়ের জন্য কিউ দিয়ে লোক माँ फिरा किनरह । जात भारत এই नम्न या आभारत जाँ छात छे । जिन् प्राप्त वार्ष किन वार्ष विश्व वार्ष य रुट्ठ याट्ह जात जना वाला मत्रकात कि कतरहन? वालात किं रमनम अमर्शातियाम हनरह? দিল্লীতে একটি করা হবে তার জন্য টাকা মঞ্জার করে রাখা হয়েছে। এই হচ্ছে এমম্লয়মেন্ট পজিশন। ৯২ কোটি টাকা তারা খরচ করবেন গ্রামাণ্ডলের সম্বাদ্ধর জন্য এই প্রতিশ্রুতি তারা দিয়েছনে। কিন্তু স্যার, আমি শ্রনছি যে গ্রামাণ্ডলকে বাঁচিয়ে তোলার জন্য ডেভেলপমেন্টএর জন্য যে টাকা তারা ধরেছেন তার অনেক টাকা অন্য খাতে নিয়ে খরচ করছেন, একথা যদি ভূল হয়, তাহলে আমি সবচেয়ে সন্তুল্ট হবো।

তরাপর স্যার, আর একটি বিষয় সম্পর্কে বলেই আমার বন্তব্য শেষ করবো। সে হচ্ছে কামিং নিয়ার ক্যালকাটা, কলকাতা মহানগরীর খব কাছে, রাইটার্স বিল্ডিংস থেকে খব দ্রে নয়. টালিগঞ্জ উয়য়নের কথাই আমি বলছি। এই টালিগঞ্জ এলেকা ১৯৫৩ সালে কলকাতা কপোরেশনের ভিতর এসেছে। এর প্রে এই টালিগঞ্জ আধা গ্রাম আধা শহর ছিল। মুখ্যমন্ত্রী মহাশয় এটাকে কলকাতার সপো যুক্ত করেছেন। কেন করেছেন জানি না; কারণ যখন এটা করা হয় তখন ইউ সি সি করপোরেশনের এবং কংগ্রেসী কার্ডীন্সলার সকলে সমবেতভাবে বলেছেন যে টালিগঞ্জকে কলকাতার ভেতর যুক্ত করা ঠিক নয় তা সত্ত্বে মুখ্যমন্ত্রী তা করেছেন। তিনি তখন এ ধরণের আশ্বাস দিয়েছিলেন যে প্রথম বছর দ্ব লক্ষ টাকা ক্ষতিপ্রেণ দেবেন যাতে টালিগঞ্জের উর্মাত হয়। কিন্তু সে টাকা দেন নি তারপর একটা মান্টার স্প্যান হয়েছে নাকি শ্নেছি (এ ভয়েস ফ্রম দি কংগ্রেস বেগঃ ওসব তো আমরাই বলবো।) বলুন আপনারা, কিন্তু আমি বা বলছি তাতে দেখুন কোন ভূল আছে কিনা। টালিগঞ্জ সাড়ে আট স্কোয়র মাইল জায়গার পপ্রেশন প্রায় ৩ লক্ষের মত। সেখানে একটা পার্ক নাই, চওড়া রাস্তা নাই, খেলার

কোন মাঠ নাই, সেখানকার পয়:প্রণালী ব্জে আসছে, সেই নর্দামার মরা কুকুর বিড়াল পড়ে থাকে, নাইট সয়েলে ভর্তি থাকে, ব্লিটর সময় রাস্তা বন্ধ হয়ে য়য়। সেখানকার শিশ্ব খোলা জায়গা দেখে নি, সেখানকার শিশ্ব কোন চওড়া রাস্তা দেখে নি, এই তো টালিগঞ্জ অণ্ডলের অবস্থা। সেখানে ১২০০ বিঘার মাঠ আছে, একটি মাঠ ৮০০ বিঘার ঘোড় দৌড়ের জনা, আর একটি ৪০০ বিঘার গল্ফ ক্লাব। সেখানে শেবতাপ্যদের, (এখন কৃষ্ণাপ্যরাও যেতে পারেন) চিন্তাবিনাদনের জন্য ব্যবহৃত হয়। এটা ইচ্ছা করলে বাংলা সরকার দখল করতে পারেন, যাতে পার্ক হতে পারে। এটা করে দেওয়া উচিত। আর একটা কথা, টালিগঞ্জে হালে একটা কলেজ হয়েছে—স্পনসর্ভ কলজে, সেখানে মেয়েদের কোন কলেজ নাই। আপনি জানেন সেখানে বহ্বসংখ্যক রিফিউজীদের বসবাস। জবরদখল কলোনিতে বাস করছে। রিফিউজী খাতে যে টাকা আছে তা থেকে কিছ্ টাকা এনে সেখানে পথঘাটের উর্মাত করে দিতে পারেন। কিন্তু মুখ্যমন্দ্রী মহাশয় তথা অর্থ মন্দ্রীমহাশয় তা দেন না। যেসকল উন্বান্ত্ব অলস হয়ে বসে থাকে ক্যান্দেপ, তাদের টাকা দিচ্ছেন আর যারা নিজের পায়ে দাঁড়িয়ে নিজেরা স্কুল কলেজ করেছে, পোন্ট অফিস করেছে, তাদের অর্থসাহায্য করেন না।

[10-10-10 a.m.]

আজ যেখানে কর্পোরেশনের সবচেয়ে দূরবস্থা। কর্পোরেশন সেখানে কোন সাহায্য করতে চায় না। এইসব রিফিউজী কলোনীতে যদি যান তাহলে দেখবেন এক ধরণের নতুন স্লাম তৈরি হচ্ছে। খোলা কুয়া-পায়খানা, তার পাশেই টিউবওয়েল, সেখানকার জনস্বাস্থা কি রকম। দ্ব ফুট চওড়া রাস্তার জন্য সেখানে ধীরে ধীরে স্লাম গড়ে উঠছে। সেথানকার রাস্তা কর্পোরেশন হ তে নিয়ে জল সাংলাই করার চেণ্টা করতে পারে; ড্রেন পরিষ্কার করবার চেণ্টা করতে পারে। অর্থাভাবে তা তাঁরা করতে পারছেন না। অথচ সরকার কিছ্ব করবেন না। আমি শ্বনেছি একটা পঞ্চামগ্রাম পরিকল্পনা সরকারের সামনে আছে। একটা ছোট নদী দিয়ে টালিগঞ্জ ও হালত रेफेनिय़त्नत जल निकाम रया। এर थालात जना जामि जानि गोलिशक प्यत्क अक्रो एए भूएपेमन সরকারের কাছে গিয়েছিল এবং মুখ্যমন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছিলেন যে দ্বিতীয় পঞ্চবাধিকী পরি-কল্পনায় তাকে নিয়ে নেবেন। কিন্ত আজও তা নেওয়া হয় নি। আমি জানি সেই ফাইল ইরিগেশন বিভাগের চীফ ইঞ্জিনিয়ারের দণ্তরে ঘুমুচ্ছে। এই ত টালিগঞ্জের অবস্থা, যে টালিগঞ্জ এত জন-বহুল জায়গা। সাধারণ মানুষ বিশেষ করে শিশ্ব ও বালকেরা একট্ব খোলা জায়গা দেখতে পায় ना। जारात এकरे, तिषातात जायना राहे। এ दिन ग्रेनिनमक्षत यूनकरात जीवयार जात की ट्रा তারা সমাজ বিরোধীই হতে বাধ্য। অথচ তাদের অনেকে অধ্যাপক চিপ্রেরার চক্রবর্তী মহাশরের মত মান্মকে এথিক্স্ মর্যালস্এর উপদেশ দেন, এথিক্স্এর পরিবেশ কোথায়? অর্থনৈতিক বর্নিয়াদ ও পরিবেশকে বাদ দিয়ে, তাকে অস্বীকার কোরে এথিক্স্ গড়ে উঠতে পারে না। এর অভাবেই টালিগঞ্জের যুবকরা লুঠতরাজ করছে, রাহাজানি করছে। তারা আবার কংগ্রেস গভর্নমেন্ট থেকে সুবিধাও পাচ্ছে—সেইসব এ্যান্টিসোস্যাল এলিমেন্ট (শ্রীযুক্ত দেবপ্রসাদ চ্যাটাজি: এটা ঠিক নয়)

I can produce chapter and verse in the matter.
আমার বাড়ি টালিগঞ্জে। সেই টালিগঞ্জের যদি আমরা উন্নতি না করি তাহলে কলিকাতা
মহানগরী বিপন্ন হবে।

আর একটা কথা বলেই আমি আসন গ্রহণ করব। তা হচ্ছে এই ইন্প্র্ভমেন্ট ট্রান্টের সন্বন্ধে আমার অভিযোগ। যদিও ইন্প্র্ভমেন্ট ট্রান্ট কিছ্ব কিছ্ব জারগা পরিচ্ছেম করছেন তা ঠিক, কিন্তু তাঁরা এমনভাবে কাজ করছেন এবং এমনভাবে জমির দাম বাঁধছেন যে শান্তিপ্রসাদ জৈন বা ঐ শ্রেণীর লোক ছাড়া আর কেউ সেসকল জারগা কিনতে পারবে না। অত্যন্ত দ্রুতগাতিতে কলিকাতা শহর মধ্যবিত্তের হাত থেকে ধনিক সন্প্রদায়ের হাতে চলে যাছে। ইন্প্র্ভমেন্ট ট্রান্ট সেই কাজে সহায়তা করছেন। আজ আমি আপনার মাধ্যমে ম্বামন্টার কাছে নিবেদন করব যে তিনি কলিকাতা শহর থেকে মধ্যবিত্ত শ্রেণীর (তারা যেকোন প্রদেশের হোক না কেন বা যেকেন সন্প্রদায়ের হউক না কেন) উচ্ছেদ বন্ধ করবার জন্য ব্যবন্ধা অবলন্বন কর্ন। শান্ধ্র মাখা গানুজে ধাকলেই হয় না। পার্টিশনএর পরে কলিকাতা মহানগরীতে স্থানাভাব, তার ডেভেলপমেন্ট

বিশেষ দরকার, এবং কলিকাতার শিলপাঞ্জের অবস্থা অন্য ধরনের দাঁড়িরেছে। যখন পাকিস্তান হরে গেল তখন কলিকাতা মহানগরীর আওতা অনেক বেড়ে গেল। আজ তার আওতার মধ্যে ৪০ মাইল রেডিয়াস ধরে গ্রামাঞ্চল পর্যন্ত পড়ে। আজ কলিকাতার আওতার ভিতর আসছে একদিকে মেমারী, অন্য দিকে বনগাঁ, রাণাঘাট, আর একদিকে পাঁশকুড়া পর্যন্ত। এই সমস্ত স্থানের অর্থনৈতিক অবস্থা কলিকাতা মহানগরীর অর্থনৈতিক চাপের মধ্যে এসে যাছে। সেখানে বিদ এই মহানগরীর বৃশ্বিজীবী ও মধ্যবিত্তদের স্থান না থাকে, তাহলে বাঙালীর ধ্বংস অনিবার্য এবং বেভাবে ক্রমশঃ ক্ষীয়মাণ অবস্থায়ে আসছে তাতে বাঙালীর ভবিষ্যৎ ভয়াবহ হয়ে আসছে। এই কয়টি কথা বলেই আমি আসন গ্রহণ করছি।

Sj. Sasanka Sekhar Sanyal: Mr. Chairman, Sir, I make apology for continuing my topic which I raised on the 6th February last on the surrender of territories from West Bengal to East Pakistan. Sir, if I resume that discussion, it is because of the fact that on the 10th of February last the Hon'ble Chief Minister in his courage of conviction wanted to make confusion worse confounded and in the Miltonic way of character tried to show to the House better reasons. Sir, two questions are involved in this matter. One is the question of law and Constitution and the other is the question of actual state of things. The Hon'ble the Chief Minister in his usual cavalier like fashion referred us to Radcliffe Award—to the Bagge Tribunal, and he disowned all responsibility so far as his Government is concerned.

Sir, let me come to the Radcliffe Award. Sir, Radcliffe Commission was appointed by the Independence Act of 1947, the British Parliament Act, and its decision is binding to the extent of the establishment of independent States, viz., Bharat and Pakistan. Sir, the Hon'ble the Chief Minister has referred to his decision and has referred to Annexure 'A' of his report and Annexure 'B'. Annexure 'A' deals with the boundaries by description and Annexure 'B' illustrates that description by map and he made it diffinitely clear that, if there was a conflict between the two, what is mentioned in Annexure 'A' would prevail. May I stop to make a question to the Treasury benches—why was not the Radcliffe Award considered as binding upon both of us? Pakistan was created by the Independence Act, Bharat was created by the Independence Act.

Mr. Chairman: India is the real name, Bharat is an additional name. There have been comments on this in the papers.

সেট পাছিছ না। হয়ত বলতে পারেন পাম্পিং সেট যত আসে আমরা তা দিয়ে কুলোতে পারি না, বা ভারতবর্ষে যত পাম্পিং সেট তৈরি হয় তা দিয়ে আমাদের কুলোয় না, কিন্তু আমি ক্ষিমল্মী মহাশয়কেও বলব যে, কারলশকার ব্রাদার্স আমাকে দিতে পারে তিন মাসের মধ্যে। সরকার কি তাদের কাছ থেকে নিতে পারেন না? আর যদি অমাদের দেশে তৈরি করবার ক্ষমতা না থেকে থাকে তা হ'লে আমরা দেশে খাদাদ্রব্য আমদানি করবার জন্য যে টাকা লাগাই তার কতক অংশ লাগিয়ে যদি বিদেশ থেকে পাম্পিং সেট এনে ব্যবহার করি তা হ'লে আমাদের দেশে চাষের উল্লতি হ'তে পারে। কিন্তু আমরা কোনটাই করি না। আমরা চিঠি লিখেছি ভাইরেক্টর অফ এগ্রিকালচারএর নামে? তিনি প্রায়োগিটি দিয়ে পঠিয়েছেন স্পারিটেন্ডন্ট অব এগ্রিকালচার, মিডনাপ্রবর্ত্র কাছে, কিন্তু তার পরে সবাই ঘুমাতে লাগল। কিছুদিন পরে আবার লিখলাম তার উত্তর এল, হাঁ পাওয়া যাবে। কবে পাওয়া যাবে কি দাগে পাওয়া য বে তার উত্তরে এল, এখনও মাল আসে নি, কি দামে পাওয়া যাবে তা এখনও সরকার ঠিক করে নি। জিজ্ঞাসা করলাম মন্ত্রিমহাশয়কে, তিনি বললেন, কেন, ৫১টা সেট তো এসেছে। তথন অবার ডিরেক্টরকে লিখে পাঠালাম। তার উত্তর এল না বছর পার হয়ে গেল। তারপরে যেমন হয় সরকারী অফিসে আগামী জানুয়ারি মাস পর্যন্ত সব ঘ্রামিয়ে পড়েছে। শুধু এই কৃষিবিভাগের কথা নয়, আমি আরও বলি, যেমন কৃষির কাজের সংখ্য যেমন সেচ বিভাগে। আমি বছরের পর বছর বলছি ১৯৪৮ সালের পর থেকে ব'লে আর্সাছ, কলিকাতার রাশ্তার ধারে টিউবওয়েল-এর কথা কিন্ত সেটা ১৯৫৬ সালে কার্যকরী করা হয়েছে। সেইজনা সেচবিভাগের কথা মন্ত্রিমহাশয়কে প্রতি বছরই ব'লে যাব যে, যদি বিহারে ঐ সেচবিভাগের কাজের বর্ষগণনা জ্বলাই মাস থেকে হয় তা হ'লে তাঁরা মনে করেন মাটি কাটার কাজ ঠিকমত চলতে পারে, কিংতু আমাদের এখানে কিছুতেই আনরা বর্ষপণনার সময় বদলতে চাচ্ছি না। আমি এর অংগও বলোছ যে, কাজের স্নবিধার জন্য পশ্চিমবংগের শিলপবিভাগের বর্ধাগণনা, তাঁরা ১লা এপ্রিল থেকে করেন না, তাঁরা ১লা মার্চ থেকে করেন তাতে তাঁরা বিল নিতে পারেন টাকা দিতে পারেন, ঠিক বছরের মধ্যে দিয়ে দিতে পারেন। কিন্তু মাটি কাটার কাজ যে বর্ষাকালে হয় না, এই বাজেট পাশ ক'রে যাঁরা কাজ করেন তাঁদের কাছে পে'ছাতে পে'ছাতে আবার বর্ষাক ল নেমে যায় এবং বর্ষাকাল শেষ হয়ে যখন তাঁরা আবার কাজ করবার চেন্টা করতে চান তখন আবার তাঁদের কাছে রিভাইজ ড বাজেটের টাকা যেয়ে হাজির হয়। তর ফলে তাঁরা যে কাজের জন্য যত টাকা পান ঠিক সময় মত তাঁরা কাজ করে উঠতে পারেন না। কাজেই আমি আবার সেচমন্ত্রী মহাশয়কে বলব যে. এই সব হচ্ছে বড় মোলিক কথা। তারপরে সেচমন্ত্রী অজয়বাব; জানেন আমাদের মহকুমা শহরের কাছে মিউনিসিপ্যালিটির মধ্যে একটা প্রায় ৫-৬ মাইল জায়গা জলে ভূবে যায়, তার চারদিকে বাঁধ ছিল, সেই বাঁধের প্রায় ৫২ জায়গায় ভেণ্গে গেছে, সে মেরামত করতে যে খুব বেশি টাকা লাগে তা নয়, চিঠির পরে চিঠি লেখা হচ্ছে আজ দুই বছর ধবে সকলেই বলছেন যে, হ্যাঁ, করা উচিত, কিন্ত করলে কতকগালি সমস্যার সমাধান করা দরকার। সেচমন্ত্রী মহাশয় কিছু পরিবর্তন ক'রে একটা নির্দেশ দিলেন, সে নিয়ে চীফ ইঞ্জিনীয়ার মহাশয় গেলেন, তিনি যেসব অস্ববিধার কথা বললেন, আমরা সব দূরে করবার প্রতিশ্রতি দিলাম, তারপরে তাঁর কাছে চিঠি আসছে, টেলিগ্রাম আসছে, কিন্তু কেউ কোন তার জবাব দেয় না। সেই জায়গা বছরের পর বছর জলে ডুবে থাকে, লোকে য কণ্ট হয় তা সক্তেও সে জায়গায় যা খাদ্য উৎপাদন হ'তে পারে তাও হয় না। আমি যেমন বলি যে এই যে কৃষি-বিভাগ, সেচবিভাগের কাজ স্বরান্বিত করবার জন্য বলছি, তা যদি না করা হয় তা হ'লে এই বিলে বা বাজেটে যে টাকা বর!দ্দ করা হবে সে যে উদ্দেশ্যে বরাদ্দ করা হবে সেই উদ্দেশ্য সিম্ধ হবে না।

[10-20-10-30 a.m.]

তারপরে স্যার, আমি আর একটি কথা ব'লেই আমার বন্তব্য শেষ করব—সে হচ্ছে স্বাস্থ্য-বিভাগের কথা। অনেক দিন থেকে শ্রেছি যে, বিভিন্ন জায়গায় হেল্থ সেন্টার খোলা হবে। এবং এই হেল্থ সেন্টার করবার জন্য লোকে জমি দান করল, স্বাস্থ্যবিভাগ বললে, এ জমিতে হবে না, আরও বেশি জমি চাই। তখন আরও বেশি জমি দলিল ক'রে রেজিস্ট্রী ক'রে দেওয়া হ'ল। তারপর বলা হ'ল তাঁদের টাকা জমা দেবার জন্য এবং তাঁরা সেই টাকাও জমা দিলেন।

কিন্তু তারপর সেখানে আর কিছু করা হ'ল না। আজ দ্ব' বছর ধ'রে ডিন্সিক্ট ম্যাজিস্টেট থেকে আরম্ভ করে হেল্থ ডিপার্টমেন্টে বহু চিঠি লেখা হয়েছে, কিন্তু কারও কোন সাড়াশব্দ পাওয়া যায় নি। টাকা, জমি নিয়ে তাঁরা ব'লে আছেন, কেউ কিছ, করছেন না। আমি একটা জায়গা সন্বশ্ধে আপনার দ্রণ্টি আকর্ষণ করব সেখানে একজন জমি দলিল করে দান করেছেন টাকা मिराहरून। रत्र रोक्ट्र—न्युरकाना थाना ৯नং देखेनियानत रायानत संकल्प मरागाय। राजिकन्योत, ডিস্টিক্ট কালেক্টর হেল থ ডিপার্টমেন্টকে লিখেছেন, কিল্ড কেনে সাড়া পাওয়া যায় নি। অবশ্য ও'রা যদি বলেন, আমাদের মত বদলে গিয়েছে, আমরা লোকের জমি, টাকা, সব ফেরত দিয়ে দেব, তা হ'লে তব্ বোঝা যায়। কিল্তু তারা লোকের কাছ থেকে জমি, টাকা সমস্ত নিয়ে ব'সে আছেন, কোন কাজ করছেন না। তারপর ৮নং ইউনিয়নের লোকেরা পাঁচ হাজার টাকা ও জমি দান করতে চায়, এস ডি ও সাহেব বললেন হবে. নেওয়া হবে। কিল্ছ ভারপর সেই টাকা, জমি নেওয়া হয় নি এবং কোন কাজও সেখানে করা হয় নি। যদি সরকারের কোন কিছ, করবার ইচ্ছা না থাকে তা হ'লে সেটা স্পন্ট ক'রে ব'লে দিন যে আমরা মত বদলেছি, এখন কিছু করব না। ১৯৪৭ সাল থেকে এই চন্দ্রকোণা এলাকায় প্রত্যেকটি ইউনিয়নে এবং মিউনি-সিপ্যালিটিতে স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করবার সিম্খান্ত হয়েছে, কিন্তু আজ পর্যন্ত লোকে জমি দিয়ে. টাকা দিয়েও কিছ্ম করতে পারছে না। আপনারা যদি সতাই লোকের স্বাস্থোর উন্নতি করতে চান চতদিকে স্বাস্থাকেন্দ্র ছডিয়ে দিয়ে তা হ'লে যে যে জায়গার লোকে টাকা, জমি নিয়ে এগিয়ে এসেছে, তাদের সাধারণ সহজভাবে কাজে লাগানো উচিৎ। তা যদি না করেন, তা হ'লে জনসাধারণের সাহায়্য চাই, একথা আপনাদের মুখে বলা শোভা পায় না। আমি অনুরোধ করব, এদিকে তাঁরা বিশেষ দূষ্টি দিন এবং স্বাস্থ্যের উন্নতির জন্য স্বাস্থ্যবিভাগের আরও তৎপর হওয়া উচিত। স্বাস্থ্যবিভাগের কাজ হ'ল গ্রামে গ্রামে যাতে আরও চিকিৎসক যেতে পারে তার বাবস্থা করা। মেডিকেল কলেজ থেকে তাদের রেগলোর ডিপ্লোমা বা প্র্যাকটিসের জনা লাইসেন্স দেবার আগে এক বছর, দু' বছর প্রথমে গ্রামে গিয়ে বাধ্যতাম্লেকভাবে তাদের কাজ করবার জন্য যদি ব্যবস্থা করা হয় তা হ'লে আমাদের স্বাস্থোর উন্নতির পথ সহজ হবে এবং আমরা যে অ্যাপ্রোপ্রিয়েশন বিলে টাকা চাচ্ছি, সেটা অল্পক্ষণ পরে পাশ হয়ে যাবে এবং সেই টাকা খরচ করাও সার্থক হবে।

Sj. Nagendra Kumar Bhattacharyya: Mr. Chairman, Sir, I must at the outset congratulate the Finance Minister for his announcement on the floor of the West Bengal Legislative Assembly that taxes on books will no longer be levied. We would have been happy if similar announcement were made exempting the co-operative farming societies from payment of agricultural income-tax. We hope that the matter will be considered by the Finance Minister and relief would be given to them without any further delay.

Sir, Coming to the Co-operation Department, we find that provision has been made for stabilising the financial condition of the West Bengal Provincial Co-operative Bank. We all know that after the 15th August 1947 the Bank sustained a heavy loss for non-realisation of its dues as some of the central banks were included in the State of East Pakistan. Sir. the loss was so heavy that at one time it was thought that there might be public run on the bank but the situation was somewhat eased when the State guaranteed money to the depositors and announced a loan of Rs. 9 lakhs every year for 12 years.

Sir, this year the Central Government have made an offer to the State of West Bengal to make a payment of Rs. 48 lakhs for stabilisation of the West Bengal Provincial Co-operative Bank on condition that the State of West Bengal would convert the loan which now amounts to Rs. 90 lakhs 38 thousand into a gift. The State Government have actually accepted that offer and are going to make a free gift of that amount and the sum of Rs. 48 lakhs would be given to the WestBengal Provincial Co-operative Bank for their stabilisation. This, I beg to submit, is a move in the right direction.

Then again, the Government scheme for rehabilitating the Central Cooperative Banks in the districts is also a move in the right direction and the proposal of the Government to contribute Rs. 1 lakh to each of these 12 Central Banks during the next year is also sufficient to rehabilitate these banks. Then again, provision has been made for Rs. 8 lakhs for meeting outfalls in the debentures which are going to be issued by the Central Land Mortgage Banks. This also, I submit, is a move in the right direction. These measures, I hope, will accelerate the progress of the co-operative movement in the State of West Bengal.

But, Sir, we find a different picture when we come to consider the allotment under the head "Administration of Justice". This year the allotment is lower by Rs. 10 lakhs than that of the previous year. Therefore, it must be presumed that no provision has been made for speedy disposal of cases, civil and criminal, accumulated in the mofussil. Unless this is done, justice would practically be denied to the litigants in the mofussil. Then again, not a single farthing has been allotted in the matter of formulating or giving effect to the scheme of separation of judiciary from the executive. I have on the floor of this House stated many times that the separation of judiciary is necessary without any further delay and I hope the Government would consider the question of accepting the directive of the Constitution of India in its proper light and would not delay the matter any further.

Then, Sir. I come to the question of water-supply in the urban areas. We all know that the water-works in the mofussil areas are very old and they require renovation and repair. The other day, during the discussion of the budget, the honourable member from Midnapore said that the Midnapore Water Works require immediate repairs and renovation. I also submitted before this House that the Berhampore Water Works were more than 60 years old and require immediate renovation and repairs. The estimates and plans for the same are pending before the State Government for a long time but without any effect. In these circumstances the allotnent of Rs. 23 lakhs for National Water Supply and Sanitation Scheme is quite inadequate and will not satisfy the needs of the urban people.

[10-30-10-40 a.m.]

I hope the Government would see its way to allot more money in the revised budget so that part of the needs at least may be fulfilled. Then again so far as the allotment to the District Boards are concerned, the sum allotted is three lakks of rupees. This is quite inadequate and insufficient as I said the other day. Either abolish the District Boards forthwith or give them funds enough to discharge their responsibilities properly.

Then I come to West Bengal Finance Corporation. The State Government stood guarantee for payment of 3½ per cent. to the shareholders of the Corporation and to make payment of the deficit, if any, which arises therefrom. Every year the Government of West Bengal are making payments to the deficit. The amounts every year which are being paid are not less than rupees one lakh. This year the State Government shall have to make payment to cover the deficit to the extent of Rs. 1 lakh and 65 thousand. The Chairman of the Corporation, Mr. Birla, said that this Corporation cannot at any time run at a profit. This is the state of things. In these circumstances should you think that the members of the Committee of Management and the members of the Executive Committee should draw bigh fee for the purpose of attending the meetings and should draw T. A. at a fabulous rate on the basis of rules framed by them. It is high time that the Government should intervene in the matter, revise the rules and see that the members are not allowed to get anything as regards their fee for attendance. The institution is running at a loss.

Then, Sir, I make one submission and that is with regard to the condition of about forty thousand people residing in the border area within the Lalgolla police-station in the district of Murshidabad. These persons have been thrown out of employment due to transfer of 26 sq. miles of land to Pakistan very recently. Most of these men are fishermen and displaced persons from East Pakistan. They used to earn their livelihood by catching fishes in the river Padma, but due to transference of areas, they, are not even allowed to get down into the river and practically speaking they are now without any employment and they are on the verge of starvation. I think Government should allow compensation to them and see that they are properly rehabilitated.

With these words, Sir, I resume my seat.

Sj. Santosh Kumar Bhattacharyya:

মাননীয় সভাপতি মহাশয়, এই অ্যাপ্রোপ্রিয়েশন বিল আলোচনার সময় আমি প্রথমে মুখ্য-মন্ত্রী মহাশ্রের এবং সরকারের দৃণ্টি একটি বিষয়ের প্রতি আকৃষ্ট করতে চাই, যেটা মাননীয় সদস্য নগেন ভটাচার্য এই মাত্র ব'লে গিয়েছেন। আমি এ বিষয়টি আর একট্ন বিশদভাবে পরিষদের সামনে উপস্থিত করতে চাই। সেটা হচ্ছে এই যে. ২৬ বর্গমাইল এলাকা ষেটা পাকিস্তানের ক'ছে চ'লে গিয়েছে। মুশিদাবাদ, রাজসাহী সীমান্তে ২৬ বর্গমাইল এলাকা চ'লে যাবার ফলে চর ন্রপরে ধ'রে জলংগী এই যে ৮০ মাইলব্যাপী সীমানত এই গোঁটা সীমানা জাড়ে আজকে ভীষণ ও সাংঘাতিক অর্থানীতিক কণ্ট দেখা দিয়েছে। শুধু এই ২৬ বর্গা-মাইল সীমানা হস্তান্তরের ফলে ১৪ হাজার পরিবার আজকে ছন্নছাড়া হয়েছে। এর ভিতর অধিকাংশ প্রায় ১৩ হাজার পরিবার মংসাজীবী পরিবার-এরা এই ৬০-৭০ হাজার লোক আজকে ভিটেমাটি হারা হয়ে পথে পথে ঘুরে বেডাচ্ছে, তাদের কোন আশ্রয় নাই। আমি সরকারকে একথা জিজ্ঞাসা করতে চাই ১৫ই জানুয়ারি যথন হস্তান্তর হয়ে গেল—সেটা এক-দিনে হয় নি - এর আগেও আলাপ-আলে চনা হয়েছে। তাঁদের দ চিটর ভিতর এবং জ্ঞানের ভিতর এটা ছিল যে, এই এলাকা যেটা ছিল যেটা ভারতবর্ষ থেকে পাকিস্তানে চ'লে যাবে, সেথানে যাদের ঘরবাড়ি রয়েছে, জীমজমা রয়েছে. জীবিকার্জন করার যে একমাত্র এলাকা সেটা চলে যাবার ফলে কি ব্যবস্থা রয়েছে যারা নতুন ক'রে ইহুদী স্থিট হচ্ছে তাদের জন্য কি ব্যবস্থা রয়েছে? সরকারের ঔদাসীন্যের কাছে, তাদের মর্মান্তিকতার কাছে এই ৬০ হাজার লোকের কোন উপায় নাই। আমি নিজে গিয়ে দেখে এসেছি মাননীয় সদস্য শশাংকবাব, এবং নগেন-বাব্য সবাই দেখেছেন সেইসমস্ত লোককে. খাওয়ার জন্য তাদের ঘরের করোগেণ্টেড টিন বিক্রি ক'রে দিয়েছে এবং সমুস্ত ভিটেমাটি হারিয়ে অসহায় অবস্থায় দলে দলে পথে পথে ঘুরে বেডাচ্ছে। আমি একটি ঘটনা, ২৭এ ফেব্রুয়ারির ঘটনা বলি—ঐ তারিখে প্রায় ৭-৮ হাজার —তার অধে'ক হ'ল স্বীলোক-তারা শিশ্ব কোলে ক'রে তিন চার দিন অনাহারে অর্ধাহারে থাকার পর মহক্মা শাসকের কাছে যায়। লালবাগ থেকে বহরমপুর শহরের মাইলের পর মাইল ৩-৪ দিনে ছন্নছাড়া হয়ে আসে, যারা রা ডক্রিফ আাওয়ার্ডের ফলে ছিন্নমূল হয়ে এতগুলি পরিবার পশ্চিমবংগ এসেছিল, পশ্মার জলে জাল ফেলে যে মংস্যজীবীরা জীবিকার্জন করত, বিদ্তীর্ণ এলাকা পাকিদতানে চলে যাবার ফলে তাদের বাঁচবার ক্ষীণতম উপায়ও কিছু, নাই। এই সমস্ত লোক যখন ২৭এ ফেব্রুয়ারিতে আসে তখন শশাৎকবাব, নগেনবাব, এবং অন্যান্য যাঁরা বামপন্থী দলের কম্পরা আছেন আমরা সকলে যেয়ে জেলাশাসককে বললাম, আপনাদের কোন পরিকল্পনা আছে কিনা এদের জন্য অন্য কিছু করবার। এই ৬০ হাজার লোক তিন-দিন অনাহারে আছে, উপবাসে আছে—আইনগত দিক কি আছে তা শশাঞ্চবাব, এই পরিষদে আলোচনা করেছেন—এদের অবস্থা আমরা জেলাশাসককে জানালাম, বললাম এরা তিন-চার দিন যাবত অন'হারে আছে, উপবাসে আছে, এদের রিলিফএর কোন ব্যবস্থা করুন, খাওয়াবার বাবস্থা কর্ন—এরা সীমানা হস্তান্তরের ফলেই উন্বাস্তু হয়েছে এবং আপনাদের ন্বারে উপস্থিত হয়েছে—এসমুস্ত জানাবার পর জেলাশাসক জানালেন তিনি কিছু করতে পারেন না। খাদ্যমন্ত্রী প্রফার্ল্লীচন্দ্র সেন মহাশয়কে টাঙ্ক কল করা হ'ল ৪টার সময় যে, এতগুলি লোক শহরে পথে পথে ঘুরে বেড়াচ্ছে, জেলাশাসক এদের জন্য কিছু, করতে অস্বীকার করছেন-প্রফল্লবার

তথন জানালেন যে, আমি এখনই নির্দেশ পাঠাচ্ছি, অন্তত তাদের জন্য কিছু ব্যবস্থা করার জন্য। রাত্রি ৯টা হ'লে তাদের সামান্য দুটো চি'ড়ে গাড় দিয়ে বিদায় করা হ'ল। একটা এলাকায় আজ পর্যন্ত যতদ্রে জানি ১২ হাজার টাকা মাত্র রিলিফএ খরচ করা হয়েছে, তিনটি টেন্ট রিলিফএর রান্তা নেওয়া হয়েছে. কিন্তু আমরা জানি নিজেরা গিয়ে দেখেছি এই সমন্ত লোকের বিন্দুমাত্র অবলম্বন নাই।

[10-40-10-50 a.m.]

হাজার দূ' হাজার লোক প্রত্যেক দিন টেস্ট রিলিফ কেন্দ্রে গিয়ে ধর্না দিছে, কিন্তু সেখান থেকে অধিকাংশ দিন রিক্তহন্তে বাড়ি ফিরে অনাহারে দিন কাটাচ্ছে। আজ তাই উপবাসই তাদের একমাত্র সম্বল হয়ে দাঁড়িয়েছে। এই মার্চ তারিখে লালগোলায় বিরাট জনসভা হয়, সরকারের এই নিম্মতার প্রতি সরকারের এই হস্তান্তর নীতির প্রতি নিন্দা প্রকাশ করেছেন। সেখানে নগেনবাব, শশাংকবাব, এমনকি মণ্ডল কংগ্রেসকমীরাও উপস্থিত ছিলেন তাঁরা পর্যন্ত সরকারের এই নির্মমতার প্রতি, সরকারের এই হস্তান্তর নীতির প্রতি নিন্দা প্রকাশ করেছেন। সে চর আমরা ফিরে পাব কিনা জানি না, কিন্তু এই ষাট সহস্র অধিবাসী সীমান্তে যারা ছন্নছাড়া হয়ে বেড়াচ্ছে –আমি জানতে চাই গভর্নমেন্ট তাদের জন্য কি করেছেন? তাদের অবিলম্বে রিসেটেল করবার কোনরকম আলোচনা কেবিনেটে হয়েছে কিনা আমি মুখামুলীর কাছে জানতে চাই। আমি এখানে কয়েকটি প্রস্তাব রাখতে চাই এবং তার পরই আমার বন্তব্য শেষ করব। আমরা দাবি জানাচ্ছি—মাননীয় মন্তিম ডলীকে বলছি, যে, মাম্বলি ডিস্টিট্ট ম্যাজিস্টেট এস ডি ও ও সার্কেল অফিসার দ্বারা চলবে না। অল্লদাবাব যেকথা বলেছেন, বছরের পর বছর এইভাবে চলবে আব এই ৬০ হাজার লোক মরে ভূত হবে এবং তাদের প্রেতাত্মারা ঘরে বেড়াবে। এই ছিল্লমূল ৬০ হাজার উদ্বাস্তুদের জন্য একজন দেপশ্যাল অফিসার নিযুক্ত কর্ন। এবং তাঁকে উচ্চ ক্ষমতাসম্পন্ন ক'রে সেখানে বসান। নতুন একটা ডিপার্টমেন্ট খুলে জরুরি ব্যবস্থা অবলম্বন করুন তাদের বাঁচাবার জন্য।

দ্বিতীয় কথা হচ্ছে, সেখানে সমণ্ড দল এবং মত নিবি'শেষে সকলকে, প্থানীয় সকলকে এবং জেলার সকলকে নিয়ে একটা কমিটি গঠন কর্ন পিথর করার জন্য যে, কিভাবে তাদের সাহায্য করা যায়, তাদের বাঁচ নো যায় তার জন্য জনসাধারণের সহযোগিতা আপনারা গ্রহণ কর্ন। আমি বলতে চাই ইতোমধো লালগোলায় একটা কমিটি গঠিত হয়েছে সমণ্ড দলের লোকদের নিয়ে, এমনিক লালগোলা মণ্ডল কংগ্রেসের সভাপতি নিজে তাতে আছেন, সৈই কিমিটিকে স্বীকৃতি দিন, তাঁদের সংগে পরামণ্ড কর্ন এবং এই অসহায়দের বাঁচাবার চেচ্টা কর্ন।

পণ্ডিত জওহরলাল নেহর্ একবার বলেছেন—পণ্টিমবংগর চীফ সেক্টোরীর সংগ তিনি পরামর্শ ক'রে চুক্তি সম্পাদন করেছেন, আর একবার বলেছেন যে, পশ্চিমবংগর কারও সংগ পরামর্শ করেন নাই। কিন্তু তিনি কি করেছেন জানি না, তিনি উল্পোপাল্টা কথা বলেছেন। কিন্তু আজ এই যে ৬০ হাজার লোক তারা বাস্তুচ্যুত হয়ে এই পশ্চিমবংগ এসে নতুন আশায় ঘর বে'ষে কোনরকমে জীবিকার্জন করছিল তাদের বাঁচাবার কোন রকম প্রচেচ্টা না করলে, তাদের দাবি মেনে না নিলে জনসাধারণ শ্নবে না। তাদের মধ্যে অধিকাংশই মংস্যজীবী—লালগোলা থেকে আরম্ভ ক'রে জলটা পাকিস্তানের ভাগে পড়ায় মাছ ধরতে পারে না। পশ্চিমবংগর যেখানে যত খাল নালা বিল আছে সেখানে তাদের নতুন ক'রে জীবিকার্জনের ব্যবস্থা করতে হবে। যাদের মাছ ধরার স্থোগ ক'রে দিতে পারবেন না তাদের জন্য লালগোলায় যেই লেকট্রিসিটি হয়েছে গ্রীড সিম্টেমে এবং বাজেটে যে দেখিয়েছেন ডেভেলপমেন্ট অফ স্টেট ইলেকট্রিসিটি সেই ইলকট্রিসিটির সাহায্যে ছোট ছোট কটেজ ইন্ডাস্টি তৈরি কর্ন। পাট থেকে জন্ট বাই প্রোডাক্ট হ'তে পারে তার ব্যবস্থা কর্ন। ছোট ছোট ছোট মেসিন ট্লের জন্য ছোট ছোট ওয়ার্কশপ স্থাপন কর্ন, এই সব ক'রে তাদের কাজ দেবার ব্যবস্থা কর্ন। নইলে শ্ব্রু

তারপরে বলব—তারা উদ্মৃত্ত আকাশের তলে বাস করছে। মুখামন্দ্রী মহাশার ৮ লক্ষ্ণ ৭০ হাজার টাকার লালগোলার রাজবাড়ি কিনেছেন। সেখানে উদ্মাদাগার করবেন, হাসপাতাল করবেন, কবে করবেন জানি না। যখন করবেন তখন বাংলাদেশের উদ্মাদদের সেখানে পাঠানো যাবে। তার আগে সে বাড়ির দরজা খুলে দিন এই যে ৬০ হাজার লোকে উন্মুক্ত আকাশের নিচে বাস করছে—তার অন্তত দশ হাজার লোকের ওথানে জারগা হ'তে পারে। বাড়ি দখল ক'রে বসেছেন, তার দরজা বন্ধ ক'রে রাখার তাঁদের কোন অধিকার নাই। আপনারা যদি সে বাড়ির দরজা বন্ধ ক'রে রাখেন তা হ'লে আমরা আন্দোলন করতে বাধ্য হব যে, লালগোলা রাজবাড়ির দরজা ছন্নছাড়া ভবঘুরে উন্বাস্তদের জন্য খুলে দেওয়া হোক।

আমার শেষ বন্ধব্য কেন্দ্রীয় সরকার এ ব্যাপারে উদাসীন থাকতে পারেন না। এই যে, ৬০ হাজার লোক নতুন ক'রে উদ্বাদত হয়েছে এর জন্য তাঁদের অনেকথানি দায়িত্ব আছে। আপনাদের যা রিসোর্সেস আপনাদের সংগতি দিয়ে যতটা পারেন কর্ন, আর যা না পারেন তার জন্য অবিলন্দেব কেন্দ্রীয় সরকারের কাছে দাবি কর্ন। তাদের কৃত সীমানা হস্তান্তরের ফলেই আজ এই ৬.০, হাজার লোক উদ্বাদত হয়েছে। এইভাবে অবিলন্দ্রে যদি আপনারা ব্যবস্থা অবলন্দ্রন না করেন, তা হ'লে মুখ্যমন্দ্রী মহাশারকে জানিয়ে দিছিছ যে, তারা স্থির সিম্বান্ত করেছে যে, তারা পায়ে হেণ্টে এই বিধান সভায় ও পরিষদে আসবে এবং যদি তা বন্ধ থাকে তা হ'লে রাজভবনের সামনে ব'সে থাকবে এবং যতক্ষণ পর্যন্ত তাদের জন্য কোন ব্যবস্থা না করেন ততক্ষণ পর্যন্ত তারা উঠবে না—এইখানে ব'সে তারা ব্যবস্থা করিয়ে নেবে।

Dr. Monindra Mohan Chakrabarty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থপ্রয়োগ বিল আমাদের সামনে আনা হয়েছে। সে সন্বন্ধে আলোচনা সীমাবন্ধ রাখতে হবে—এ আমরা জানি। তা সত্ত্বেও আমি মনে করি যে, এই অর্থ-প্রয়োগ বিল ও যেহেতু আমাদের বাজেট সন্বন্ধে আলোচনা পরিষদে সীমাবন্ধ সেইজন্য আমি মার কয়েকটি ব্যাপারে অর্থমন্ত্রী মহাশয়ের দুডি আকর্ষণ করতে চাই। আমি প্রথমে দুডি আকর্ষণ করতে চাই—এই বিষয়ে যে মিউনিসিপ্যাল এমন্লয়ীরা অর্থাৎ পশ্চিমবাংলা এমন্লয়ীজ ফেডারেশন আগামী ২০এ মার্চ একটা প্রতীক ধর্মঘটের নোটিস দিয়েছে। তার কারণ হচ্ছে—মিনিমাম ওয়েজের যে আ্যাওয়ার্ড হয়েছিল ১লা নবেন্বর থেকে সর্বনিন্দ বেতনের হার প্রবর্তন করবার যে সিন্ধান্ত সরকারপক্ষ এখনও পর্যন্ত কার্যকরী করেন নাই এবং তারই ফলে আগামী ২০এ মার্চ তারা প্রতীক ধর্মঘট ডেকেছে। এবং তার পরে তার পরবরতী ধর্মঘটের কথা চিন্তা করছে। তা যদি ঘটে তা হ'লে পশ্চিমবঙ্গের বিস্তীর্ণ অঞ্চলে যে অত্যন্ত অস্ক্রিধার স্থিতি হবে একথা মুখ্যমন্ত্রী অবগত আছেন।

দ্বিতীয় কথা, সরকার যে 'মিনিমাম ওয়েজ বোড' গঠন করেছেন এবং যাতে এই সিন্ধান্ত অনেকদিন আগেই ঘোষিত হয়েছিল যে, ১লা নবেন্বর থেকে এটা কার্যকরী করা হবে, সেটা কার্যকরী করার ব্যাপারে কোন ব্যবস্থা অবলন্বন করা হয় নি কেন? এই প্রসঙ্গে আমি আরও বলতে চাই যে, আগে যখন মিউনিসিপ্যাল কর্মচারীদের সঙ্গে আলোচনা হয়েছিল তখন সরকার ১০০ টাকা বেতন যাদের তাদের ৫ টাকা ক'রে বেতন বৃদ্ধি করতে রাজী হয়েছিল কিন্তু ১০০—৩০০ টাকা পর্যন্ত যাদের বেতন তাদের বেতনবৃদ্ধির দায়িত্ব নিতে কেন্দ্রীয় সরকার রাজী হয়েছিলেন। সেজন্য কেন্দ্রীয় সরকার ই অংশের টাকা দিতে রাজী থাকলেও পশ্চিমবর্গ্ণাসরকার এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে আ্যপ্রোচ করতে চান না। ৯০০—৩০০ টাকা বেতন যাদের তাদের ৫ টাকা হারে বেতন বৃদ্ধি দিতে গেলে সবন্দ্র্যাপ বি০-৬০ হাজার টাকার বেশি দায়িত্ব নিতে হয় না। এতে কেন যে, তাঁরা সন্মত হন না বৃক্তিব না। কর্মকর্তারা সরকারের কাছে আবেদন করেছেন এই ১০০—৩০০ বেতনের যারা, তাদের বেতন বৃদ্ধি করবার জন্য যে আর্থিক দায়িত্ব তা পশ্চিমবর্গ্ণ-সরকারকে নেওয়ার জন্য মিউনিসিপ্যালিটি কর্মকর্তারা সরকারের কাছে আবেদন করেছেন।

[10-50—11 a.m.]

পশ্চিম বাংলার মিউনিসিপ্যাল কর্মচারীরা তাঁর কাছে আবেদন করেছে। সামান্য ৫০।৬০ হাজার টাকার জন্য যেন তাদের মধ্যে অসন্তোষ স্থিট না করেন। তাঁকে অত্যন্ত জোরের সঞ্গে অন্রোধ করব যে ২৯এ মার্চের আগে তিনি যেন এ সম্বন্ধে একটা সিম্পান্ত গ্রহণ করেন, কেননা তাঁরা নীতিগতভাবে তাঁদের দায়িত্ব এ সম্বন্ধে তাঁরা নিয়েছেন এবং তার জন্য যে টাকার

দরকার ৫৫ লাখ টাকা দেবার প্রতিশ্রন্থিত তাঁরা দিরেছিলেন। শর্ধ তাই নর, যদি মিউনিসি-প্যাল কর্তৃপক্ষ এই ব্যবস্থা না করতে পারেন তা হ'লে সরকার তাদের অভিযুক্ত করতে পারেন স্সেটা আইনে আছে এবং আমার বন্ধ শ্রীরবীন সিংহ মহাশরের মত লোককে তাঁরা আদালতে অভিযুক্ত করতে পারেন এবং জেলেও দিতে পারেন। (শ্রীয়ন্ত রবীন্দ্রলাল সিংহঃ হাওড়ার মিনিমাম ওয়েজ এখনও হয় নি, সন্তরাং আমার জেলে যাওয়ার কোন সম্ভাবনা নেই।)

িশবতীয় যে জিনিসের প্রতি আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশরের দ্ভিট আকর্ষণ করছি সেটা হচ্ছে যে, ১৯৫৮ সালের ২৮এ ফেব্রুয়ারি তারিথে প্রত বিভাগের মন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, ওয়ার্কস অ্যান্ড বিল্ডিংসএর যেসমস্ত এক্সিকিউটিভ ইজিনীয়ার, আশ্রীসটাটে ইজিনীয়ার আছেন তাঁদের অধিকাংশ যে টেন্সোরারি, তাদের পার্মামেন্ট করা হবে। (দি অনারেবল কালীপদ মুখার্জিঃ হয়ে গেছে?) এটা ইরিগেশনে হয়েছে, কিন্তু ওয়ার্কস অ্যান্ড বিল্ডিংস-এ হয় নি।

তৃতীয় জিনিসের প্রতি আমি অর্থমন্ত্রী এবং স্বাস্থামন্ত্রীর দ্'ভি আকর্ষণ করছি, সেটা হচ্ছে মেডিক্যাল কলেজের অবস্থা সম্পর্কে। মেডিক্যাল কলেজে প্রায় এক বছর হ'তে চলল Prof. Director of Medicine, Directorate of Surgery, Professor of Opthalmology.
এবং একজন ভিজিটিং সার্জেনের পোস্ট খালি আছে। এই সমস্ত গ্রুত্বপূর্ণ পদগ্দিতে উপযুক্ত লোক কেন এতদিন পর্যণ্ড নিয়োগ করা হয় নি সেকথা আমি জানতে চাই। এ বিষয়ে যতে যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হয় তার জন্য তাদের দ্'ভি আকর্ষণ করছি। এই প্রসঞ্জে আরও বলতে চাই যে, মেডিক্যাল কলেজে যেসমস্ত ডান্তাররা আছেন তাদের উপর অত্যণ্ড কাজের চাপ পড়ছে। আমি দ্ভৌণ্ডস্বর্প বলতে পারি যে, একজন ক্লিনিকাল প্যাথোলজিন্ট আছেন মাত্র ১৩৫ টাকা বেতনে, কিন্তু তাকৈ ২০০ রোগীর রাড, স্প্টাম ইত্যাদি পরীক্ষা করতে হয়। এ ছাড়াও যে অক্সিলিয়ারি জেনারেল হসাপট্যাল আছে তাদের রাড, স্প্টাম ইত্যাদি অন্যান্য প্যাথোলজিক্যাল কাজ করতে হয়। এইরকম কাজের চাপ থাকলে তাঁর দ্বারা ভাল কাজ হওয়া সম্ভব নয়। এইসব দিকে আমি মন্তিমহাশয়ের দ্'ভি আকর্ষণ করতি।

বাজেটের সময় আমি মংস্যাবিভাগ এবং অক্সিলিয়ারি ফুড প্রোডাকশন সম্বন্ধে কতকগৃলি কথা বলেছিলাম। আমি আবার বলি যে, মংস্যাবিভাগটিকে প্রায় লোন দেওয়া অফিস ক'রে তোলা হয়েছে। অর্থাং মাছের চাষের ব্যাপারে লোন দেওয়া ছাড়া তাদের আর কোন কাজ নেই এবং সেখানে যে টেকনিক্যাল অফিসার আছেন তাঁরা টেকনিক্যাল কাজ করতে পারেন না। সেজনা বলব যে, এ বিষয়ে একটা তদন্ত হওয়া প্রয়েজন।

Si. Naren Das:

স্যার, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল আমাদের সামনে এনেছেন আমি তার বিরোধিতা করছি। কারণ, সরকারের প্রথম কর্তব্য হওয়া উচিত যে, তাঁদের রচিত আইন রাজ্যে প্রতিপালিত করানো। কিন্তু অতান্ত দ্বংথের বিষয় যে, এখানে সর্বাই আইন উপোক্ষিত হচ্ছে। আমি আপনার মাধ্যমে দ্বিট আকর্ষণ করব যে, কয়েক মাস আগে আমরা এখানে যে আ্যান্টি-প্রফিটিয়ারিং অ্যান্ট্র পাশ করেছিলাম সে আইন আজ প্রতিপালিত হচ্ছে না সারা বাংলার র অংশে। আমাদের খাদ্যমন্ত্রী বিধানসভায় দাঁড়িয়ে কতকটা আত্মত্থিতের পরিচয় দিয়েছেন এই ব'লে যে, আমাদের মাডিফায়েড রেশনিংএর ব্যবস্থা ক্রমে বেড়ে যাছে এবং সার্থক হচ্ছে। কিন্তু আমি তাঁকে বলি যে, এই মাডিফায়েড রেশনিংএর আওতা থেকে বাংলার প্রায় র অংশ মান্ত্রবাদ পড়ছে এবং যারা সতিকারের উৎপাদক তারাই বাদ পড়েছে। আমি শহরাণ্ডল বা শিলপাণ্ডলের রেশনিং চাল্য করার বির্দ্ধে কোন অভিযোগ করছি না। কিন্তু এখানে যারা থাকেন তাঁদের চেরে গ্রামাণ্ডলে বারা বাস করেন তাঁদের ক্রয়ণান্ত কম এবং তাঁরা অপেক্ষাকৃত দরিদ্র। সেইসমহত দরিদ্র জনসাধারণের কাছে আমরা মাডিফায়েড রেশনিং ব্যবস্থা ঠিক ঠিক পেণছে দিতে পারি নি। কোন অণ্ডলে মাডিফায়েড রেশনিংএর ব্যবস্থা হয় নি এমন কথা নয়, হয়ত ইউনিয়নের উপর একটা মাডিফায়েড রেশনিং প্র ব্রহ্ছে কিন্তু ৫-৬-৭ মাইল হেণ্টে গিয়ে মান্ত্র্যকে খাদাশস্য আনতে

হয়, আবার কোনদিন গিয়ে হয়ত তারা সামগ্রী পায় না। সেখানকার সাংলাই অত্যন্ত খারাপ স্কৃতি-ময়দা ইত্যাদি জিনিস কিছ্ই পাওয়া যায় না। স্যার, বাংলা-সরকারের খাদানীতি দেখে একথা মনে হয় যে, বাংলা-সরকার কলকাতা এবং শিল্পাণ্ডলের তৃংত করার জন্য যেন বাগ্র, কিল্ডু যারা সত্যিকারের উৎপাদক তাদের দিকে তাঁরা দৃষ্টি দিচ্ছেন না। আমি একথা বলছি না যে, কলকাতা বা শিল্পাণ্ডলে খাদাসরবরাহ করা উচিত নয়। কিল্ডু যারা অধিকতর দ্বুর্গত তারা যাতে পায় সেদিকে আপনার মাধ্যমে আমি মন্দ্রমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

দ্বিতীয় কথা হচ্ছে, অ্যান্টি-প্রফিটিয়ারিং অ্যাক্ট এখানে প্রতিপালিত হচ্ছে না। আমি নিজে ফোরওয়ালাদের দে 🚅 যে, তারা ২৫-২৬ টাকা মূল্যে চাল বিক্রি করছে। কিন্তু আমি এই বিধান পরিষদে দাঁড়িয়ে বলছি যে, আমি তাদের ধরিয়ে দিতে চাই না, কারণ তারা চোরাকারবারী নয়-হয়ত এক মণ চাল তারা বিক্রি করছে। এই অ্যান্টি-প্রফিটিয়ারিং আক্ট চাল, করবার জন্য যে ব্যবস্থা গ্রহণ করা উচিত ছিল সে ব্যবস্থা সরকার গ্রহণ করেন নি। কারণ বাংলা-সরকারের যে আড়েমিনিস্টেটিভ সিস্টেম, সেই সিস্টেমের মাধ্যমে এই আনিট-প্রফিটিয়ারিং আক্ট কিছ,তেই চালা হ'তে পারে না। এর প্রধান কারণ হচ্ছে যে, বাংলা-সরকার তথা কংগ্রেস পার্টি এখানে ধনিক শ্রেণীর সঙ্গে যুক্ত, কলের মালিকের সঙ্গে যুক্ত এবং যারা স্টাকিস্ট তাদের সঙ্গে যুক্ত খাকার ফলে এই অ্যান্টি-প্রফিটিয়ারিং অ্যাক্ট চালা করা অসম্ভব হচ্ছে। প্রফল্লবাবা বলেন বৈ, তিনি এটা সাথ ক করবেন, কিন্তু আমি বলব যে, তিনি ব্যর্থ হবেন। এ বিষয়ে একটা উদাহরণ আমি অপনার সামনে উপস্থিত করব যে, কাঁথিতে আান্টি-প্রফিটিয়ারিং আক্টএ চালা করবার জন্য সেখানকার এস ডি ও. এস এম মুর্সেদ--হাসিনা মুর্সেদের পুত্র-কয়েকজন কংগ্রেসের নেতাকে গ্রেণ্তার করেছিলেন এবং তাঁরা এখন সব জামিনে আছেন। এ°দের মধ্যে কেউ কেউ আমাদের উপমন্ত্রী চিত্তবাব্রে ঘনিষ্ঠ আত্মীয়। সতীশ জানা, সুরেশ জানা, বুন্দাবন প্রামাণিক, গদাধর দাস ইত্যাদি এ'রা সবাই মণ্ডল কংগ্রেসের স্টলওয়ার্ট। আমার ধারণা যে, সতীশ জানা এবং সারেশ জানার নাম এখানকার সবাই জানেন। কাঁথি গেলে প্রদেশ কংগ্রেসনেতারা ও মন্ত্রীরা সতীশবাবুর বাড়িতে অতিথি হন। এস ডি ও কার্র কাছ থেকে ২ হাজার মণ ধান ক্রোক করেছেন। , বুন্দাবন পরামাণিকের কাছ থেকে ৪ হাজার মণ, সারেশ জানার কাছ থেকে ২ হাজার মণ ক্রোক করেছেন। এইরকম ধরনের কাজ করার পরে ওখানকার কংগ্রেস পার্টিতে আলোচনা হয়েছে যে. এস এম মুর্সেদকে ওখান থেকে সরিয়ে দেওয়া হোক।

|11-11-10 a.m.]

আমি শ্লেছি যে, ম্খামন্ত্রী ২-৩ দিন আগে তাঁকে ডেকে পাঠিয়েছেন যাতে তিনি কলকাতায় চলে আসেন। কিন্তু ম্খামন্ত্রীর কাছে । খ্ব বিস্ময়ের সহিত বলছি যে, আমি কাঁথিতে গিয়েছিলাম এবং সেথানকার এস ডি ও অতানত জনপ্রিয়। এস ডি ও এমন অবস্থার স্টিট করেছেন সেথানে যে, নির্ধারিত ম্লো চাল বিক্তি হচ্ছে। কিন্তু আমি শ্লতে পেয়েছি তাঁকে নাকি সেখান থেকে ট্রান্সফার করবার প্রচেণ্টা চলেছে, এবং যে মন্ত্রীদের আত্বীয়ুস্বজন গ্রেণ্ডার হয়েছে তাঁরাও চেণ্টা করছেন, তাই আমি ম্খামন্ত্রীর কাছে নিবেদন করব যে, এই ধরনের কাজ করলে কন্টাই জনসাধারণের কাছে কংগ্রেস-সরকার অতানত অপ্রিয় হবেন।

তারপর স্যার, টেন্ট রিলিফের সম্বন্ধে আমি বলব যে, টেন্ট রিলিফ বিজ্ঞানসম্মতভাবে চাল্ব করা উচিত। খরিফ শস্য যেখানে হয় সেখানে যখন টেন্ট রিলিফ হবে, যেখানে চৈতালী ফসল হয় সেখানে তখন টেন্ট রিলিফ না হওয়া উচিত। কতকগ্বলি অঞ্চল আছে যেখানে শ্বুধু চৈতালী ফসল হয়, খরিফ শস্য হয় না। সেখানকার যে কৃষিঋণ ভিসেম্বর থেকে মার্চের মধ্যে দেওয়া উচিত এবং কৃষি-সম্পর্কিত সব কিছু সাহাষ্য ঐ কয় মাসের মধ্যে যাওয়া উচিত। কিন্তু তা যায় না। সেজন্য আমি সংশিল্ট মন্তিমহাশয়ের দ্লিট আকর্ষণ করছি এবং যাতে বিজ্ঞানসম্মতভাবে কৃষি-ঋণ ভিস্ট্রিবিট করেন তার জন্য অনুরোধ করব। টেন্ট রিলিফের কাজ এতদিন পর্যান্ত শ্বুধু রাস্তা তৈরি করান হচ্ছিল এবং হাজার হাজার মাইল রাস্তা তৈরি হয়েছে, কিন্তু তার একটি রাস্তাও ভাল হয় নি। অত্যান্ত স্থের বিষয় যে, সরকার এই কিছু কিছু উয়য়নম্প্রক কাজের দিকে টেন্ট রিলিফের কাজ করাচ্ছেন। শ্বুধু রাস্তা তৈরি না ক'রে বিশেষ ওয়েস্ট ল্যান্ডকে প্রনর্ম্পার করবার চেন্টা করা এবং টিউবওয়েল বসানোর চেন্টা করা

উচিত। এবং টেস্ট রিলিফের সময় আর-একটি জিনিস লক্ষ্য করা উচিত যে টেস্ট রিলিফএ কারা কাজ করতে যায়, আমি মনুশিদাবাদে একটা থবর শনুনেছি যে, সেখানে টেস্ট রিলিফএ একজন মনুসলমান মহিলা কাজ করতে গিয়ে তার সেখানে ডেলিভারি হয়ে যায়। এর চেয়ে লক্ষ্যার বিষয় আর কি হ'তে পারে। আমাদের দেখা উচিত, যারা প্রেগন্যান্ট উইমেন টেস্ট রিলিফএ কাজে না গিয়ে যাতে অনাভাবে সংহায়্য পেতে পারে তার দিকে সরকারের নজর দেওয়া উচিত। দিবতীয় কথা হচ্ছে যে, এবারেও আমি এখানে দাঁড়িয়ে ঘোষণা ক'রে যাচ্ছি, এবারকার খাদ্যের অবস্থা আরও খারাপ হবে এবং বাংলাদেশে দ্বভিক্ষ দেখা দেবে। সেজন্য এখন থেকে যাতে সাহাষ্য দেওয়া হয়, তার দিকে দিটি আকর্ষণ করা উচিত। আর-একটা কথা ব'লে আমি আমার আসন গ্রহণ করব। তা হচ্ছে স্পোর্টস সম্বন্ধে, এর অবস্থা অত্যন্ত খারাপ। এ সম্বন্ধে সরকারের আরও কেয়ার নেওয়া উচিত।

Si. Mohitosh Rai Choudhuri:

মাননীয় সভাপতি মহাশয়, সময় সংক্ষেপ সত্রাং এক নিশ্বাসে রামায়ণ পাঠের মত আমাকে বলতে হচ্ছে।

সরকারী বহুপ্রকার কর্ম সম্পর্কে এই ব'জেটের আলোচনা করার সময় আমার মন্তব্য করার শেষ সুযোগ। কাজেই আমি এই সুযোগ গ্রহণ করতে ইতস্তত করব না। আমি শুর্ম্ব কয়েকটা বিষয়ে বলব। সুথের বিষয়, মাননীয় মন্ত্রিমহাশয় এখানে উপস্থিত আছেন। প্রথমে বলব উন্দাস্তু বিভাগের শিক্ষা সম্বন্ধে। এ বিভাগের জন্য বহু লক্ষ টাকা থরচ করেন কেন্দ্রীয় গভর্নমেন্ট এবং আমাদের প্রাদেশিক গভর্নমেন্ট। এই অর্থ বায় ক'রে উন্বাস্তু ছান্তদের বৃত্তি দেওয়া হয়। তাদের বইএর দাম, কাগজ, কলম প্রভৃতি অনেক কিছু দেওয়া হয়। কিন্তু দুঃথের বিষয় উন্বাস্তু বিভাগের কর্মচারীদের শৈথিলোর দর্ম এই সকল স্কলারশিপস ছেলেরা সময়মত পায় না। অনেক সময় সারা বছরের টাকা মার্চ মান্দে পায়, এবং অনেক সময় এক বছরের টাকা পরের বছরে পায়। অনেক সময় তারা আদৌ কিছু পাবে কি না পাবে, সেটাও জানতে পারে না। এ বিষয়ে শিক্ষামন্ত্রী মহাশয় যেন একটু ভাল ক'রে তদন্ত করেন। কেন এমন হয়, কেন এদের যে টাকা দেওয়া হয়, তা এত দেরিতে দেওয়া হয়? বাংলাদেশে "দেশ্বে দশ্বে মেরে দেওয়া" ব'লে একটা কথা আছে। এখানেও ঠিক তাই হয়। শেষ পর্যন্ত দেওয়া হয়, কিন্তু আগে থেকে ব্যবস্থা করলে ভাল হয় নাকি? এত কন্ট দিয়ে দেওয়া হয় কেন?

আমার দ্বিতীয় কথা হচ্ছে, স্বাস্থ্যবিভাগ সম্বন্ধে। স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় এখানে উপস্থিত আছেন, আমি কয়েকটি বিষয়ের প্রতি তাঁর দূটি আকর্ষণ করি। স্বাস্থাকেন্দ্র এবং বিশেষ ক'রে হাসপাতাল সম্পর্কে আমি বহুদিন থেকে একট্ব বেশি ইন্টারেস্ট নিয়ে থাকি। দুর্ভাগ্যক্রমে কলকাতার বিভিন্ন হাসপাতালে নিজের লোক, আত্মীয়, বন্ধ, এবং পরিচিত বহ, রোগীকে নিয়ে যাবার প্রয়োজন হয়েছে। আমি সেখানে যেসকল অস্ক্রিধা দেখেছি, তা আমাদের স্বাস্থ্যমন্ত্রী মহাশয় এবং স্বাস্থ্যবিভাগের যাঁরা প্রধান কর্মচারী, তাঁদের কাছেও বলেছি। এখানে আমার অনেক বন্ধরো ইতঃপূর্বে বললেন স্বাস্থ্যবিভাগের কিছুই উন্নতি হয় নি. হাসপাতালে মিসম্যানেজমেন্ট হচ্ছে, কিন্তু আমি তার তীব্র প্রতিবাদ করছি। আমি সেইসব হাসপাতালে গিয়ে দেখেছি যে, সেখানকার ডাক্তাররা অত্যন্ত কর্ম পরায়ণ। কিন্ত সময়ের অভাবে তাঁরা ঠিকমত কাজ ক'রে উঠতে পারেন না। ফর ইনস্ট্যান্স আউটডোরএ এত বেশি রোগী হয় যে, তা স্বচক্ষে না দেখলে বিশ্বাস করা যায় না। আমি এর পূর্বে যিনি স্বাস্থ্যমন্ত্রী ছিলেন, অমূল্য-বাব কেও বলেছিলাম, বিকালে আউটডোর ফেসিলিটিস যাতে পাওয়া যায় তার জন্য একটা ব্যবস্থা কর্ন। সেই সময় দ্' আনা করে টিকিট কর্ন প্রতিটি রেগীর জন্য এবং সেখানকার ভান্তার, যাঁদের অতিরিন্ত কান্ধ করতে হয়, তাঁদের সেই টাকা থেকে একটা অনারারিয়াম বা রেম,নারেশন দেওয়ার বাবস্থা কর্ন। এইভাবে প্রতিটি হাসপাতালে বিকালবেলা আউটডোরএর ট্রিটমেন্টএর ফের্সিলিটিজ দিন। দেখা যায় সকালবেলায় প্রথম দু'-তিন ঘণ্টার মধ্যেই এত রোগী আসে—যেমন পি জি হাসপাতালে ও মেডিকেল কলেজ হাসপাতালে যে, সেখানকার ডাক্তারদের প্রাণপণে চেষ্টা ক'রেও তাদের সকলের খ্রিটমেন্ট করা সম্ভব নয়। কিভাবে পরিশ্রম করতে হয়, তা ব'লে শেষ করা যায় না। স্বতরাং ভাঞ্জারদের বিরুদ্ধে যেসব অহেতৃক আক্রমণ করা হরেছে তা সম্পূর্ণ অম্ক-আনজাস্টিফায়েড। স্তরাং এই ফেসিলিটিজের ব্যবস্থা যাতে

হয় তার বাবন্ধা কর্ন। পি জি হাসপাত লের আর একটা অবাবন্ধার প্রতি আমি ন্বান্ধামন্দ্রী মহাশয়ের দ্বিট আকর্ষণ করছি। অত্যন্ত দ্বঃখের কথা, আজ বহুদিন ধ'রে পি জি হাসপাতালে এক্স-রে নেবার যন্ত্র অচল হয়ে রয়েছে। পি জি হাসপাতালের যিনি কর্মকর্তা কর্নেল চ্যাটার্জি, তার মত কর্মপরায়ণ লোক খ্ব কর্মই দেখা যায়। তিনি যখন হাসপাতালে ছিলেন সেই সময় হাসপাতালের কত উর্মাত হয়েছে, তা ব'লে শেষ করা যায় না। এখনও যিনি ঐ হাসপাতালের কর্মকর্তা হিসাবে আছেন তিনিও যোগা লোক। কিন্তু যন্ত্রপাতির অভাবে সেখানে ভাল কাজ হ'তে পারছে না। সেখানকার আরও সব অন্যান্য ডান্তাররাও খ্ব কর্মপরায়ণ। কারণ এ'দের সঞ্গে মিশে, এ'দের কার্যকলাপ আমি নিজে প্রত্যক্ষ ক'রে দেখেছি। কিন্তু অত্যন্ত দ্বংখের কথা, অনেক সময় দেখা গিয়েছে এই ব্যবন্ধাপক সভার সদস্যরা তাঁদের পজিসনএর আডভান্টেজ নিয়ে অনেক অন্যায় কাজ ক'রে থাকেন। তাঁদের মধ্যে এমন অনেকে আছেন যাঁরা রোগীকে হাসপাতালে ভর্তি করাবার জন্য সেখানে ডান্তারদের উপর প্রেসার দিয়েছেন। ডান্তাররা দ্বঃখ ক'রে বলেছেন, বিশেষ ক'রে ডাঃ বিধ্ ভট্টাচার্য, যাঁর তুল্য লোক হয় না, তিনি দ্বঃখ ক'রে বলেন যে, আপনারা যাদ এইরক্ম করেন তা হ'লে আমাদের ক'জ করা বড়ই মুশ্কিল হয়। আমি আমার বন্ধ্বদের বলব এ সন্বংধ আমাদের সতর্ক হওয়া উচিত।

তারপর আর একটা বিষয় সম্পর্কেও আমি কিছু বলব। পূর্ত বিভাগের মন্দ্রিমহাশয় এখানে আছেন, আমি আশা করি তিনি আমার বন্তব্য শন্নে যথোচিত ব্যবস্থা অবলম্বন করবেন। প্রতিবিভাগের যাঁরা কন্ট্রাক্টর, তাঁরা প্রায় সবই নন-বেৎগলী, বাৎগালীরা সেখানে কান্ধ পাচ্ছে না। তার কারণ হচ্ছে—যাঁরা কন্ট্রাক্ট চান তাঁদের কাছ থেকে তাঁরা অনেক টাকা ডিপজিট চান। কন্ট্রাক্ট প্রার্থীদের পক্ষে সেই টাকা দেওয়া মুর্শাকল। দিবতীয়ত, কন্ট্রাক্টরেদের বিল মেটাতে গিয়ে তাঁদের ভয়ানক কন্ট দেওয়া হয়। কান্ধ শেষ হ'লেও নানা আছিলায় তাঁদের হয়রাণ করা হয়। ফর ইন্সস্ট্যান্স কেন্টনগরের একজন অতি শিক্ষিত ও সম্ভান্ত বংশের অত্যন্ত অনেস্ট ও বহুদিনের অভিজ্ঞ কন্ট্রাক্টরকে কিভাবে হ্যারাস করা হচ্ছে তা শ্নুনলে মন্দ্রিমহাশয় অবাক হবেন। এব মত আরও অনেক কন্ট্রাক্টরদের অবন্থাও এইর্প হয়। কেন এমন হয়? কারণ, এইসকল কন্ট্রাক্টররা অনেক উচ্চত্র কর্মচারীদের দ্বুনীতি সমর্থন করতে পারেন না, সেইজন্য। এমনকি এজনা তাঁদের নম প্র্যান্ত কন্ট্রাক্টরএর লিস্ট থেকে কেটে দেওয়া হয়েছে।

[At this stage the Red Light was lit.]

আমার আর সময় নেই, স্তরাং আমি এখানেই শেষ করলাম।

[11-10-11-20 a.m.]

Sj. Sasanka Sekhar Sanyal:

মাননীয় সভাপতি মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে এখানে একটা কথা বলতে চাই। মহীতোষ রায়চৌধ্রী মহাশয় বলেছেন যে, বাবস্থাপক সভার সদসারা অনেক সময় তাঁদের পজিসনএর সনুযোগ নিয়ে গভর্নমেন্ট হসপিট্যাল, পি জি সহপিট্যালের ডাক্টারদের উপর চাপ দেন। কিন্তু আমি এখানে গভর্নমেন্ট হাসপাতালের বাবস্থার প্রতি আপনার দুটি আকর্ষণ কর্রাছ। বেলেঘাটায় গভর্নমেন্টের একটা ভাল হাসপাতাল আছে এবং তার চারতলার উপর মেরেছেলেদের সীটএর বন্দোবস্ত আছে। আমি গতকাল সেখানে গিয়ে শ্বনলাম যে বাইরের সব লোক লিফটএ উঠতে পারে না। আমার মত একজন হার্ট ডিজিজএর লোককে চারতলায় উঠতে হ'লে, তার কি অবস্থা হবে একট্ব ভেবে দেখুন। আমি সেথানে গিয়ে উঠতে পাই নি লিফ্টএ।

Mr. Chairman: Mr. Sanyal: you must follow the procedure. You please take your seat and you should not interfere at this stage. Mr. Abdul Halim may kindly speak now.

Janab Abdul Halim:

মিঃ স্পীকার স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থামন্ত্রী মহাশয় আমাদের সামনে যে অর্থ বরান্দের বিল উপস্থাপিত করেছেন, সে সম্বন্ধে কিছুক্ষণ আলোচনার পর সেটা পাশ হয়ে যাবে। প্রের্ব বাজেট আলোচনার সময় আমরা সাধারণভাবে সরকারের নীতি সম্পর্কে আলোচনা করেছি. এখন এই বিলের উপর বিশেষ আলোচনা করার সুযোগ আমাদের নেই। সেইজন্য আমি

শুব্ব করেকটি বিষয় সদ্বন্ধে উল্লেখ করব। এখানে সরকার তাঁর বাজেট বই উপস্থিত ক'রে টাকা বরান্দ ক'রে নেয়। কিন্তু প্রতি বছর ষে অর্থ অপবায় ও অপচয় হয়, যা য়্যাপ্রাপ্রিয়েশন র্যাকাউন্টস ও অডিট রিপোর্ট থেকে দেখতে পাই, সে সন্বন্ধে কোন ব্যবস্থা অবলন্বন করা হয় না। তাঁরা অ্যাপ্রোপ্রিয়েশনএর নাম করে বহু টাকা নিয়ে মিসঅ্যপ্রাপ্রিয়েশন করছেন। তাঁরা অ্যাপ্রোপ্রিয়েশন বিল উপস্থিত ক'রে বহু কোটি টাকা আমাদের এখন থেকে মঞ্জুরি করিয়ে নিচ্ছেন, অথচ টাকাগ্রাল মিসঅ্যাপ্রাপ্রিয়েশন হচ্ছে, সে সন্বন্ধে কোন দেটপ নেন নি, সে সন্বন্ধে কোন আলোচনা পর্যন্ত করতে প্রস্তুত হয় নি। জনকল্যাণ ও নন-ডেভেলপ্রেম্ম থাতে তাঁরা হিউজ অ্যামাউন্ট, প্রচুর টাকা খরচ ক'রে ফেলেন, অথচ তার ন্বারা সেখানে দেশের প্রকৃত উন্নতি কিছুই দেখা যায় না। কাজেই আমার মনে হয়, অডিট রিপোর্টে যেসমুস্ত দুর্নীতির কথা, টাকা মিস্ব্যাপ্র্যাপ্রাপ্ররাধ্বাকর কথা, গ্রমিলের কথা আছে, সে সন্পর্কে আলোচনা হওয়া উচিত, তা না হ'লে কেবল টাকা নিয়ে মিস্ব্যাপ্রাপ্রিয়েশন করবেন, এটা কেউ সমর্থন করতে পারে না।

আমি কয়েকটা বিষয় সম্বদ্ধে আমার বন্ধব্য সীমাবন্ধ রাখব। পর্বলস বাজেটে দেখি ৭-৮ কোটি টাকা প্রনিসের জন্য থরচ করা হয়, অথচ সেই তুলনায় সেথানে কোন কাজ হয় না। মাননীয় স্বরার্ছ্মন্ত্রী মহাশয়, তিনি নিজেই সেদিন স্বীকার করেছেন যে, প্রিলসের মধ্যে সমাজের দুন্নীতি গিয়ে প্রবেশ করেছে এবং সেটা সংশোধন করা দরকার। পর্নালস বিভাগকে সেদিকে দ্বিট রেখে কাজ ক'রে যেতে হবে। এই প্রিলসের স্বারা আমাদের দেশের কি উন্নতি হয়েছে? বিশেষ ক'রে কলকাতা শহরে রাহাজানি, গ্রন্ডামি, আর্নিট-সোস্যাল আক্রিভিটিজ এত বেশি বেড়ে গিয়েছে যা বর্ণনা করা যায় না। রিপন স্ট্রীট, ইলিয়ট রোড, ইসমাইল লেন এই-সমুহত জায়গায় অ্যান্টি-সোস্যাল এলিমেন্টএর কাজ অত্যন্ত বেশি। ডেইলি সেখানে চুরি, রাহাজানি, গ্রুডামি চলেছে। দোকানের তালা ভেঙ্গে জিনিসপট লঠে ক'রে নিয়ে যাচ্ছে, গ্রুডারা রাস্তায় দাঁড়িয়ে গ্র্প্ডামি করছে, লোকের কাছ থেকে ট.কা-পয়সা ছিনিয়ে নিচ্ছে। আপনি বলেছেন, পর্বালস দেশের জনকল্যাণ কাজে সহায়তা করে, কিন্তু তাদেরই পশ্চাতে এইসমন্ত গ্রন্ডামি চলেছে। আপনি একদিন সেখানে নিজে ছন্মবেশে গিয়ে দেখে আসুন সেখানকার কি অবস্থা চলেছে। আমাদের পার্টি অফিসের সামনে দিন-দ্বপ্রে গ্রণ্ডারা এইরকমভাবে ভীষণ গ্রন্ডামি করে চলেছে। আমি প্রলিস ডিপার্টমেন্টে ফোন করেছিলাম, মিঃ মুখার্জি সেদিন সভেগ সভেগ প্রলিস পাঠিয়ে দেন। কিন্তু তারপর সেখানে গ্রন্ডামি বন্ধ করবার জন্য আর কোন বিশেষ ব্যবস্থা অবলম্বন করা হয় নি। এইসকল গ্রন্ডাদের গ্রন্ডামির জন্য রাস্তায় চলাফেরা করা যায় না। মেয়েছেলেরা তো রাস্তায় বেরোতেই পারে না। কাজেই আমি আপনাকে অনুরোধ করব, প্রলিস বিভাগকে যদি সত্যই সংশোধন করতে চান, জনসাধারণের ভাল করতে চান, এবং জনসাধারণের সহযোগিতা পেতে চান তা হ'লে অ্যান্টি-সোস্যাল এলিমেন্ট याता আছে, তাদের দূর কর্ন। অনেক সময় দেখা গিয়েছে পর্লিস একজন লোককে ধরল, তারপর তাকে কিছুদুর নিয়ে গিয়ে, তার কাছ থেকে কিছু টাকা প্রসা আদায় ক'রে নিয়ে ছেডে দিল। এইসমুহত ব্যাপারের একটা তদন্ত হওয়া দরকার।

এই অন্রেমধ করব য়ে, একটা তদন্ত ক'রে দেখনে য়ে, কি ব্যাপার চলছে। তারপর আমি ইরিগেশন সম্পর্কে বলতে চাছি। ময়্রাক্ষী সেচ পরিকল্পনায় তাঁরা য়ে ক্যানেল করেছেন তাতে তাঁরা ঠিকমত জল দিতে পারেছেন না। ৬ লক্ষ একরে জল দেবেন বলেছিলেন কিন্তু ৪ লক্ষ একরেও ঠিকভাবে জল দিতে পারেন নি এবং এর সপ্পে সঞ্চো এই সেচ পরিকল্পনায় অনেক দুর্টিবিচ্ছাতি রয়েছে তার জন্য কতকগুলি উয়য়ন পরিকল্পনা আরও দরকার। এই ক্যানেল সম্প্রসারণ করা দরকার এবং অনেক জায়গায় তা রিমডেল ক'রে পরিবর্তন করা দরকার। এইজন্য সেল্ট্রাল গভর্নমেন্ট থেকে টাকা স্যাংশন করা আছে কিন্তু এগুলি কার্যকরী করা হছে না। একটা অগুলের কথা আমি জানি যেখানে একটা ক্যানেল কয়েক মাইল বাড়াবার কথা ছিল কিন্তু তা করা হয় নি। তাঁরা যে ক্লীম নিয়েছিলেন সেই ক্লীম অন্যায়ী কার্যকরা হছে না। আমি মাননীয় সেচমন্দ্রীকে অন্রেমধ করব যাতে সেগালা কার্যকরী করা হয়। তা ছাড়া বীরভূমে কু'য়ে নদীর সমস্যা বড় সমস্যা। কু'য়ের একটা অংশ ভরাট হয়ে গিয়েছে তারাপন্র হাটের নাণগলহাটা বিলের ওধারে সেটা একবার দেড় লক্ষ টাকা খরচ ক'রে সংক্রম করা হয়েছিল কিন্তু আবার ওটা বন্ধ হয়ে গিয়েছে। অতএব কু'য়ে সংক্রার না হ'লে বর্ষাকালে

সেখানে বন্যা হয়ে বায় সেইজন্য এটা সংস্কার করা দরকার। তা ছাড়া পাবলিক হেলথএ আমি একটা কথা বলতে চাই—নীলরতন সরকার মেডিকেল কলেজ হাসপাতালের বেরকম অবস্থা সেখানে রোগীরা কি অবস্থায় থাকে তা কলপনা করা যায় না। আমি একব র চিঠি লিখেছিলাম মাননীয় হেল্থ মিনিস্টারএর কাছে, সেখানে দেখলাম বে, ইলিয়ট ওয়ার্ড ব'লে একটা ওয়ার্ড আছে মেয়েদের, সেখানে তিল ধারণের স্থান নেই। সেখানে কতকণ্যলি খাট আছে এবং খাটের মাঝে মাঝে মাটিতে পর্যক্ত বিছানা ক'রে দেওয়া হয়েছে। মান্র চলতে পারে না, পচা দ্র্গক্ষ। সেই অবস্থা সম্বশ্ধে আমি তাঁকে চিঠি লিখেছিলাম এবং তিনি হাসপাতালের স্বুপারিল্টেন্ডেন্টএর কাছে জানতে চেয়েছিলেন এবং তাতে তাঁরা নিজেরাই স্বীকার করছেন

the picture drawn by Sri Halim about the Elliott Ward is true.

তারা নিজেরাই এটা স্বীকার করছেন অথচ তার কি প্রতিকার করছেন। উপরে ষেসমস্ত ওয়ার্ড আছে সেখানে বড় বড় অফিসার বা লোক আসবে ব'লে পরিন্দার ক'রে রাখা হয় অথচ নিচের ওয়ার্ড গর্লুলি এত কনজেন্টেড যে রোগী পালিয়ে আসতে বাধ্য হয় এবং সেইজন্যই বোধ হয় শোনা যায় য়ে, এই নীলরতন সরকার মেডিক্যাল কলেজ থেকে লোক উধাও হয়ে য়য় এবং কেউ কেউ আত্মহত্যা করে ঐ প্রকরে। আর একটা কথা এই ফ্ড সম্পর্কে ব'লে আমার বস্তব্য শেষ করব। সেদিন আমি ৯ তারিখে কিছ্ন পচা চাল দিয়েছিলাম খাদ্যমন্দ্রীর কাছে। তার তদন্ত করে জবাব দিয়েছেন

On an examination—of sample of rice received from you by the Inspection Branch of this Directorate it however appears that the rice was not unfit for human consumption.

তা হ'লে ও'রা বলতে চাচ্ছেন আনফিট চাল হচ্ছে ফিট ফর হিউম্যান কনজান্পশন, পচা চালটাও মানুষের পক্ষে ভাল। আজকে আমরা দেখতে পাচ্ছি, রেশনের দোকানে এক সের চালে এক পোয়া কাঁকর। আপনি যদি দেখতে চান আপনার সামনে সে চাল এনে আমি উপস্থিত করতে পারি। কেন এই কাঁকর মিশান চাল আমাদের দেওয়া হয়। এইজন্য আমরা টাকা খরচ করছি, কোন এজেন্ট এইরকম করছে রেশন শপে এইভাবে কাঁকর মিশিয়ে ওজন বাড়াচ্ছে, একে তো পচা চাল খাওয়ান হচ্ছে তার উপর আবার ওজন ব্লিধ ক'রে সেখানেও ম্নাফা করা হচ্ছে। এই দ্নশীতি রোধ করার জন্য মাননীয় খাদ্যমন্ত্রী কি প্রতিকার করছেন আমি তা জানতে চাই। আজকে যারা এই চালের মধ্যে কাঁকর মিশাচ্ছে তাদের শাস্তি দেওয়ার বাবস্থা করা হোক।

[11-20-11-30 a.m.]

Sj. Manoranjan Sen Cupta:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, অ্যাপ্রোপ্রিয়েশন বিলএর আলোচনা সম্পর্কে বাজেট আলোচনার या वर्ताष्ट्रलाम स्मरे ছा<u>तर</u>ाज्या मन्दान्य मतकारतत नृष्टि आकर्षण कत्रत् हारे। वाश्ना-দেশের ছাত্রদের স্বাস্থ্য যে খুব খারাপ সেটা বোধ হয় সর্ববাদীসম্মত এবং এই ছাত্ররাই আমাদের দেশের ভবিষাৎ ন গরিক কিন্তু দঃখের বিষয় এই বাজেট আলোচনা করে দেখেছি ছার্নের জন্য কোন হেল্থ সাভিসেসএর ব্যবস্থা গভর্নমেন্ট থেকে বা সরকার থেকে করা হয় নি। শিক্ষামূল্যী মহাশ্য় যখন জবাব দিয়েছিলেন তখন তিনি বলেছিলেন যে, এটা তিনি শিক্ষাবিভাগের কাজ ব'লে তিনি মনে করেন না। শিক্ষামন্ত্রী মহাশয় তাঁর নিজের ইনফ্লারেন্স নিয়ে স্বাস্থামন্ত্রী মহাশয়ের দূষ্টি এ বিষয়ে আকর্ষণ করলে তখন তিনি ব্যবস্থা করবেন ব'লে মনে করি। আমার মনে হয় শিক্ষামন্ত্রী মহাশয় এ পর্যন্ত কোন ব্যবস্থা করতে পারেন নি। আজকে যারা ছাত্র আছে ভবিষ্যতে তাদের হাতে একদিন দেশের দায়িত্ব নাসত হবে কাজেই তারা যদি স**ুস্থ** সবল স্কুদ্র শরীর নিয়ে মানুষ হ'তে না পারে তা হ'লে তারা ভবিষ্যতে কাজ স্কুসম্পন্ন করতে পারবে না। আমরা জানি মেনস সানা ইন কর্পস সানো কিল্ডু সে বিষয়ে আফাদের যারা কর্তৃপক্ষ তারা সম্পূর্ণভাবে উদাসীন। এটা কোন দলগত প্রশ্ন নয়। যারা কংগ্রেসী মেন্বার আছেন বা অ-কংগ্রেসী মেম্বার আছেন তাঁরা সকলেই আঞ্জকে এটা ভোগ করছেন। **একেই** বাংলাদেশের জলবায়, থার খারাপ, ভারতবর্ষের সকল প্রদেশের চেয়ে বাংলাদেশের জলবার, খারাপ এবং শুধু তাই নয় এই প্রদেশে খাদ্যদ্রব্যে ভেজাল এত বেশি যে, তার জন্য ছান্তদের স্বাস্থ্য বিনষ্ট হয়ে পড়েছে। এ বিষয়ে সরকার যদি একটা ব্যবস্থা করেন, সরকার থেকে স্কীম নিষ্কে

স্টেষ্ট হেল্থ সাভিস্সেএর ব্যবস্থা করেন, সরক,রী ব্যয়ে চিকিৎসক থাকে এবং দাঁতের চিকিৎসা এবং অন্যান্য ব্যাপারে তাদের চিকিৎসার জন্য হেল্থ ডিপার্টমেন্ট থেকে ব্যবস্থা করেন তো ভাল হয়। যেসমুহত দেশের জলবায়, খুব ভাল সেসব দেশেও ছার্নের একটা হোল মিল দেবার ব্যবস্থা আছে, টিফিনএর ব্যবস্থা আছে, ক্যান্টিনএর ব্যবস্থা, নানারকম ব্যবস্থা আছে অথচ আমাদের ছাত্রদের জন্য এ বিষয়ে কিছু, করার জন্য আজ পর্যশ্তি সরকারের দুন্টি আকর্ষণ করতে পারি নি। আমি অনেকবার আল্লোচনা ক'রে এসেছি, প্রনরায় শিক্ষামন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রী, উভয়েই আছেন এবং তাঁদের দূণ্টি আকর্ষণ কর্রাছ য তে অন্তিবিলন্দে বাবস্থা হয়। দু-একটি হাসপাতাল হয়েছে যেটা বর্তমানে বেসরকারী প্রচেন্টায় হয়েছে সেটা বিশেষ কিছু নয় এবং তার জন্য আমি আশা করব যে, হেলথ সাভিসেস ডিপার্টমেন্ট, সরকার থেকে ছার্ট্রের স্বাস্থা পরীক্ষা ক'রে ঔষধ এবং পথ্য দেবার ব্যবস্থা করার দরকার। এ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশেরের দূল্টি আকর্ষণ কর্রছ—তিনি একজন বিখ্যাত চিকিৎসক। আশা করি এই অত্যন্ত প্রয়োজনীয় ব্যাপারে তাঁর মনোযোগ আরুট হবে এবং তিনি উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন। আমি আর একটি কথা বলতে চাই যে, ডি পি আই-এর পোস্টে আজকাল যিনি শিক্ষাসচিব আছেন তিনিই আবার ডি পি আই। তার ফলে শিক্ষাবিভাগের কার্যপরিচালনায় বিশুভখলা দেখা দিয়েছে। তার ফলে শিক্ষক মহলে. ছাত্র মহলে, অভিভাবক মহলে একটা অসন্তোষের ভাব রয়েছে, অভিযোগের ভাবও রয়েছে। যেখানে সাড়ে তিন হাজার চার হাজার মাধামিক বিদ্যালয় রয়েছে. প্রার্থামক বিদ্যালয় রয়েছে ২৫ হাজার, এবং শিক্ষকের সংখ্যা ৭০ হাজার, সেখানে ডি পি আইএর পদ বছরের পর বছর খালি রাখায় যে অবস্থা করা হয়েছে তার প্রতি মন্দ্রিমহাশ্যের দ্ভিট আকর্ষণ করছি। আজকে শিক্ষাবিভ গে প্রশ্নীভূত অভাব অভিযোগ রয়েছে, আমি তাই চাই শিক্ষামন্ত্রী মহাশয় এ বিষয়ে অবহিত হউন।

[Here the member having reached his time-limit resumed his seat.]

Dr. Janaki Ballabha Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই অ্যাপ্রোপ্রিয়েশন বিল আমাদের সামনে উপস্থাপিত করা হয়েছে। যেরকম সময় সংক্ষেপে বাবন্থা করেছেন তাতে মনে হচ্ছে জনকল্যাণ এইভাবেই গিলোটিন্ড হচ্ছে। আজকে আমাদের অভাব-অভিযোগগর্নাল যদি মন্ট্রিমহাশয়েরা মনোযোগ দিয়ে না শোনেন তা হ'লে তারা কি ক'রে দেশের স্বার্থের' দিকে মনোযোগী হ'তে পারবেন? সেইজন্য আমি অন্য বিষয়ের কথা না ব'লে শ্ব্দু আমার অণ্ডলে যে অস্ক্বিধা দেখছি এবং যেদিকেই তাকাই দেখতে পাই সরকারের উদাসীন্য, সেই উদাসীন্যের কথাই আমি বিশেষ ক'রে বলতে চাই।

আমি দেখেছি পর্নলস খাতে খরচ বৃদ্ধি করা হচ্ছে। কিন্তু জগদল অণ্ডলে আমি জানি যেখানে মদ চোলাই বেশ চলেছে, সেখানকার যাঁরা প্রনিস অফিসার থাকেন তাঁরা বেনামীতে কলিকাতা প্রভৃতি শহরে বড় বড় বাড়ি তৈরি করেন। তাঁদের বির্দেধ কোন স্টেপ নেওয়া হয় না। স্তরাং এই ধরনের পর্নলস নিয়ে কি কাজ হয় তা সকলেই জানেন। সে অণ্ডলে যখন কেন লোকের বাড়িতে চুরি হয় তখন পর্নলসকে ডাকলে পাওয়া য়য় না। মার্ডার হ'লে অপরাধীদের খ'লে বার করা হয় না। তা হ'লে এই সমস্ত প্রলিস থাকবার প্রয়োজন কি? আমরা জনসাধারণ যদি সব কিছ্ই বিশ্বাস করতে পারতাম তা হ'লে এই সব অপরাধ প্রতিরোধ করার জন্য আমদের পয়সা খরচ হ'ত না।

দ্বিতীয় কথা, মুখ্যমন্ত্রী মহাশয় আমাকে বললেন, গ্রামাণ্ডলে আমরা জলসরবরাহের ব্যবস্থা করেছি, পৌরসভা অণ্ডলের দিকে দেখবার তত প্রয়োজন নাই। কিন্তু আমি বলছি গণ্গার ধারে বেসমন্ত পৌরসভা রয়েছে সেই গণ্গার জল যে দ্বিত হচ্ছে—মিলের ময়লা প্রতাহ বার বার ফেলা হচ্ছে এবং সেঞ্চানকার মল গণ্গায় ফেলা হচ্ছে, তেল ফেলা হচ্ছে—এইভাবে সেই জলকে বে দ্বিত করা হচ্ছে, সেই জলকে পরিন্দার রাখার জন্য সরকার কি ব্যবস্থা করেছেন? এই কথা আমি জিপ্তাসা করিছি স্যার, আপনার মাধামে। আজ পৌরসভায় যে পানীয় জল নাই সেকথা সকলেই জানেন। এই পানীয় জল থেকে কাউকে বণিত করতে কোন রাখ্রই পারেন না। এর অগ্রাধিকার সকলকেই দিতে হবে। যেসমন্ত পৌরসভার জল নাই—আমরা দেখেছি বাজেটের মধ্যে সেসমন্ত জারগার জন্য কোনু টাকার ব্যবস্থা এই বাজেটে নাই। সেইজন্য বলছি প্রিজনের

খাতে টাকার বরান্দ প্রনির্ববেচনা ক'রে সেই খাতের কিছু টাকা এইদিকে দেবার ব্যবস্থা কর্ন।
তৃতীয় কথা, আমরা কি চিরকাল ধান্য বিদেশ থেকে কিনে আমাদের খাদ্যের ব্যবস্থা করব?
খাদ্য বাড়াতে গেলে যা দরকার—সে জিনিস কি! এই যে এগ্রিক লচার বিভাগ করা হয়েছে এবং এগ্রিকালচার শিক্ষা দেওয়া হচ্ছে, তাঁদের মধ্যে কজন ট্রাক্টর নিয়ে বৈজ্ঞানিক উপায়ে চাষের কাজ করছেন? যাঁরা ডিগ্রি পাচেছন, তাঁরাও সবাই চাকরি করছেন।

[11-30—11-40 a.m.]

সরকার যেখানে তাঁদের চাকরির ব্যবস্থা করেছেন সেখানেই তাঁরা ছোট ছোট জমিতে নানা সনুযোগস্থাবিধা পেয়ে দেখাচ্ছেন যে, ভাল করৈ চাষ করা যায়। কিন্তু প্রথমে দেখা দরকার যে, খণ্ড খণ্ড জমিগ্র্লি এক করে ট্রাক্টর চলান কি করে যায় এবং তার জন্য যে দমবায় প্রথায় প্রয়োজন সেদিকে সরকার কি করছেন? সেটা যতক্ষণ না হবে, ট্রাক্টর যতক্ষণ না চলবে এবং ভাল বাঁজ যতক্ষণ না দেওয়া হবে, ততক্ষণ পর্যন্ত এদেশে উৎপাদন বৃদ্ধি হবে না এবং দেশ শস্যে স্বয়ংসম্পূর্ণ হ'তে পারবে না। আজ রেশনের দোকানে স্থারফাইন চাল ব'লে কোর্স চাল দেওয়া হচ্ছে অথচ দাম নেওয়া হচ্ছে স্থারফাইন চালের। আমি নম্না দিতে পারি বাদ চান। এটা কি গভর্নমেন্ট করছেন? এই যে প্রফিটিয়ারিং চলছে তার জন্য কে দায়ী? তার কি প্রতিকার করা হচ্ছে? আজকে মণপ্রতি পাঁচ সের করে কাঁকর মিশিয়ে দেওয়া হচ্ছে কিনা জিন্তাসা করি। প্রত্যেক গ্রাসে কাঁকর পাই। এজন্য আমি বলছি এর প্রতিবিধান করবার চেন্টা কর্ন। রেশন হ'লেই কি এইরকম কাঁকর দেওয়া হবে? এ বিষয়ে অধ্যক্ষ মহাশয়! আপনার মাধ্যমে ও'দের দৃণ্টি আকর্ষণ করছি। এর জন্য শাস্তি ভোগ করা উচিত।

তারপর মেডিকেল কলেজে যে নতুন সিস্টেম করা হয়েছে মুখ্যমন্ত্রী মহাশয় স্বীকার করেছেন আমরা ঢের বেশি রোগী নিচ্ছি। ওদিকে পার্টটাইম ডান্তার যাঁরা ছিলেন তাঁদের পোস্ট আ্যার্বালশ করেছেন। সে জায়গায় নিয়েছেন অলপ হোলটাইম ডান্তার। তার ফলে রোগাঁর সংখ্যা বেড়েছে এবং হোলটাইম ডান্তারের সংখ্যা কমেছে। স্কুতরাং রোগাঁর যে কিরকম স্কুচিকিৎসার ব্যবস্থা করেছেন তা কল্পনাই করতে পারেন। স্কুতরাং আজকে যদি বলেন আমরা ঢের উন্নতি করেছি তা হ'লে সেটা সম্পূর্ণ অযৌত্তিক করেছি তা হ'লে সেটা সম্পূর্ণ অযৌত্তিক করেছি তা হ'লে সেটা সম্পূর্ণ অযৌত্তিক করেছি

আর একটা কথা। শ্রমিক অণ্ডলে হাসপাতালের কোন ব্যবস্থা হয় নি। সেথানে সবচেয়ে কনজেসশন বেশি এবং সেথানে রোগীর সংখ্যাও বেশি। কারণ তারা খারাপ জায়গায় থাকে। এমনকি তাদের ওখানে কোন চেস্ট ক্লিনিকএর ব্যবস্থা পর্যন্ত করা হয় নি। সেদিকে সরকারের প্রনির্বিচনা করতে বলছি।

Si. Sachındra Nath Misra:

মাননীয় পরিষদপাল মহাশয়! এই অ্যাপ্রোপ্রিয়েশন বিল সম্বন্ধে কোন মতভেদের বা কোন প্রতিবাদ করার কারণ দেখি না। যে ব'জেটের পরে এই অ্যাপ্রোপ্রিয়েশন বিল সেই বাজেটকে আমরা অনুমোদন করেছি। বাজেটে নানারকম জনকল্যাণমূলক পরিকল্পনা আছে। র্যদি এইসমুহত পরিকল্পনা সাফলামণ্ডিত ক'রে তুলতে পারি তা হ'লে জনসাধারণের আয়ের মানও বৃদ্ধি পাবে। দেখা গেছে জনসাধারণের আয়ের মান বৃদ্ধি না হ'লে কোন ব্যক্তির বা প্রতিষ্ঠানের বা কোন সম্প্রদায়ের আয়ের মান বৃদ্ধি হ'তে পারে ন!। আমি শিক্ষক প্রতিনিধি-দের বলব যে, শিক্ষকদের আয়ের মান বৃদ্ধি করতে হ'লে জনসাধারণেরও সর্বপ্রকার আয়ের মান বৃদ্ধি করা প্রয়োজন। চাকুরে বা চিকিৎসক সকলকেই দেখতে হবে যাতে জনসাধারণের আয়ের মান বৃদ্ধি করতে হ'লে প্রথমত কৃষির দিকে দৃদ্টি দিতে হবে, ফসল বৃদ্ধির ব্যবস্থা করতে হবে এবং তার যে প্রধান অণ্য জলসেচ—তারও বাবস্থা করা প্রয়োজন। জলসেচ অবশ্য বাংলার নানা জারগায় বহুপ্রকার হচ্ছে এবং সে সমস্যার সমাধানের যতটুকু বাকি আছে — সেট্রকুও হবে। আমি উত্তরবঙ্গের কথায় বলছি সেখানে জলসেচের ভয়ানক অভাব, যদিও কতকগ্নিলি শস্যের জমিতে নলক্পের ব্যবস্থা করা হচ্ছে কিন্তু তাতে উত্তরবঞ্চোর জলসেচ পরিকল্পনা কিছ,তেই সাফল্যমণ্ডিত হ'তে পারবে না। সেইজন্য প্রথমত আমি প্রতিনিধিদের বিবেচনা ক'রে দেখতে বলব যে, উইন্ড মিল দিয়ে জলসেচ পরিকল্পনা গ্রহণ করা যেতে পারে কিনা। এক্সপেরিমেণ্ট হিসাবে দুই একটা উইণ্ড মিল স্থাপন করে দেখার জন্য আমি প্রথমে সরকারকে অনুরোধ জানাব।

জলসেচের সপো পানীর জলের কথা কিছ্ব বলা দরকার। পানীয় জলের জন্য কিছ্ব কিছ্ব নলক্পের ব্যবস্থা করা হয়েছে—আমি অবশ্য অন্য জেলার কথা বলতে পারি না কিম্পু মালদহ জেলার করেকটা থানায় নলক্পের যে পম্পতি আছে সেই পম্পতির পরিবর্তন করা আবশ্যক। নলক্প স্থাপনের একটা পম্পতি হচ্ছে যে প্রতি ৪০০ জনের মাথাপিছ্ব একটা ক'রে নলক্প দেওরার ব্যবস্থা আছে। মালদহের গাজোর, হরিপ্র, ন্বাম্নগোলার কথা বলতে হয় যে, সেখানে ট্রাইবালদের বসবাস বেশি এবং সেখানে দ্রে দ্রে গ্রাম—প্রতি গ্রামে ১০ থেকে ২০ জন লোকের বাস। এইরকম যেখানে বাস সেখানে ৪০০ জনের মাথাপিছ্ব নলক্প স্থাপন করা মানে তাতে পানীয়ের কোন ব্যবস্থা হয় না। সেজন্য সেই জায়াগায় ১০০ জন ক'রে মাথাপিছ্ব জলসেচের ব্যবস্থার জন্য আমি অনুরোধ করব।

